বাস্তবিকই অনতিকালের মধ্যে, সনাতন দার্শনিক ভূমিটি রূপান্তরিত হলো অবিনাশী কাঠামোয় এবং তাঁরই অনুসৃত প্রয়াসে পরবর্তীকালে বিদ্যারণ্য স্বামী, মধুসূদন সরস্বতী, অপ্পয় দীক্ষিত, বাচস্পতি মিশ্র আদি আচার্যগণের মাধ্যমে সনাতন বৈদান্তিক প্রজ্ঞা ক্রমেই বিস্তারিত হয়েছিল উচ্চকোটির জিজ্ঞাসু-মণ্ডলীর মধ্যে। কিন্তু এই জ্ঞানপন্থা সমাজের সাধারণ স্তরগুলিতে বিশেষ প্রভাব সৃষ্টি করতে পারেনি। বরং বিভিন্ন মতাবলম্বী 'গোঁড়া' বাদীদের বিবাদে একটা জটিল অবাঞ্ছিত দশারই প্রাদুর্ভাব ঘটেছিল। বস্তুতঃ সংসারে তাপক্লিষ্ট সাধারণ চেতনার মুমুক্ষুগণের পক্ষে জ্ঞানমার্গে প্রত্যক্ষভাবে অগ্রসর হওয়া স্বভাবতঃই কঠিন হওয়ায় তাদের অধিকাংশই দিশাহারা চেতনায় বিভিন্ন সম্প্রদায়ের কবলে পড়ে হয়ে উঠেছিল দলাদলির শিকার। শুষ্ক ভাবনার পণ্ডিতেরাও স্ব-কপোলকল্পিত ব্যাখ্যায় ভারাক্রান্ত করে দিয়েছিলেন জ্ঞানশাস্ত্রগুলিকে। ফলে ধর্মের নামে অবান্তর আচার অনুষ্ঠান এবং জাত-পাতের ভেদভাব ও কলহ উগ্ররূপে সামাজিক গতিশীলতায়ও বাধা-বিপত্তির সৃষ্টি করতে লাগলো। সুযোগসন্ধানী পুরোহিতদের প্রভাব ও স্বার্থান্বেষী ভণ্ড ধর্ম-নেতাদের প্রতাপ অচিরেই বেড়ে উঠলো ভয়ানকভাবে।

শ্রীকৃষ্ণচৈতন্যদেব

আধ্যাত্মিক মূল্যবোধহীন, সাম্প্রদায়িকতা-মুখর, দ্বন্দ্বাকীর্ণ কুৎসিত এই দশার অপনোদনে অবতীর্ণ হলেন, আচার্য শঙ্করের সমকাল থেকে প্রায় পাঁচশ বছরের ব্যবধানে মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যদেব। তিনি নিজে তদানীন্তনকালের মহাজ্ঞানীরূপে স্বীকৃত তথা শঙ্করাচার্য প্রবর্তিত দশনামী ধারার অন্তর্ভুক্ত দণ্ডী সন্নাসী হয়েও দিগ্বিজয়ী পাণ্ডিত্যের আবরণ ছিন্ন করে সর্বজনীন হিতার্থে গ্রহণ করলেন সরল ভক্তিযোগের পথে লোকশিক্ষাদানের মহাব্রত। সামাজিক বিভেদের আবর্জনা মুক্ত করতে তিনি আর্ত, অর্থার্থী, জিজ্ঞাসু তথা আপামর জনগণকে ঐক্যবদ্ধ হয়ে গ্রহণ করতে আহ্বান করলেন, চিত্তকলুষহরণকারী ভগবদ্‌নামসংকীর্তনের সরল পথটি। বিশ্বাসনির্ভর সেই পথ বেয়ে জগদীশ্বরের সঙ্গে হৃদয়গত ভাবসম্পর্ক গড়ে তুলে শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য-মধুর রসের সাধনায় উচ্চ থেকে উচ্চতর ভূমিকায় চেতনার উত্তরণের আদর্শে, তিনি ডাক দিলেন সমগ্র ভারতবাসীকে, প্রকারান্তরে বিশ্ববাসীকে।

জ্ঞান ও ভক্তি

শ্রীমৎ শঙ্করাচার্য প্রচারিত অপ্রতিরোধ্য অতুলনীয় জ্ঞানযোগে প্রজ্ঞার তপস্যায় যে শক্তিব্রহ্মগত অদ্বৈতসিদ্ধি এবং মহাপ্রভু কৃষ্ণচৈতন্যদেব প্রদর্শিত মধুময় ভক্তিযোগে পঞ্চম পুরুষার্থ প্রেমের সাধনায় যে সাযুজ্যমিলন, এই দুটিতে তত্ত্বগত ব্যাখ্যানে যতোই তফাত থাক, বোধগত সিদ্ধান্তে কোনও ভেদ নেই। কিন্তু ইতিহাসের সাক্ষ্যে দেখা যায়, যুগ-প্রয়োজনে মহাগুরু লোকশিক্ষকগণের দিব্যজীবন-উৎসারিত বিশুদ্ধ বাণী ও উপদেশ দিক্‌দিগন্তে ছড়িয়ে পড়লেও প্রচারমুখী সাম্প্রদায়িক চেতনায় চালিত তথাকথিত অনুগামী ব্যক্তিদের আচরণে ভেদ-গ্লানির প্রকোপ সর্বদাই অল্পবিস্তর ক্রিয়াশীল থাকে। সেইভাবেই দেখা গেল শ্রীচৈতন্যদেবের রহস্যময় তিরোধানের কিছুকাল পরেই তাঁর পার্ষদ শ্রীনিত্যানন্দ, অদ্বৈতাচার্য, রূপ গোস্বামী, সনাতন গোস্বামী, তথা শ্রীজীব ও

কৃষ্ণদাস কবিরাজ আদি বৈষ্ণবাচার্যগণ এবং কৃষ্ণানন্দ আগমবাগীশ আদি শক্তিসাধক ও রাঘবেন্দ্র স্বামী প্রমুখ সামান্য সংখ্যক উন্নত চেতনার সাধক-সাধিকার প্রকাশ এবং কয়েকটি ধর্মীয় গ্রন্থের বিকাশ ছাড়া আধ্যাত্মিক ক্ষেত্রে কোনও প্রগতি লক্ষ্যণীয় রইল না। ক্রমেই ধর্ম হয়ে উঠলো বিভিন্ন দল গঠনের উপায় ও তর্ক-বাহাদুরীর বিষয়।

সাধনা

প্রাক-আধুনিক যুগীয় এই ধর্মীয় দুর্দশার প্রেক্ষিতেই যেন শাক্তযোগী রামপ্রসাদ আদি মাতৃসাধকের কণ্ঠে ধ্বনিত হলো,

'মন রে কৃষি কাজ জানো না। এমন মানব-জমিন রইল
পতিত, আবাদ করলে ফলতো সোনা ⋯।'

সমগ্রদেশে ত্যাগরাজ, কমলাকান্ত প্রমুখ অতি সামান্য সংখ্যক সঙ্গীতজ্ঞ যোগীভক্ত ব্যতীত উল্লেখযোগ্য কেউই দৃষ্ট হলেন না। 'কারে দাও মা ব্রহ্মপদ, কারে করো অধোকামী'—এই সঙ্গীত বাণীটি সর্বত্র 'অধোগামীদে'র প্রাবল্যে নতুন রূপ নিল।

সমাজ সংস্কার ও ধর্ম চেতনা

আধুনিক যুগের শুরুতে এই 'অধোগামী'দের সচেতন করতেই যেন ভারতের চারটি প্রদেশে প্রকাশিত হলেন চার মহাপ্রাণ শক্তিমান লোকশিক্ষক। তাঁরা হলেন দাক্ষিণাত্যের শৈবসাধক স্বামী রামলিঙ্গ, গুজরাটের বৈষ্ণবসাধক সহজানন্দ স্বামীনারায়ণ, পাঞ্জাবের আর্যসমাজ প্রতিষ্ঠাতা স্বামী দয়ানন্দ সরস্বতী ও বঙ্গের ব্রাহ্মসমাজের প্রবক্তা রাজর্ষি রামমোহন রায়।

অন্ধকারের আবহে

তদানীন্তন কালের কু-সংস্কারাচ্ছন্ন ধর্মীয় ও সামাজিক দশার মুখোমুখি দাঁড়িয়ে বিশেষভাবে মহাবলী রামমোহন প্রদর্শন করেছিলেন আধ্যাত্মিকতা কেন্দ্রিক মূল্যবোধে সমাজ সংস্কারে বাস্তবিকই 'জাতির জনকে'র দূরদর্শী ভূমিকা। যদিও 'মানব জমিনে'র জঞ্জাল পরিষ্করণেই তাঁর সক্রিয়তা এমনভাবে নিঃশেষিত হয়েছিল যে সেই 'জমিনে' সার-প্রদানের কর্মযজ্ঞে তিনি বহুমুখী উদ্যোগ নিতে পারেননি, কিন্তু তাঁর প্রেরণায় এবং কিয়দংশে পূর্বোক্ত তিন মহামনীষীর ধর্মাদর্শে 'বহুজনহিতায়' ভাবটির সংগ্রামী স্পন্দনে তথা তাঁদের ভিন্ন ভিন্ন ধারায় প্রদত্ত বলিষ্ঠ শিক্ষায়, সমাজের বিভিন্ন স্তরে, চেতনার উন্নতিকামী বহু মানুষের সমর্থনে বিভিন্ন স্থানে বেশ কিছু প্রগতিশীল কর্মের সূচনা অবশ্যই ঘটলো। কিন্তু সর্বজনীন ঐক্য বা সমন্বয়বাহী কোনও উত্তরণসূত্র প্রকাশিত হয়নি। ফলে শুধু আধ্যাত্মিক ক্ষেত্রেই নয়, সামাজিক ক্ষেত্রেও ধর্মের নামে বহু ভ্রান্তি তখনও রয়েই গেলো এবং প্রকৃত আগ্রহী মানুষের ধর্ম-বিশ্বাসেও বহুরকম সংশয় প্রবেশ করলো। এমনই এক ঘোর তমসাচ্ছন্ন দুর্দিনে আবির্ভূত হলেন পরমহংস শ্রীরামকৃষ্ণদেব।

শ্রী রামকৃষ্ণদেব

গতানুগতিক শিক্ষার অতীতভূমিতে নিত্য-বিচরণকারী, অসামান্য আধ্যাত্মিক মনীষার শুদ্ধসত্ত্ববিগ্রহ, 'গ্রামের মানুষ' শ্রীরামকৃষ্ণের মধ্য দিয়ে শুধু শত-সহস্র নগর অধ্যুষিত ভারতবর্ষই নয়, সমগ্র জগৎ লাভ করলো এক অতুলনীয় দক্ষিণামূর্তি মহাপ্রকাশ। অখণ্ড মানবধর্মের লোকশিক্ষকরূপে তিনি কোনও শাস্ত্রবচনে নির্ভর করলেন না। সম্পূর্ণতঃ সহজাত 'ভাবাতীত' পরম উপলব্ধির আলোকে তথা বিশ্বধর্মের বিভিন্ন মত-পথকে শ্রবণের মাধ্যমে আপন সাধন-পরিক্রমায় বরণ করে নিয়ে তিনি নতুনভাবে শোনালেন সনাতন ধর্ম-দর্শনের চিরন্তন বার্তা,—ভগবান সত্য, পরম সত্য; তিনিই ব্রহ্ম, তিনিই শক্তি, অখণ্ড ব্যাপ্তিস্বরূপ সত্তা; নির্গুণ, সগুণ সবই সেই অদ্বিতীয় একেরই দ্বিমাত্রিক বিশেষণমাত্র। তিনি 'মানুষ'কে বললেন, তার 'মান-হুঁশ' হোক; নিখিল মানব-সমাজকে বললেন 'তোমাদের চৈতন্য হোক'; সাবলীল লোক-ভাষায় শোনালেন অদ্বৈতবোধক নিত্যলীলার শক্তিব্রহ্ম-বিদ্যা। তিনি জ্ঞান, ধ্যান, শক্তি, ভক্তি ও কর্মযোগের কোনও একটিকে প্রধান রূপে প্রদর্শিত না করে প্রতিটি যোগপথকেই অখণ্ডযোগের বিভিন্ন ধারারূপে মান্য করে প্রতিটিকে নিয়েই অনুপম ভাবে উপমাযোগে উপদেশ দিলেন।

সনাতন ধর্মের পঞ্চযোগপথের মুক্তি-উদ্দীপক সূত্রগ্রন্থগুলি যেন নতুন স্পন্দনে নিজেরাই মুক্তি পেল এই মহত্তম লোকগুরুর বাণী-সাগর "কথামৃতে"। জ্ঞানপথের জিজ্ঞাসুকে তিনি বললেন, অন্তর্মুখী হয়ে নিত্যানিত্য বিচারে অদ্বৈত স্বরূপানুসন্ধানের কথা; ভক্তিমার্গীকে শেখালেন শান্ত-দাস্য-সন্তান আদি দ্বৈতভাবকে আশ্রয় করে অনুরাগের পথে অহং-নিবেদনে অভেদে সাযুজ্যমিলনের কথা; কর্মযোগীর জন্য তুলে ধরলেন 'শিবজ্ঞানে জীবনসেবা'র অমোঘ বাণী; ধ্যান-তপস্বীর প্রতি দিলেন তাঁর উপদেশ—'ধ্যান করবে মনে, কোণে ও বনে'; আর শক্তিসাধকের কাছে তিনি উন্মোচিত করলেন, কুণ্ডলিনী জাগরণের অভিনব বিবরণ ও পন্থা। তাই পরমহংসদেবকে বিশেষ কোন একটি যোগপথের প্রবক্তা বলা যায় না। বাস্তবিকই তিনি ছিলেন সর্ব যোগপথের মূর্তিমান প্রকাশ। শ্রীমৎ শঙ্করাচার্যের অদ্বৈতবাদ, শ্রীকৃষ্ণচৈতন্যদেবের অচিন্ত্য-ভেদাভেদবাদ, মীরাবাঈয়ের স্বগতভেদে প্রেমাভিব্যক্তিবাদ, অভিনবগুপ্তের অদ্বয়-শিবশক্তিবাদ, কবীরের নিরাকারবাদ তাঁর ভাবাতীত উপলব্ধিতে সঞ্জীবিত হয়ে, অমৃত-কথার স্তরে স্তরে নতুন ভাবে ও ভাষায় বিতরিত হলো জিজ্ঞাসু যোগী জনমানসে। উপরন্তু সংসারবদ্ধ মানুষের চেতনার উন্নতিকল্পে তিনি বিতরণ করলেন অমূল্য উপদেশ-নির্দেশ, যা পূর্ববর্তী কোন লোকশিক্ষকই এমন বিস্তারিতভাবে বলে যাননি।

শ্রীরামকৃষ্ণদেব যে অভিনব ব্যঞ্জনায় শিক্ষা দিলেন তা কোনও বিশেষ একটি ধর্মমতের সীমানায় শ্রেণীভুক্ত করা যায় না। সকল ধর্মমতের মধ্যে যে অন্তর্লীন ঐকতান স্পন্দিত, স্বানুভূতির বোধে সেইটিকেই তিনি বিশ্বমঙ্গলে প্রবাহিত করলেন। সর্বধর্মের সকল পথই যে সনিষ্ঠ সাধনার মাধ্যমে শরণাগত মুমুক্ষুকে পূর্ণসিদ্ধির লক্ষ্যে পৌঁছে দিতে পারে, প্রত্যক্ষ অভিজ্ঞতা-সঞ্জাত প্রজ্ঞায় এইটি সবিস্তারে ঘোষণার জন্যই ঠাকুর শ্রীরামকৃষ্ণ দিব্য-পথপ্রদর্শক রূপে বরণীয়। বস্তুতঃ তাঁর সরল উপদেশ-বৈচিত্রে সর্বশ্রেণীর নর-নারী সন্ধান পেলেন শ্রেয়ের পথে অন্তর্মুখী সাধনায় সুদৃঢ় প্রত্যয় আর, প্রেয়ের পথে তার বহির্মুখী আভ্যুদয়িক প্রয়োগে বহুমাত্রিক নির্দেশনা।

শ্রীশ্রীমা সারদামণি

অচিরে যুগমানব রূপে বন্দিত হলেন মহাসাধক শ্রীরামকৃষ্ণ। তাঁর সহধর্মিণী, আপামর বিশ্বজনের স্নেহদাত্রী শ্রীশ্রীমা সারদামণি দেবীর পবিত্র সহযোগে প্রেরণাশ্রয়ে গড়ে ওঠা যোগী ভক্ত-সন্তানগণের লোকসেবার সাধনার বিশ্বব্যাপী প্রসারে, শ্রীশ্রীঠাকুর ও শ্রীশ্রীমায়ের জীবনবাণীকে কেন্দ্র করে ক্রমশঃ ছড়িয়ে পড়লো অধ্যাত্মধর্মের সনাতন শ্বাশ্বত বাণী।

শ্রীরামকৃষ্ণ পার্ষদগণ

শ্রীরামকৃষ্ণ-পার্ষদ ও অনুগামীগণ—যেমন, গৃহীতপস্বী শ্রীমহেন্দ্রনাথ গুপ্তের

লেখনীর মাধ্যমে সেই গুরুমুখী অমৃতবাণী সত্যানুসন্ধিৎসু সকলের কাছে জাগ্রত করলো অখণ্ডযোগের অভিনব আদর্শ; স্বামী ব্রহ্মানন্দের মাধ্যমে গড়ে তুললো আধ্যাত্মিক শিক্ষার প্রতিষ্ঠা ও বিকাশে আধিভৌতিক অনুশাসনের পরাকাষ্ঠা; স্বামী অভেদানন্দের মাধ্যমে উৎসারিত করলো প্রাচ্য ও পাশ্চাত্ত্যে আধ্যাত্মিক জীবনাবগাহনে সর্বধর্মের শিক্ষাকেন্দ্রিক সংস্কারমুক্ত ব্যঞ্জনা; সন্ন্যাসিনী গৌরীমাতার মাধ্যমে ধর্মীয় শিক্ষা নারীজাতির অনুন্নত ক্ষেত্রগুলিতে নিয়ে এলো সার্বিক শিক্ষামূলক উন্নয়নের মহোৎসাহ। সর্বোপরি স্বামী বিবেকানন্দের সহজাত জগন্মঙ্গল-সংস্কার ও মৌলিক প্রযুক্তি ভাবনার সংযোগে শ্রীরামকৃষ্ণদেবের শিক্ষা সর্বজনীন কল্যাণে সর্বস্তরের মানুষের জন্য প্রসারিত হলো গভীর ও বিপুল মাত্রায় । শ্রীরামকৃষ্ণদেবের 'যত মত তত পথ' বাণীর আদর্শে দিব্য স্পন্দন প্রবাহিত হলো দেশ ও জাতির সীমানা ছাড়িয়ে দিকে দিকে।

পুনর্জাগরণ

প্রায় সমসাময়িক কালেই পঞ্চ যোগের প্রতিটি সাধনপথ ধরেও কতিপয় বরেণ্য আচার্যের আবির্ভাব ঘটলো এই ভারতভূমিতে, যাঁদের তপস্যালোকে প্রতিটি যোগপথ পুনঃ প্রতিষ্ঠিত হলো নিজস্ব মহিমায় । ধারাবাহিকতার নিরিখে তাঁদের সম্পর্কে অনুধ্যান অতি সংক্ষেপে হলেও অবশ্য প্রয়োজনীয়।

জ্ঞানযোগ ও মহর্ষি রমণ

'জ্ঞানযোগে'র সাধনায় একান্তভাবে আপন উপলব্ধির আলোকে বেদান্তের বাণীকে নতুন ভাবে উপস্থাপিত করলেন মহর্ষি রমণ । নিত্য 'প্রজ্ঞা'র লক্ষ্যে তাঁর আত্মস্বরূপ অনুসন্ধানী অন্তর্মুখী বিচারপন্থা সনাতন ধর্ম-দর্শনের পরিসরে সংযোজিত করলো এক বজ্রগম্ভীর মাত্রা, উন্মোচিত করলো বুদ্ধি-আশ্রয়ী অথচ হৃদয়গ্রাহী নবদিগন্ত । তিনি মৌলিক আত্মচৈতন্যে জাগৃতিকেই প্রধান লক্ষ্যরূপে রেখে সাধকের জীবনবোধে পূর্ণতালাভের পথটি দেখালেন । তাঁর রচিত গ্রন্থগুলির মতোই, জিজ্ঞাসুগণের সঙ্গে কথোপকথনের অসামান্য সংগ্রহগুলি অদ্বয় ব্রহ্মস্বরূপ আত্মতত্ত্ব উপলব্ধির পথে শ্রদ্ধাবান সাধকগণের মনন সহায়করূপে চির-বরণীয়।

ধ্যানযোগ ও তৈলঙ্গ স্বামী

'ধ্যানযোগে'র তপস্যায় চিত্তবৃত্তি-নিরোধের চরম দশার মূর্তিমান প্রকাশরূপে ভারতীয় আধ্যাত্মগগনে বিরাজিত হলেন শ্রীতৈলঙ্গ স্বামী । তিনি ঐশ্বর্য, লোক-প্রতিষ্ঠা ও নাম-যশকে হেলায় সরিয়ে দৈবী নির্ভরতার অসামান্য উদাহরণ দেখিয়েছেন আজীবন । স্বয়ং শ্রীরামকৃষ্ণদেব কর্তৃক 'সচল বিশ্বনাথ' রূপে পরিচায়িত এই মহাবৈরাগীর সংকলিত 'উপনিষদ-সমূহের বাণী' ও রচিত 'তত্ত্বোপদেশ' গ্রন্থ বিশেষভাবে বৈরাগ্যপ্রবণ সাধকের জীবনে যথাযোগ্য প্রত্যাহার-ধারণা-ধ্যানের মধ্য দিয়ে নিত্য 'স্বস্তি'র লক্ষ্যে অন্তর্যোগে অগ্রসর হওয়ার মহামূল্য আকর-স্বরূপ।

শক্তিযোগ ও বামা ক্ষ্যাপা

'শক্তিযোগে'র আরাধনায় সম্পৃক্ত মহাযোগী বামা ক্ষ্যাপার শিক্ষায় অভিব্যক্ত হলো বহির্মুখী সুখভোগবদ্ধ নরনারীর অন্তঃকরণে নিত্য 'ছন্দ'বোধে জাগরণের জন্য প্রাণের সংযমে আসক্তিশূন্য হওয়ার তান্ত্রিক পথনির্দেশ। তিনি সমস্ত বৈভব ও আড়ম্বরকে অগ্রাহ্য করে তথা অসার আভিজাত্যবোধকে চিরবর্জন করে কৃষক শ্রমিক আদি সকলের কাছে সমভাবে ধরা দিয়েছেন। তাঁর রচিত কোন গ্রন্থ না থাকলেও বিভিন্ন জিজ্ঞাসুর সঙ্গে শক্তিব্রহ্মতত্ত্ব ও সাধনা প্রসঙ্গে তাঁর কথোপকথনে আলোচিত উপদেশের সূক্ষ্ম দিগদর্শনে উপকৃত হতে পারে দেহাত্মবোধে বদ্ধ সর্বস্তরের মুমুক্ষু নরনারী।

ভক্তিযোগ ও রাম ঠাকুর

'ভক্তিযোগে'র অর্চনায় শান্ত-দাস্য-সখ্য আদি ভাবরসে নাম-সঙ্কীর্তন ও শরণাগতির মহান পন্থা অসাম্প্রদায়িক মাত্রায় প্রদর্শন করলেন শ্রীরাম ঠাকুর। আজীবন অতি সাধারণের মতো বিলাসবিহীন জীবনযাপন করেছেন এই অনন্যসাধারণ মহামানব। বিশেষভাবে অনুরাগপ্রবণ জীবচিত্তে সকাম থেকে নিষ্কাম হৃদয়বোধে নির্মোহ 'প্রেমে'র উদ্বোধনে অন্তর্মুখী পথ-নির্দেশে ভক্তজনকে লিখিত তাঁর পত্রসমূহের সঙ্কলন 'বেদবাণী' মুমুক্ষু নর-নারীর পক্ষে অতুলনীয় পাথেয় স্বরূপ।

কর্মযোগ ও স্বামী বিবেকানন্দ

'কর্মযোগের' নবপ্রবক্তারূপে এলেন স্বামী বিবেকানন্দ। অন্যান্য যোগপথে উৎসাহ দিলেও 'সপ্তর্ষির ঋষি' স্বামীজীর লোকশিক্ষায় 'বনের বেদান্তকে ঘরে আনার' অর্থাৎ মানবজীবনের সমস্ত কর্মকেই আধ্যাত্মিক ভিত্তিতে নিত্য 'মঙ্গলে'র লক্ষ্যে ও আদর্শে উপাসনায় রূপান্তরিত করার অপ্রতিরোধ্য পন্থা উদ্‌ঘাটিত হলো । তাঁর বিপুলায়তন বক্তৃতা ও রচনাবলীর মাধ্যমে বিশ্বের মানবসমাজ প্রত্যক্ষ সন্ধান পেল সনাতন মূল্যবোধের প্রেরণালোকে প্রকৃত 'মানুষ' হয়ে ওঠার দিব্যমুখী নির্দেশ ও পাথেয় । সমাজ-নীতি, অর্থ ও চাহিদাবদ্ধ বহির্মুখী ব্যবহারিক জীবনেও যাতে অহংবদ্ধ মানুষ বিবেকবোধে বলীয়ান ও শুভোদ্যমে সক্রিয় হয়ে অতঃপর অহং-অতীত চেতনায় জাগৃতির অন্তর্মুখী পথে প্রবেশের যথাযোগ্য আধারে রূপান্তরিত হতে পারে, সেই দিকে স্বামীজী বিশেষভাবে নজর করলেন। তাঁর মতে বহির্মুখী ব্যবহারিক জীবনে সুস্থচেতনার উত্তরণপ্রয়াসী মানুষই দিব্যচেতনায় জাগ্রত হওয়ার অধিকারী। তাঁর মতাদর্শে বলা যায়, উন্নত চেতনার ভালো 'মানুষ' না হলে যোগজীবনে উত্তরণ সম্ভব নয়। তাই তিনি আগে মানুষকে 'মানুষ' করতে চাইলেন এবং কর্মযোগকে শুধু মোক্ষপ্রাপ্তির জন্যই নয় মনুষ্যত্বের নৈতিক মূল্যবোধে জাগ্রত করার জন্যও চেতনার ক্রমবিকাশে প্রযুক্তির পথ হিসেবে নির্দেশিত করলেন। এখানেই স্বামীজী অনন্য কর্মযোগ প্রবক্তা মানবহিতৈষী মহামনীষীরূপে বরণীয় আচার্য।

পূর্ণযোগ ও শ্রীঅরবিন্দ

অতঃপর প্রচলিত যোগসমূহের মধ্যে বিশেষভাবে জ্ঞান, কর্ম ও ভক্তির সমন্বয়ে পূর্ণযোগের আবাহনে, তথা আধ্যাত্মিক বিবর্তনের প্রবক্তারূপে সমুপস্থিত হলেন বিপ্লবীযোগী শ্রীঅরবিন্দ। বেদ-উপনিষদ-গীতা ও তন্ত্রের তত্ত্বালোকে তিনি বিজ্ঞানমনস্ক আধুনিক মানুষকে শোনালেন চৈত্তিক ক্রমবিকাশে জীব-বোধকে 'অতিমানসে' রূপান্তরিত করার ঐশী বাণী ও অনিত্য জগৎপ্রবাহের মাঝে নিত্য 'প্রগতি'র সুনির্দিষ্ট বার্তা । শুধুমাত্র 'নিঃশ্রেয়সে'র সাধনাই নয়, স্বামীজীর আদর্শের অনুসরণে সেই সাধন-লব্ধ আধ্যাত্মিক ঐশ্বর্যে জাগতিক বা আধিভৌতিক অভ্যুদয়ে সক্রিয় হওয়ার জন্যও তিনি যোগান্বেষী নর-নারীকে উৎসাহিত করলেন। অহংবদ্ধ মননশীল মানুষের জীবনযাত্রাকে রূপান্তরিত করে বিশ্বসমাজে দিব্যজীবনের প্রতিষ্ঠায় কার্যকরীরূপে তাঁর বিশাল রচনাবলী অনুপম ভাণ্ডারস্বরূপ।

বস্তুতঃ চেতনার ক্রমবিকাশের লক্ষ্যে রাজর্ষি রামমোহন সনাতন ধর্মীয় ক্ষেত্র ও পথটিকে কু-সংস্কার দূরীকরণের মধ্য দিয়ে কাঁকর ও জঞ্জালমুক্ত করতে বড় রকমের ঝাকুনি দিয়েছিলেন; শ্রীরামকৃষ্ণদেবের শিক্ষাদর্শে

স্বামী বিবেকানন্দ সেই পথটিকে প্রশস্ত করেছিলেন এবং শ্রীঅরবিন্দ সেই পথটিকে সর্বতোভাবে সুগম করার প্রয়াস করেছিলেন।

অখণ্ডযোগ ও মা আনন্দময়ী

বিংশ শতাব্দীর মধ্যাহ্নে অখণ্ডযোগে সহজাত মুক্তচেতনার সরল প্রকাশে প্রকটিতা হলেন লোকমাতৃকা আনন্দময়ী । শুধু স্বানুভূত যোগ-বাণী প্রকাশেই নয়, ব্যবহারিক জীবনের দিব্যায়নেও তিনি সর্বস্তরের মুমুক্ষু নর-নারীর চেতনায় অখণ্ড যোগবহ্নি-জাগৃতির উদ্বোধক উপদেশ-নির্দেশে বিশেষভাবে সমৃদ্ধ করলেন অধ্যাত্মচর্চার ব্যাপক ক্ষেত্রটিকে । সমাজ-সংস্কারে স্পষ্টভাবে কোন মতামত না প্রকাশ করলেও তাঁর জীবনাদর্শে সর্বদাই অভিব্যক্ত হয়েছে চেতনার উত্তরণে দিগদর্শন। স্বহস্তে তিনি কোন গ্রন্থ রচনা করেননি, কিন্তু তাঁর বাণীসম্ভার গভীরতা ও ব্যাপ্তিতে শ্রেষ্ঠ স্তরের অধ্যাত্ম-সাহিত্যরূপে গভীর অনুধ্যানযোগ্য হয়ে রয়েছে।

অন্যান্য আচার্য ও লোকশিক্ষকগণ

এই মহামানব-মানবীগণের সঙ্গেই বিশেষ উল্লেখযোগ্য মহাযোগী যেমন, স্বামী প্রণবানন্দ, পরমহংস যোগানন্দ, শ্রী বিজয়কৃষ্ণ গোস্বামী, রাম তীর্থ, ভারতীকৃষ্ণতীর্থ, শ্রী জগদ্বন্ধু, শ্রীমা মীরা, লোকমাতা নিবেদিতা ও জিড্ডু কৃষ্ণমূর্তির উপদেশ ও সক্রিয় যোগসাধনার আলো শুধু ভারতভূমি নয় এশিয়া মহাদেশ পেরিয়ে জগৎময় ছড়িয়ে পড়লো অভিনব স্পন্দনে।

পূর্বোক্ত লোকশিক্ষকগণের প্রায় সমসাময়িক কালেই সর্বশ্রী সাইবাবা (শিরডি), লোকনাথ ব্রহ্মচারী, বালানন্দ ব্রহ্মচারী, ভোলানন্দ গিরি, গম্ভীরনাথ, রামদাস কাঠিয়াবাবা, শ্যামাচরণ লাহিড়ী, নারায়ণ গুরু, নিগমানন্দ, বিশুদ্ধানন্দ, হংসদেব অবধূত, দয়ালদাস অবধূত, নিত্যগোপাল (জ্ঞানানন্দ অবধূত), রাধারমণ চরণদাস, সত্যদেব, শিবচন্দ্র বিদ্যার্ণব, জলারামজী, পওহারীবাবা, ভাস্করানন্দ সরস্বতী, পরমহংস পূর্ণানন্দ, শিবদয়াল সাহিব, সন্তদাসজী আদি মহান সদ্‌গুরুগণেরও প্রকাশ ঘটলো ভারতের বিভিন্ন স্থানে।

বিংশশতাব্দীর উত্তরার্ধেও আধ্যাত্মিক লোকশিক্ষার বিভিন্ন মাত্রায় উল্লেখযোগ্য ভূমিকায় বিভিন্ন প্রদেশে দৃষ্ট হলেন স্বামী শিবানন্দ (হৃষীকেশ), স্বামী মুক্তানন্দ, স্বামী চিন্ময়ানন্দ, নিসর্গ দত্ত, সাধু ভাসওয়ানী, মোহনানন্দ ব্রহ্মচারী, স্বামী ধনঞ্জয়দাস, মহানামব্রত ব্রহ্মচারী, দুর্গাপ্রসন্ন পরমহংস, দেওরাহা বাবা, স্বামী মহাদেবানন্দ গিরি, বিদ্যারণ্য, স্বামী প্রত্যগাত্মানন্দ, স্বামী স্বরূপানন্দ, অনির্বাণ, স্বামী সত্যানন্দ, স্বামী রামসুখদাস, স্বামী বিরজানন্দ, স্বামী যতীশ্বরানন্দ, স্বামী নির্বেদানন্দ, স্বামী সৎপ্রকাশানন্দ, স্বামী নিখিলানন্দ, স্বামী ভূতেশানন্দ প্রমুখ বিশিষ্ট যোগীসাধকগণ । বস্তুতঃ এক দিব্য জোয়ারে স্নাত পবিত্র হলো সনাতন ধর্মদর্শনের মহত্তম ঐতিহ্যবাহী ভারতভূমি।

অখণ্ড তত্ত্ব

সনাতন ধর্মদর্শন-মতে অদ্বয় সত্যস্বরূপ পরমসত্তা 'সৎ-চিৎ-আনন্দ-মুক্ত-আদ্যা' আপন অনির্বচনীয় মায়াশক্তির কল্পনাতরঙ্গে স্বরূপাস্বাদন করছেন, একাধারে মায়াধীশ ঈশ্বর ও মায়াধীন জীব-জগৎ রূপে। প্রকারান্তরে বলা যায়, সমগ্র জীব-জগৎটাই সেই অদ্বিতীয় শক্তিব্রহ্ম মহামায়ার সৃষ্টি-পালন-সংহারসূত্রে অভিব্যক্ত অখণ্ড চিন্ময়-প্রবাহমণ্ডলরূপ নিত্যলীলা। অষ্টরসে অভিব্যক্ত এই লীলায় শুধু আকর্ষণীয় হাস্য, বীর, অদ্ভুত আর শৃঙ্গারই নয়, বিকর্ষণীয় রৌদ্র, ভয়ানক, বীভৎস তথা করুণ রসও লীলাময়ের নিত্যলীলার অনিবার্য অঙ্গ। তাই নিখিল আর্ত মানুষ প্রার্থনা করে, 'হে পরম প্রভু, তোমার এই সার্বিক লীলার বামমুখের প্রকাশে অর্থাৎ ভেদবোধক অবিদ্যাশক্তি-তরঙ্গে অহংবদ্ধ আমরা ত্রিতাপে অস্থিরচিত্ত হয়ে দ্বন্দ্বজ্বালায় আছি। আমাদের, তোমার দাক্ষিণ্যপ্রদ দক্ষিণমুখ প্রদর্শন করো।—রুদ্র, যত্তে দক্ষিণংমুখং তেন মাং পাহি নিত্যম্', 'অসতো মা সদ্‌গময়, তমসো মা জ্যোতির্গময়, মৃত্যোর্মা অমৃতং গময়।—তোমার বিদ্যাশক্তির স্পন্দনে আমাদের অসত্যবোধ থেকে সত্যবোধে জাগ্রত করো, চেতনার অন্ধকার দূর করে আলোকিত করো, দেহাত্মবোধক মৃত্যুভয় দূর করে চৈতন্যস্বরূপ অমৃতবোধে জাগ্রত করো। জাগ্রত করো আমাদের চেতনায় অহং-অতীত ব্যাপ্তিস্বরূপ অক্ষয় আত্মবোধ।'

গুরু তত্ত্ব

সেই দক্ষিণমুখেরই জাগতিক প্রকাশ হলেন 'দক্ষিণামূর্তি' সদ্‌গুরুস্বরূপ মুক্তচিত্ত মহামানব-মানবীগণ, যাঁরা ব্রাহ্মীস্থিতির 'সত্য-দিব্য-সুন্দর-শান্ত-পরম' স্বরূপ সমত্ববোধে থেকেও নিজেদের স্থিতপ্রজ্ঞ চেতনার আলোকে স্বগতভেদে বিবেচনায়, জিজ্ঞাসুর অধিকারানুসারে উপদেশ দিয়েছেন একান্ত আন্তরিকভাবে । জাগতিক জীবদ্দশায় তাঁরা কখন কথায় ও কখনও বা লেখার মাধ্যমে দিয়েছেন প্রত্যক্ষ নির্দেশ । কিন্তু বিদেহী দশাতেও তাঁদের পবিত্র বাঙ্‌ময় ধারার আন্তরিক শ্রবণে মননে অর্থার্থীগণ পেতে পারে পরিত্রাণের পথ, মুমুক্ষুজন লাভ করতে পারে নিদিধ্যাসনে অন্তর্মুখী পরিব্রাজনের অমূল্য পাথেয় । বস্তুতঃ পরমসত্তার কৃপাময় বা ভাগবতী অনুগ্রহ জাগতিক স্তরে নেমে আসে জীবন্মুক্ত আচার্যের লোকশিক্ষার মাধ্যমেই, যার সনিষ্ঠ মননে, তাঁদের দৈহিক তিরোধানের পরও জিজ্ঞাসু মানব গ্রহণ করতে পারে, অনিত্য জাগতিক দ্বন্দ্বময়তার অতীতে ব্রহ্মানন্দস্বরূপ আত্মবোধে উত্তরণের পথ-নির্দেশ, লাভ করতে পারে যোগীজন চিরবাঞ্ছিত ইষ্ট পাদপদ্মের পরম সান্নিধ্য।

বেদান্তের সপ্তভূমি

জীবকোটির যোগযুক্তগণের ক্ষেত্রে প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, 'সর্ববেদান্ত-সিদ্ধান্ত সারসংগ্রহে' কথিত যোগীচিত্তের 'সপ্তভূমি' (অর্থাৎ শুভেচ্ছা, বিচারণা, তনুমানসী, সত্ত্বাপত্তি, অসংসক্তি, পদার্থভাবনা, তুরীয়)-এর তথ্যানুযায়ী, চতুর্থটিতে পৌঁছলে জীব(চিৎ-কণ)গত আত্মবোধক শক্তি দ্বন্দ্বাতীত আত্মবোধে (ব্যাক্তিস্বরূপ ব্রহ্মবোধে) উত্তরণ লাভ করায় সাধক 'অহংস্বাতন্ত্র্যবোধক' বদ্ধতা থেকে মুক্তির ফলে 'ব্রহ্মবিদ্' হন । কিন্তু তারপরও জীবন্মুক্তদশার যে তিনটি স্তর আছে, যাতে বোধ-স্থিতিতে তিনি যথাক্রমে ব্রহ্মবিদ্-বর, ব্রহ্মবিদ্-বরীয়ান ও ব্রহ্মবিদ্-বরিষ্ঠ দশায় ইহজীবনের বাকী অংশ দেহীরূপে থাকতে পারেন । তবে সবটাই নির্ভর করে তাঁর প্রারব্ধভোগ সমাপনের অনুপাতে। তিনি যে স্তরেই থাকুন তাঁর দ্বন্দ্বাতীত অদ্বৈত আত্মবোধ সর্বদা জাগ্রত থাকে প্রত্যক্ষ ধ্রুবাস্মৃতিরূপে । চতুর্থ ভূমির 'ব্রহ্মবিদ্' দশায় জীবন্মুক্তের অদ্বৈত আত্মবোধক অভেদ চেতনার মাঝেই স্বগতভেদে জাগতিক লীলাবোধটি যথাযথভাবেই থাকে, কিন্তু 'স্বপ্নবৎ' বোধে । ফলে তাঁর শুদ্ধচিত্তেও অপরাপর জীবগণের চেতনার দশানুযায়ী ভাবস্পন্দন ঘটে বিভিন্ন মাত্রায়। বস্তুতঃ অধিকাংশ আধিকারিক সদ্‌গুরুই এই দশা থেকে উপদেশ প্রদান করেন । এর পরবর্তী দুটি দশায় সিদ্ধ সাধকের স্বাভাবিক জাগতিক বোধ থাকে ক্ষীণভাবে, ফলে প্রথমটিতে জগৎকল্যাণমুখী সক্রিয় ভাবটি থাকলেও বাঙ্‌ময় প্রকাশ থাকে অত্যল্পভাবে; বিশেষতঃ 'বরীয়ান' দশায় মৌনতাই প্রাবল্য পায়। শেষ স্তর অর্থাৎ 'ব্রহ্মবিদ-বরিষ্ঠ' দশায় সাধকের দৈহিক কার্যশীলতা প্রাণময়স্তরে থাকলেও, জাগতিক স্তরে তাঁর বোধশক্তি মনোগত স্পন্দনে আর ক্রিয়াশীল

থাকে না, যা সেই যোগযুক্তের আয়ুষ্কাল পূর্ণ হলেই বিলীন হয়ে যায় অব্যক্ত পরম অস্তিত্বে বিদেহমুক্তিযোগে।

পঞ্চমবেদ

সদ্‌গুরুরূপী জীবন্মুক্ত মহামানব-মানবীর বাণীভাণ্ডারকে বলা হয় 'পঞ্চমবেদ'। শ্রুতি বাণী যেমন কোন ঋষির স্বকপোলকল্পিত নয়, বরং অপৌরুষের সত্যোপলব্ধির প্রকাশরূপে বন্দিত, তেমনই যে কোন যুগের যে কোন কালের জীবন্মুক্তের উপদেশই সেই অপৌরুষেয় ধারারই অন্তর্গত। কিন্তু অধ্যাত্ম বিষয়ে আচার্যগণ সকলেই 'একে'র কথা বললেও একই কথা বলেননি। 'একং সৎ বিপ্রা বহুধা বদন্তি', এই বাণীর মর্ম সর্বদাই সত্য। তাই যোগযুক্তগণের ভাষায় তফাতের মতোই ভাবের তফাতও কিছু থাকেই। আবার অনেকে যেমন অনেক কথা বলেছেন, লিখেছেন তেমনই কতিপয় মহাসাধক কিছুই লেখেননি, কথাও বলেছেন সংক্ষেপে তথা স্বল্প পরিমাণে। "ভিন্ন রুচির্হি লোকা:"—বস্তুতঃ রুচির ভিন্নতায় জীবন্মুক্তগণের কোন্ বাণীতে কার অন্তরে কীভাবে হঠাৎ "অমৃতসাগরের" নৈকট্য ঘটিয়ে দেবে, দ্বন্দ্বাতীত ব্রহ্মাত্মবোধের দুয়ার খুলে দেবে তা মানববোধের অগোচর। তাই বাস্তবিকই মহামানব-মানবীগণের উপদেশ সমগ্রভাবেই দিব্যসম্পদ। কিন্তু ওষুধের বিপণীতে রক্ষিত সব ওষুধই যেমন সকল রোগীর জন্য যথার্থ নয়, অথচ প্রতিটি ওষুধই কোন না কোন রোগে প্রয়োজনীয়, তেমনই মহাজন-বাণীগুলিও সামগ্রিকভাবে সর্বজনীন। এই কথাটির প্রেক্ষিতে সামান্য আলোচনা প্রয়োজন। যদিও এই মহাযোগীগণের প্রত্যেকের উপদেশ দ্বন্দ্বাতীত গুণাতীত পরমাত্মবোধে জাগ্রত চিত্তভূমি থেকে উৎসারিত হয়েছে কিন্তু সেগুলি অধিকাংশ ক্ষেত্রেই প্রদত্ত হয়েছে, দ্বন্দ্বময়, গুণবদ্ধ অহংগ্রস্ত আর্ত-অর্থার্থী নর-নারীর জন্য, তাদের মনুষ্যত্বের মূল্যবোধে 'মান-হুঁস' হওয়ার প্রয়োজনে। যারা বিপদের বেদনায় বা ভবিষ্যতে বিপদের আশঙ্কায় উদ্ধারের পথই শুধু খুঁজছে অর্থাৎ নিজের অহং-চেতনার শোধনের আগ্রহে নয়, শুধু জাগতিক সুখ-সুবিধায়নই যাদের ধর্মচর্চার উদ্দেশ্য, সেই আর্ত-অর্থার্থীদের জন্য উপদেশ ও সত্যান্বেষী জিজ্ঞাসু-মুমুক্ষুদের জন্য কথিত নির্দেশ কখনোই সমস্তরের গভীরতাযুক্ত হতে পারে না।

পথনির্দেশ

দুঃখবেদনা-ক্লান্তি হতাশায় ক্লিষ্ট মানুষ, সুখপ্রাপ্তি হলেও তার ক্ষণস্থায়িত্বে শঙ্কিত থাকে, ফলে প্রাপ্ত 'সুখ'ও সে ভালো করে আস্বাদন করতে পারে না। আবার অবুঝের মতো যারা সমাজ-সংসারের কল্যাণ ভুলে 'ধন-জন-যৌবনে'র আবেদনের প্রাবল্যে শুধু নিজের স্বার্থসুখ ভোগ-সাধনেই মগ্ন হয়ে গা ভাসায়, অকস্মাৎ এক সময় সুখের বিচ্ছেদে দিশাহারা হয়ে তারা পথ খোঁজে দুর্বল খড়কুটোর মতো। এই দুর্বলতার মূলে যে দাম্ভিক অহংমন্যতা কাজ করে, আর্ত-অর্থার্থীজনকে তারই অপনোদনের পথ প্রদর্শন করেছেন মহাযোগীগণ। যার প্রথম স্তরে এগোতে হয় প্রেয়ের পথে অহং ধরেই, স্বার্থপর নিম্নচেতনার তমো ও রজোগুণ-প্রাধান্য পেরিয়ে সত্ত্বগুণী চেতনায় উত্তরণের জন্য। এর পরের স্তর হলো জিজ্ঞাসু মুমুক্ষুর মনন-সাধ্য। এঁরা বহিরাগত দ্বন্দ্বময়তা বা বিপদের থেকে সাময়িক ত্রাণ বা উদ্ধারের চেয়েও অধিক আগ্রহী শ্রেয়ের তৃষ্ণায় দ্বন্দ্বাতীত অহং-অতীত চেতনায় উত্তরণের জন্য। এই মুমুক্ষুগণের রুচি অনুযায়ী একই আচার্য এক একটি তত্ত্বকে বিভিন্নভাবে পৃথক-পৃথক প্রযুক্তি পন্থায় নির্দেশিত করেছেন। সে সকল ক্ষেত্রে স্বভাবতঃই প্রেয়-ভোগের আসক্তি দূরীকরণে বৈরাগ্যের পাশাপাশি তীব্র অন্তর্মুখীনতা প্রাধান্য পেয়েছে সর্বদাই। ফলে আচার্যগণের বাণীসম্ভার তাত্ত্বিক মূল্যবোধে সর্বজনীন হলেও প্রযুক্তির নিরিখে সব উপদেশ, সমস্ত নির্দেশ সর্বস্তরের সকল নর-নারীর জন্য নয়। সেই কারণেই শাশ্বত অধ্যাত্মবাণীর মহামূল্যবান ভাণ্ডারের যথাযোগ্য সহায়তা প্রাপ্তির জন্য সকল আর্ত, অর্থার্থী, জিজ্ঞাসু মুমুক্ষুকেই তৎপর হতে হয় নিজের মানসিক বৃত্তিগত প্রয়োজনবোধ ও অধ্যাত্মতৃষ্ণার অকপট বিবেচনায়। সেই পথই নির্দেশিত হয়েছে শাশ্বত সনাতন ধর্মদর্শনের প্রতিটি পর্যায়ে বহুমাত্রিক একমুখী বিন্যাসে।



শ্রী অজয় ভট্টাচার্যের প্রতিভার রশ্মিচ্ছটা আধ্যাত্মিক দর্শন, সাহিত্য ও ললিত কলার বিভিন্ন দিক স্পর্শ করেছে। তাঁর লেখনী নানা গ্রন্থ ও শতাধিক প্রবন্ধ সৃষ্টি করেছে। তিনি একাধারে বিশিষ্ট দার্শনিক, লেখক, চিত্রকর ও স্তোত্র-গায়ক।
Email: ajaybhat_1946@yahoo.co.in

রাগ-সঙ্গীতে বাংলা ভাষার ব্যবহার ও কতিপয় সমস্যা

ড. লীনা তাপসী খান (মহসিনা আক্তার খানম)

একথা বলাই বাহুল্য যে, বাংলা ভাষাভাষীদের সকল চিন্তা ভাবনায় বাংলা ভাষা। বাংলা ভাষাভাষীদের সংখ্যাও উল্লেখযোগ্য। বাংলা সাহিত্য ও কবিতার মত বাংলা সংগীতও অত্যন্ত সমাদৃত। আর এই সংগীতের একটি বিশাল অংশ জুড়ে রয়েছে উচ্চাঙ্গ সঙ্গীত। উচ্চাঙ্গ সঙ্গীত যদিও সুর প্রধান তা হলেও বাণী উপেক্ষিত নয়। খেয়াল, ধ্রুপদ, ধামার সাধারণত হিন্দী ও উর্দু ভাষায় রচিত কখনো কখনো ব্রজবুলি ভাষায়ও পাওয়া যায়। বাঙ্গালীর সহজাত ভাষা বাংলা। উচ্চাঙ্গ সংগীতে বাংলা ভাষা ব্যবহারের প্রচেষ্টা বহু যুগের এবং আজো তা অব্যাহত। একথাও সত্য যে বাংলা ভাষায় খেয়াল, ধ্রুপদ-ধামার এখনো বিপুল সমাদৃত হয়ে উঠতে পারে নি! কিন্তু কেন? সেই বিষয়ে আলোকপাত করেই এই রচনা।

বাংলা বর্ণমালার বর্ণিল মিছিল দেখলে উপলব্ধি করতে অসুবিধা হয় না যে বাংলা ভাষা কতটা সমৃদ্ধশালী। এতে এগারটি স্বরবর্ণ এবং ছত্রিশটি ব্যঞ্জনবর্ণ থাকাতে এই ভাষা উচ্চারণগত দিক থেকেও অত্যন্ত সমৃদ্ধ, এর ফলে যে কোন শব্দের উচ্চারণ বাঙালিরা অত্যন্ত সাবলীলভাবেই করতে পারে। পাশাপাশি এই ভাষার তাত্ত্বিক মানও সমৃদ্ধ। বাংলা ভাষার সমার্থক শব্দও এই ভাষাকে করেছে আরো উন্নত। ভাষার ব্যবহার বিচিত্র। একই অর্থবোধক শব্দ অফিস আদালতে যেভাবে ব্যবহৃত হয়, নান্দনিক বিষয়ে বা সংস্কৃতি অঙ্গনে তা নাও হতে পারে। এক কথায় বলা যায় বাংলা ভাষার মান অত্যন্ত সমৃদ্ধময়।

বাংলা সংস্কৃতির একটি বিশাল অংশ জুড়ে সঙ্গীতের স্থান। সঙ্গীত বাংলা সংস্কৃতিকে উপস্থাপন করার জন্য বিশেষ ভূমিকা পালন করে। সঙ্গীতের নানা ধারা নানা রূপ। রাগসঙ্গীত ও দেশী সঙ্গীত এই দুই ধারার সঙ্গীতই এই উপমহাদেশে প্রচলিত। লৌকিক গানের দুটি শাখা—গান্ধর্ব লৌকিক (মার্গ) যা নাগরিক বা অভিজাত শ্রেণীর, অপরটি দেশী লৌকিক বা আঞ্চলিক। দেশী লৌকিক এর ধারাবাহিকতায় দরবারাশ্রিত ক্লাসিক্যাল মিউজিককে পাওয়া যায় যাকে রাগ সঙ্গীত বলা হয়। রাগ সঙ্গীতে রাগ রূপায়ণ, অলংকার ও সুরের ভূমিকাই মুখ্য, কথার আবেদন অত্যন্ত গৌণ থাকে। সর্বসাধারণ তাদের মনের ভাব বা আবেগ, জীবনের নানা উপলব্ধিকে প্রকাশের জন্য যে গান পরিবেশন করেন তাই দেশী লৌকিক সঙ্গীতের আরেক ধারা। তা অঞ্চল ভেদে নানা ধারার হতে পারে। বাংলা গানের আদি বা সূচনা চর্যাপদ থেকে। হরপ্রসাদ শাস্ত্রীর আবিষ্কৃত চর্যাপদে মোট ২৩ জন পদ সৃষ্টিকর্তার নামের উল্লেখ পাওয়া যায়। চর্যাপদে যে সকল রাগ-রাগিণী ও তালের বর্ণনা পাওয়া যায় তাতে স্পষ্টত বোঝা যায় যে পদ কর্তাগণ রাগ সঙ্গীতে অভিজ্ঞ ছিলেন। তানসেন, সদারঙ্গ, অদারঙ্গ তাঁদের অনুসরণেই রচনা করেছিলেন তাও বোঝা যায়, তবে তা বাংলার জীবন চিত্রকে বহন করতো। চর্যার সৃষ্টকাল নিয়ে মতভেদ আছে। সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও প্রবোধচন্দ্র বাগচীর মতে চর্যার জন্ম দশম থেকে দ্বাদশ শতক। হরপ্রসাদ শাস্ত্রী তা ১৯২৬ খ্রিষ্টাব্দে গ্রন্থাকারে কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশ করেন। চর্যার ভাষা মূলত বাংলা তবে কোনো কোনো চর্যার এমন শব্দ ও পদ পাওয়া যায় যা অহমীয়া, উড়িয়া বা হিন্দী ভাষার সঙ্গে মেলে। অহমীয়ারা চর্যাকে তাদের ভাষা বলে দাবী করে তা তেমন অযৌক্তিক ছিল না। কারণ দুই ভাষার তেমন কোন তফাৎ ছিল না। তাতে এই সকল রাগের উল্লেখ পাওয়া যায় যেমন—পটমঞ্জরী, মল্লাবী, গুঞ্জরী, কামোদ, রাড়ী ভৈরবী, গারা, দেশাখ, রামক্রী, শবরী, অরু, ইন্দ্রতাল, দেবক্রী ধনসী, মালসী-গবুড়া বঙ্গাল।

রাগ বলতে কী বোঝায়?

রাগ সঙ্গীতে বাংলা ব্যবহারের সমস্যা নিরুপণ করার পূর্বে রাগ সঙ্গীত বলতে কি বোঝায় তা জানা সঙ্গত বলে মনে করছি। সহজ ও সরল ভাষায় বলতে গেলে বলা যায় কতগুলো বিশেষ শর্ত মেনে মনোরঞ্জক স্বর রচনাকে রাগ বলা হয়। তবে এখানে এই বিশেষ শর্তসমূহ কিন্তু অতীব দুরূহ কাজ যা আয়ত্ব করতে যুগ যুগ কেটে যায়। এই শর্ত সমূহের বিরুদ্ধাচারণ করলে তা আর রাগ হবে না, তবে কিছু একটা তো হবেই—হয়তো ধুন বা অন্য কোন প্রকার সুর হবে যা লঘু সঙ্গীতের অন্তর্ভুক্ত হবে, রাগ সঙ্গীত হবে না। শাস্ত্রীয় ভাষায় রাগের সংজ্ঞা নিম্নরূপ:

যে সুর পাঁচ, ছয় বা সাত অথবা আরো সংখ্যক স্বর সমষ্টি আরোহী অবরোহী পদ্ধতিক্রমে বাদী, সমবাদী, প্রধান অংশ, অলংকার ও রীতি অবলম্বন করে লক্ষণ অনুসারে নিয়ম শৃঙ্খলার মধ্য দিয়ে রঞ্জকত্ব গুণ ও রস সৃষ্টি করে তাকে রাগ বলা হয়।[১]

রাগ সঙ্গীতের সঙ্গে রাজ দরবারের একটি যোগসূত্র সৃষ্টি হয়ে গিয়েছিল। ত্রয়োদশ শতাব্দী পূর্ব থেকেই ইতিহাস তা প্রমাণ করে। রাগ সঙ্গীতকে আয়ত্ব করার যে পরিশ্রম অন্যান্য সঙ্গীতের জন্য তা অনেকাংশই কম। রাগ সঙ্গীতকে ইংরেজিতে Classical Music বলে বাংলায় তা উচ্চাঙ্গ সঙ্গীত। এর মান অতি উচ্চ বলেই হয়তো এর নাম উচ্চাঙ্গ সঙ্গীত। এর বাণী, সুর, শাস্ত্রীয় বিধি-বিধান, প্রহর বিভাজন, বাদী, সমবাদী, বিধি-নিষেধ, অল্পত্ব বহুত্ব মেনে তা পরিবেশন অতীব গভীর সাধনা ও নিষ্ঠার পরিচয় রাখে, তাই সংসারের সকল বন্ধন ত্যাগ করে রাজা বাদশার পৃষ্ঠপোষকতায় নিবিড় সাধানায় মগ্ন থাকতেন ওস্তাদরা। তার নিদর্শন ইতিহাস ঘাটলেই পাওয়া যাবে।

রাগ রচনায় যে নিয়মগুলি পালিত হয় যেমন—১. গ্রহ, ২. অংশ, ৩. ন্যাস, ৪. অপন্যাস, ৫. সংন্যাস, ৬. বিন্যাস, ৭. অল্পত্ব, ৮. বহুত্ব, ৯. মন্দ্র ও ১০. তার। এই নিয়মগুলোকে রাগের লক্ষণ বলে। বর্তমানে এই নিয়মের সামান্য পরিবর্তন ঘটেছে। যেমন—'সংন্যাস' বলে বর্তমানে আর কিছু নেই। সাধনা ও পরিশ্রম এবং সঙ্গে আবশ্যক সৃষ্টিকর্তা প্রদত্ত মেধা—এই তিনের সংমিশ্রণে রাগ সঙ্গীতকে লব্ধ করা সম্ভব। এতে রাগরূপ, তান, বিস্তার বিভিন্ন অলংকারের ব্যবহারই প্রাধান্য পায়, বাণী গৌণ থাকে। তাই ১২০০ শতক থেকেই হিন্দী, উর্দু, ফার্সী, ব্রজবুলী ইত্যাদি ভাষায় রাগ

সঙ্গীত প্রচলিত এবং এর ধারাবাহিকতা চলতে থাকে যুগ যুগ ধরে। এর সুর ও গায়নশৈলী মুখ্য, বাণী গৌণ আর সুর এবং গায়নশৈলী সব ক্ষেত্রে এক অর্থাৎ গমক, মুড়কী, খটকা, বিস্তার, কুটতান, ছুটতান, লয়কারী, তেহাই ইত্যাদি ক্ষেত্রে কোন পরিবর্তন প্রযোজ্য নয়, শুধুই ছোট আকারের বাণী সম্বলিত স্থায়ী ও এক অন্তরা বিশিষ্ট। এর বিবর্তন কমবেশী এসেছিল বৈকি কিন্তু তার প্রচার-প্রসার তেমনভাবে গ্রহণযোগ্যতা লাভ করে নি। এর কারণ কিন্তু বাংলা ভাষার জন্যে নয়। শ্রোতাকূল এর বাণীর প্রতি আলোকপাত করতে আগ্রহী নয় তারা ১০০ ভাগ রাগরূপ ও রাগ পরিবেশশনায় নিবিষ্ট থাকেন। কোন ভাষা ? কী বাণী ? বা কার রচনা ? সেদিকে শ্রোতামণ্ডলীর মনোনিবেশ থাকে না।

উচ্চাঙ্গ সঙ্গীতের জন্মলগ্ন সূচিত হয়েছে হিন্দী, উর্দু ভাষার বন্দিশ দিয়ে। এর একটি সুদীর্ঘ পটভূমি ও পথচলা রয়েছে বৈকি। বাংলা গানে আপন ঐতিহ্য ঐতিহাসিকভাবেই গৃহীত হয়েছে। চর্যাগীত, গীতগোবিন্দ, শ্রীকৃষ্ণ কীর্তন, বৈষ্ণব মহাজন পদাবলী ইত্যাদির ধারাবাহিকতায় এসেছে বাংলা গান।

আঠার শতকের শেষ ভাগ থেকে বাঙালিরা রাগ সঙ্গীত চর্চায় বেগবান হয়ে ওঠেন এবং ঐতিহাসিক নবজাগরণ পর্বের সূচনা করেন। ওই সময় থেকেই বাংলার নেতৃস্থানীয় শিল্পীরা ধ্রুপদ ধামার, খেয়াল, টপ্পা, ঠুমরী, মাতৃভাষার মাধ্যমে চর্চা শুরু করেন। এ প্রসঙ্গে বিষ্ণুপুর ঘরানার নাম বিশেষভাবে উল্লেখ করা যায়।

১২০০ থেকে ১৩০০ শতক সঙ্গীতের একটি উল্লেখযোগ্য সময়। গান্ধর্ব ও প্রাচীন ধারার সঙ্গীতকে এক নবজাগরণের নবধারার সৃষ্টি করে তাত্ত্বিক রূপদান করেন শার্ঙ্গদেব তার 'সঙ্গীত রত্নাকর' গ্রন্থে। মূলত তখনই ভারতের সঙ্গীতের ভিত্তি রচিত হয়েছিল। এরই ধারাবাহিকতায় বয়ে চলেছে রাগ সঙ্গীত। উনবিংশ শতকে সভ্যতার জোয়ার এবং পাশ্চাত্য শিক্ষার ছোঁয়া লেগে সঙ্গীত জগতে আলোড়ন সৃষ্টি হয়। প্রায় ছয়শত বছর মুসলমানদের রাজত্বের সময়ে সঙ্গীত বিচিত্র রূপ ধারণ করে এবং রাজকীয় দরবারে আবদ্ধ থাকে।

রাগ সঙ্গীতে ভাষার ব্যবহার

সঙ্গীতে বংশগত ধারা বা পরম্পরা বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়। সম্পত্তির ন্যায় সঙ্গীত বিদ্যাকেও সংরক্ষণের আগ্রহ সৃষ্টি হয় এবং কলাবন্তগণ তা সংরক্ষণের জন্যে নানা স্থানে জড়িয়ে পড়েন। চর্চা বেড়ে চলে। সমাজের সকল শ্রেণির মানুষ সম্পৃক্ত হতে শুরু করেন সঙ্গীতের সঙ্গে। বিষ্ণুপুর ঘরানা ও এই অঞ্চলের ঘরানার শিল্পীদের প্রচার-প্রসার বাড়তে থাকে। লক্ষ্ণৌ, দিল্লী, বেতিয়া-র সঙ্গে যোগাযোগ তীব্র হয় সঙ্গীতের আদান-প্রদান আরো বেগবান হতে থাকে। প্রাসঙ্গিকভাবে একটি বিষয় বিশেষভাবে লক্ষণীয় যে রাগ সঙ্গীতে ভাষার ব্যবহারটি কিন্তু তখন স্থির, হিন্দী, উর্দু-ই প্রধান, দুই একটি শব্দ ব্রজবুলী মৈথিলী ভাষা ব্যবহার হতো মাঝে মধ্যে।

চর্যাগীতি লৌকিক ভাষায় রচিত। যে ভাষায় গানগুলো রচিত ছিলো তাকে বর্তমান মৈথিলী, বাংলা, অহমীয়া ও উড়িয়ার আদিরূপ বলে গণ্য করা যায়। তত্ত্বের প্রয়োজনীয়তা অনুযায়ী ভাষাকে দ্ব্যর্থক বা রূপকের মত প্রয়োগ করা হয়েছে বলে তাকে সন্ধ্যা ভাষা বলে আখ্যায়িত করা হয়েছে। চর্যাগীতিগুলোতে যে সকল রাগের ব্যবহার করা হয়েছে তার আগে উল্লেখ করা হয়েছে। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ভাষা ও অন্যান্য লক্ষণের দ্বারা চর্যার সময় নির্ধারণ করেছিলেন ৯৫০ থেকে ১২০০ শতক। লৌকিক বা প্রাকৃত ভাষার অপভ্রংশের যুগ তখন। ব্রজগীতি বলেও এক প্রকার গান ছিল যা তখন তান্ত্রিক অনুষ্ঠানে গাওয়া হতো। চর্যাগীতি গাথা গানেরই প্রতিশব্দ। চর্যা কথাটির সাধারণ অর্থ আচরণ। চর্যাগীতিগুলো বিভিন্ন ধর্মানুষ্ঠানে উৎসবে আচরণের উদ্দেশ্যে গাওয়া হতো। ব্রজগীতি ও যোগ তান্ত্রিক অনুষ্ঠানে গাওয়া হতো। গানের ওপরে ১৬টি রাগের নাম পাওয়া যায় যা পূর্বে উল্লেখ করা হয়েছে। লৌকিক ভাষার ব্যবহারে এর পর আবির্ভূত হয়েছিল নিবদ্ধ-প্রবন্ধ গান। কিছু কালের মধ্যেই বৈষ্ণব ভাবের অভূতপূর্ব স্ফুরণ ঘটে জয়দেবের গীতগোবিন্দ কাব্যে। লক্ষণ সেনের সভায় প্রধান সভাকবি ছিলেন তিনি। ১১৯৪ খ্রিঃ মুসলমানদের আক্রমণে পরাজিত হন লক্ষণ সেন। ফলে সভাসদদের ইতিহাসেরও সেখানে সমাপ্তি ঘটে। জয়দেবের গীতগোবিন্দেও বারটি রাগের উল্লেখ আছে। যথা—মালব, মালবগৌড়, গুঞ্জরী, বসন্ত, রামকিরি, কর্নাট, কেদার, দেশাম, দেশব বাড়ী, গোণ্ডাকিরি, ভৈরবী, বরাড়ী, বিভাষ। পাঁচটি তালের উল্লেখ যথা—যতি, একতালী, রূপক, নিঃসারী, অষ্টতালী।

রাগ সঙ্গীতের ধারাবাহিকতা প্রায় হাজার বছরের। বাংলা ভাষায় রাগ সঙ্গীত বিষয়টি রাম শঙ্কর ভট্টাচার্য (১৭৬১–১৮৫৩ বিষ্ণুপর ঘরানার প্রবর্তক) শুরু করেছিলেন বলে বিবেচিত। যে চার জন গুণী সঙ্গীতজ্ঞ উল্লেখযোগ্য তাদের নাম যথাক্রমে—

১. রাম শঙ্কর ভট্টাচার্য (১৭৬১–১৮৫৩ খ্রীঃ)—ধ্রুপদ
২. রঘুনাথ রায় (১৭৫০–১৮৩৬ খ্রীঃ)—খেয়াল
৩. রামনিধি গুপ্ত (নিধুবাবু) (১৭৪১–১৮৩৯ খ্রীঃ)—টপ্পা
৪. কালিদাস চট্টোপাধ্যায় (কালী মীর্জা) (১৭৫০–১৮২০ খ্রীঃ)

বাংলা ভাষা ব্যবহার করে রাগ সঙ্গীত বা রাগপ্রধান গান সৃষ্টিতে বিস্ময়কর প্রতিভার অধিকারী ছিলেন তাঁরা। তারই ধারাবাহিকতায় পাই রবীন্দ্রনাথ ও নজরুল ইসলামকে যাঁদের অবদান উল্লেখযোগ্য।

কণ্ঠ সঙ্গীত পরিবেশনার জন্যেই ভাষার প্রয়োজন। যন্ত্র সঙ্গীতে তার কোন প্রয়োজন নেই। কিন্তু রাগের অন্যান্য গুণাবলী বা বৈশিষ্ট্য প্রকাশ একইভাবে প্রযোজ্য।

বাংলা ভাষার ব্যবহার

রাগ পরিবেশনার দুটি মাধ্যম। কণ্ঠ ও যন্ত্র। যন্ত্র সঙ্গীতে রাগ পরিবেশন ভাষা ব্যবহারের প্রয়োজন নেই অপরদিকে কণ্ঠ সঙ্গীতে রাগ পরিবেশনে ভাষার ব্যবহারের গুরুত্ব অপরিসীম। রাগের রূপ রসকে ব্যক্ত করার ক্ষেত্রে বাণীর সমন্বয় সাধন করে অভিব্যক্ত করে মনোরঞ্জন করাই রাগের আপন বৈশিষ্ট্য। যা যন্ত্র সঙ্গীতে রাগের পরিবেশনায় প্রয়োজন নেই। তবে একটি বিষয় লক্ষ্যনীয় যে কণ্ঠে প্রকাশিত অনুভূতিকে অনুকরণের চেষ্টা করা হয় যন্ত্র সঙ্গীতে অপরদিকে কখনো কখনো যন্ত্র সঙ্গীতের অনুভূতিকেও কণ্ঠ সঙ্গীতে অনুকরণ বা অনুসরণ প্রবণতা বিশ্বজনীন।

ভাষার সাহিত্যবোধ বা সাহিত্যিক বিশ্লেষণ শিল্পকলার একটি মুখ্য অংশ। সুরের ন্যায় ভাষাও মর্যাদা পেয়ে এসেছে যুগে যুগে। কণ্ঠ সঙ্গীতে রাগ পরিবেশনার কালে ভাষা বুঝতে পারলে রাগের অভিব্যক্তিটি অবশ্যই স্পষ্টতর হয় একথা সর্বজনগ্রাহ্য।

রাগসঙ্গীতে বাংলা ভাষার ব্যবহারের চর্চা ঘটেছিল অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে। সে সময় ধ্রুপদ ধামারের চেয়ে খেয়াল অধিক জনপ্রিয় হয়ে উঠেছিল। খেয়ালের ধারাবাহিকতায় স্থান করে নিয়েছিল টপ্পা এবং রোমান্টিক ভাবসম্পন্ন গান ঠুমরী। এই টপ্পা, ঠুমরীর প্রচলন যত বাড়তে থাকে ততই বাংলা ভাষার ব্যবহারে সোচ্চার হয়ে ওঠেন সঙ্গীতজ্ঞরা এবং ক্রমেই বাংলা ভাষার ব্যবহারে রাগসঙ্গীত চর্চায় দৃঢ় আত্মপ্রত্যয় গড়ে ওঠে। বাংলা ভাষার ব্যবহারে যাঁরা অগ্রণী ভূমিকা পালন করেছিলেন তাঁদের মধ্যে অন্যতম ধ্রুপদে রামশঙ্কর ভট্টাচার্য, টপ্পায় নিধুবাবু ও কালী মীর্জা

এবং খেয়ালে রঘুনাথ রায়। এই পর্বে দিল্লীকেন্দ্রিক রাজনৈতিক জটিলতার কারণে সঙ্গীতজ্ঞদের পৃষ্ঠপোষকতার ভাটা পড়ে ফলে প্রাদেশিক রাজা মহারাজদের আশ্রয়স্থলকে শিল্পীরা বেশি নিরাপদ মনে করেন ফলে তার একটা ভিন্ন প্রথা ও পৃষ্ঠপোষকতার ধারা প্রচলিত হয়।

পরবর্তী উনবিংশ শতকে রাগসঙ্গীতে বাংলা ভাষা ব্যবহার অব্যাহত থাকে।

একটি বিষয় সুস্পষ্ট যে ধ্রুপদ বা ধামার অপেক্ষা খেয়াল, ঠুমরী অপেক্ষাকৃত হালকা প্রকৃতির, ফলে খেয়াল, ঠুমরীর বাণী নিয়ে আবেগের বা অনুভূতির প্রকাশ ঘটানো সহজসাধ্য। ফলে সুরের আবেশকে বাণী দ্বারা আবদ্ধ করে বিশেষ করে মাতৃভাষায় হলে তা আরো সহজ বোধগম্য এবং রসসম্পৃক্ত হয়। ফলে সে দিকে মানুষের দৃষ্টি আকর্ষণ করে অতি দ্রুত। এর মাধ্যমে মানুষ সঙ্গীতের আরো কাছাকাছি যাওয়ার সুযোগ পায়।

খেয়ালের অপেক্ষায় ঠুমরী আরো হালকা প্রকৃতির। ব্যাকরণগত দিক থেকে পরিবেশনার দিক থেকে এক সময় ঠুমরী শুধু বাঈজীদের নৃত্য-সম্বলিত গান হিসেবেই বিবেচিত ছিল ক্রমেই তা সরে এসেছে শুধু সঙ্গীতে।

বিষয়বস্তুর বিবেচনায় ঠুমরী প্রেমের গান বা প্রেম নিবেদনের রাগপ্রধান গান। এতে প্রেমের প্রকাশটি শিল্পীর গায়ন ভঙ্গির ব্যক্তিত্বে রূপান্তরিত হয়ে মানবিক প্রেমে পরিণত হয়। শৃঙ্গার ছাড়া ঠুমরী সৃষ্টি হয় না। তাই গানের বিষয়বস্তু ও কথাগুলো বিশ্লেষণ করলে যা পাওয়া যায়।

১. রাধার রাত্রিব্যাপী অপেক্ষার আকুতি।
২. বিরহ বেদনা।
৩. নানা রূপে আকুতি।
৪. পথে বাধাদান।
৫. ভর্ৎসনা।
৬. মিলনের আনন্দভাব প্রকাশ।
৭. সৃষ্টিকর্তার কাছে আকুতি।

যেমন বিখ্যাত ঠুমরী গাইয়ে বড়ে গোলাম আলী খাঁ-র গান: 'আয়ে না বালম', 'ক্যা করুঁ সজনী', বা 'সাঁইয়া বিনা ঘর শুনা' 'আজা সাবরিয়া তোহে গরওয়া লাগানু' ইত্যাদি।

ঠুমরীর প্রকাশভঙ্গী অর্থাৎ সুরের প্রক্ষেপণ বা বিশিষ্ট কারুকর্মে একটি বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। ঠুমরীর বাণী এবং ভাষা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি পরিবেশনের সময় লক্ষ্য রাখতে হয় যে বাণী অর্থবহ বাক্য হিসেবে পরিবেশিত হচ্ছে কিনা। বাণী উপস্থাপনের দ্বারাই ঠুমরীকে খেয়াল বা ধ্রুপদ ধামার থেকে আলাদা করে চেনা যায়। ওকে বোল বানানোর কায়দা বলা হয়। এই কায়দা আবার বিশেষ বিশেষ স্থানে বিশেষ বিশেষ রকম। লক্ষ্ণৌ, বেনারস, গয়া পাঞ্জাব ওই সকল জায়গায় সব আলাদা আলাদা ভাবে চিহ্নিত করা যায়। ঠুমরীকে স্বাধীনভাবেই পরিবেশন করা হয় তবে রাগ মিশ্রণের গাণিতিক নিয়মাবলী না জানা থাকলে তা সহজে মিশ্র করা যায় না।

রাগসঙ্গীতের প্রচার ও প্রসারে ওয়াজেদ আলী শাহ্ অগ্রণী ভূমিকা পালন করেন। ইংরেজ শাসনামলে ওয়াজেদ আলী শাহ্-কে নির্বাসিত হয়ে কলকাতার মেটিয়াবুরুজে শেষ জীবন অতিবাহিত করতে হয়েছিল। বাংলায় (পূর্ব–পশ্চিমে) রাগসঙ্গীতের চর্চার এক প্রবল প্রবাহ তখনই শুরু। খেয়াল ও ঠুমরীর জোয়ার বয়ে চলে, তখন আরো যাঁরা আসেন—জানপিয়া রাও, মৈজুদ্দীন খান, মীর্জা সাহেব, গয়ার শোনীজী মহারাজ, শ্যাম লাল ছেত্রী এঁরা বাংলায় রাগ সঙ্গীতকে সুপ্রতিষ্ঠিত করেন। বাংলাদেশে পরবর্তীকালে ঠুমরী প্রচারের মূলে ছিলেন সঙ্গীতাচার্য গিরিজাশঙ্কর চক্রবর্তীর শিক্ষাদান।

বঙ্গদেশে সঙ্গীতের মূল কেন্দ্র ছিল বিষ্ণুপুরে যা পরবর্তীতে বিষ্ণুপুর ঘরানায় পরিবর্তিত হয়। সেখানে ধ্রুপদের চর্চা ছিল। বাংলায় ধ্রুপদের সূচনা সেখানেই ঘটে। বিষ্ণুপুরে ধ্রুপদের চর্চার কারণ হিসেবে বলা যেতে পারে—তানসেনের বংশধর বাহাদুর সেন খাঁ বিষ্ণুপুর রাজ দরবারে অবস্থান করে শিষ্য তৈরী করেছিলেন এবং একইভাবে রাম শঙ্কর ভট্টাচার্য (১৭৬১–১৮৫৩) তিনিও ধ্রুপদে অবদান রাখেন। তিনি একজন গুণী সঙ্গীতজ্ঞ ও ধ্রুপদ রচয়িতা ছিলেন। তিনি বাংলায় প্রথম ধ্রুপদ রচনা করেন ও ধ্রুপদ গাওয়ারও একটি বিশেষ ঢং গঠন করেন।[২]

ব্রহ্মসঙ্গীত বাংলা ধ্রুপদের প্রধান অবলম্বন। রামশঙ্করের শিষ্যদের মধ্যে ক্ষেত্রমোহন গোস্বামী (১৮২৩–১৮৯৩) রামকেশর ভট্টাচার্য, কেশবলাল চক্রবর্তী, রমাপতি বন্দোপাধ্যায়, দীনবন্ধু গোস্বামী, অনন্তলাল বন্দোপাধ্যায় (১৮৩২–১৮৯৬) প্রমুখ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। তাঁরা সকলেই বাংলায় ধ্রুপদ রচনা ও পরিবেশনায় নিবিষ্ট ছিলেন। তাঁদেরই উত্তরসুরী যদুনাথ ভট্টাচার্য যিনি যদুভট্ট (১৮৪০–১৮৮৩) নামে বিখ্যাত। তিনি ছিলেন যশস্বী গায়ক ও ধ্রুপদ রচয়িতা। তিনি পরবর্তীতে দেবেন্দ্রনাথ ঠাকুরের (রবীন্দ্রনাথের পিতা) আমন্ত্রণে জোড়াসাঁকোর ঠাকুর বাড়িতে অবস্থান করেন এবং ১৮৭৪ সালে আদি ব্রাহ্মসমাজ সঙ্গীত বিদ্যালয়ে অধ্যক্ষ নিযুক্ত হন। রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ স্থাপন করেন ১৮২৮ সালে। বিষ্ণু চক্রবর্তীও (১৮০৪–১৯০০) একজন বিখ্যাত সঙ্গীতজ্ঞ ছিলেন, রাজা রামমোহন রায় তাকে সঙ্গীতাচার্য পদে নিযুক্ত করেছিলেন। ফলে ধ্রুপদ গান ব্রহ্মসঙ্গীতকে অবলম্বন করে রচিত হয়েছিল একথা নিশ্চিত করে বলা যায়। পরবর্তীতে রবীন্দ্রনাথ বাংলা ধ্রুপদের সর্বশ্রেষ্ঠ রচনাকার হিসেবে খ্যাত ছিলেন। রাজা রামমোহন রায় প্রায় ৪০ থেকে ৪৫টি গান রচনা করেন। তার শেষ গানটি ছিল—

বাগেশ্রী—আড়া ঠেকা
কি স্বদেশে কি বিদেশে যথায় তথায় থাকি
তোমার রচনা মধ্য তোমাকে দেখিয়া ডাকি ॥
দেশ ভেদে কাল ভেদে রচনা অসীমা
প্রতি ক্ষণে সাক্ষ্য দেয় তোমার মহিমা
তোমার প্রভাব দেখি না থাকি একাকী ॥[৩]

রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলা ধ্রুপদী গান যথা—

রাগ: আড়ানা, তাল: চৌতাল
বানী তব ধায় অনন্ত গগনে লোকে লোকে
তব বানী চন্দ্র দীপ্ত তপন হারা ॥
সুখ দুখ তব বাণী, জনম মরণ বাণী তোমার
নিভৃত গভীর তব বাণী ভক্ত হৃদয়ে শান্তি ধারা ॥[৪]

রাগ: ভীমপলশ্রী, তাল: তেওড়া
বিপুল তরঙ্গ রে, বিপুল তরঙ্গ রে
সব গগন উদ্‌বেলিয়া মগন করি অতীত অনাগত
আলোকে উজ্জ্বল জীবনে চঞ্চল একি আনন্দ তরঙ্গ ॥
তাই দুলিছে দিনকর চন্দ্র তারা
চমকি কম্পিছে চেতনা ধারা
আকুল চঞ্চল নাচে সংসার কুহবে হৃদয় বিহঙ্গ ॥[৫]

রবীন্দ্রনাথের বাংলা খেয়াল:
রাগ: সোহিনী, তাল: ত্রিতাল

তব প্রেম সুধা রসে মেতেছি

ডুবেছে মম ডুবেছে ॥
কোথা কে আছে নাহি জানি
তোমার মাধুরী পানে মেতেছে ডুবেছে মম ডুবেছে ॥[৬]

বাংলা সঙ্গীতের অনন্য কর্ণধার কাজী নজরুল ইসলামের সৃষ্টি কর্মের এক বিশাল অংশ জুড়ে রয়েছে বাংলা খেয়াল, ঠুমরী। বাংলা ধ্রুপদ রচনার সংখ্যা কিছুটা কম।

কাজী নজরুল ইসলামের পরিপূর্ণ বাংলা খেয়াল:

রাগ: জৌনপুরী, তাল: ত্রিতাল

মম মধুর মিনতি শোন ঘনশ্যাম গিরিধারী
কৃষ্ণ মুরারী আনন্দ ব্রজে তব
সাথে মুরারী ॥
যেন নিশিদিন মুরলী ধ্বনি শুনি
উজান বহে প্রেম যমুনারি বারী
নূপুর হয়ে যেন হে কাচারী
চরণ জড়ায়ে ধরে কাঁদিতে পারি ॥[৭]

রাগ: মেঘ মল্লার, তাল: ত্রিতাল

গগনে সঘন চমকিছে দামিনী
একেলা ভবনে বসি বাতায়নে
পথ চাহি বিরহিনী কামিনী ॥
পূবালী পবন বহে দাদুরী ডাকে
অভিসারে চলে খুঁজি কাহাকে
বৈরাগিনী উন্মনা যামিনী ॥[৮]

তারি ধারাবাহিকতায় বাংলা ভাষায় রাগ পরিবেশনার বিষয়টি দৃঢ় করার জন্যে বেশ কিছু গুণী সঙ্গীতজ্ঞরা কাজ করে গেছেন এবং এখনো করে যাচ্ছেন। কিন্তু প্রায় হাজার বছরের ঐতিহ্যবাহী রাগসঙ্গীতকে বাংলায় গীত হওয়ার অভ্যাস এখনো প্রচলিত হয় নি বললেই চলে।

বাংলাদেশে এ বিষয়ে যাদের অবদান স্মরণীয় তন্মধ্যে ওস্তাদ রইসউদ্দীন, সঙ্গীতজ্ঞ আজাদ রহমান উল্লেখযোগ্য। এছাড়াও ওমর ফারুক, কাদের জামেরী, নিতাই রায়, মীর কাসেম খান প্রমুখ অনেকের রচনায় পাওয়া যায়।

আজাদ রহমানের বাংলা বন্দিশ:

রাগ: তিলক-কামোদ, তাল: ত্রিতাল

আপন করে অন্তরে রাখিব তোমায়
আমার মনের মনি কোঠায় ॥
হৃদয়ে ধ্বনি নয়নের মনি
পূর্ণ হলো সব চাওয়া তোমাকে পাওয়ায় ॥[৯]

ওস্তাদ মুনশী রইসউদ্দীন-এর বাংলা বন্দিশ (লক্ষণগীত)

রাগ: ভৈরবী, তাল: ত্রিতাল

গাহিছে গুণীজন ভৈরবী রাগিনী
শুদ্ধ রাগ রূপকার
শুদ্ধ রে গা মা ধা নি ॥
বাদী সমবাদী মা সা, ন্যাস স্বর মানি পা সা
দিনের প্রথম ভাগে রাগ মনোহারিণী ॥[১০]

রাগ: মিয়া কি মল্লার, তাল: ত্রিতাল, সুর ও স্বরলিপি: ওস্তাদ কাদের জামেরী

ঝরে বারি ঝর ঝর ধারে
মনে পড়ে তারে আজি বারে বারে ॥
ভেজা এলো চুলে আঁধারে পথ ভুলে
কোথা সে ফেরে ঘুরি কার অভিসারে ॥[১১]

বাংলা ভাষায় রাগ সঙ্গীত পরিবেশনায় ইতিবাচক ও নেতিবাচক দিক

ক. কণ্ঠ সঙ্গীতের রাগ পরিবেশনা বাংলা ভাষায় অর্থাৎ স্বভাষায় হওয়াটা কোন কোন ক্ষেত্রে বাঞ্ছনীয় কারণ, বুঝে গাওয়ার বিষয়টি অভিব্যক্তির জন্য আবশ্যক তবে এ বিষয়ে বলা যায় যে হিন্দী ভাষা যেহেতু বাংলা ভাষায় খুব কাছাকাছি তাই হিন্দী ভাষায় গীত হলেও সকলেই তা বুঝতে পারেন।

খ. সঙ্গীত নান্দনিক বিষয়। রসবোধ না থাকলে তা শ্রোতার কাছে নিয়ে যেতে পারে না। হিন্দীতে কোন কোন শব্দ অত্যন্ত নান্দনিক যা বাংলায় খুঁজে পাওয়া দুরূহ হয়ে পড়ে যেমন—কাঁহা ঢুড়ি অর্থাৎ কোথায় খুঁজি ? বিস্তার পর্বে গিয়ে কোথায় খুঁজি দিয়ে কিছু করাটা একটু সমস্যাই বটে। আরো যেমন—ম্যায়—আমি, তেরে অর্থাৎ তোমার, তোসে—তোকে যাউ—যাই অর্থাৎ হিন্দীতে ্য য-ফলা বা ্যা য-ফলা আকার, ে -এ কারের ব্যবহার বেশী থাকার বিস্তার পর্বে নান্দনিকতার অভাববোধ হয়। তবে সে অভাব পূরণীয় হওয়া সম্ভব রচয়িতার শব্দ চয়নের দ্বারা, সমৃদ্ধ রচনার দ্বারা। রাগ অনুসারে ভাষার ব্যবহারও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

গ. আরো একটি বিষয়, রাগ সঙ্গীত শুধুই বাংলার নয় তার পরিধি উত্তর ভারতের সর্বত্র। যেহেতু তা সহস্র বছর ধরে হিন্দী ও উর্দু ভাষায় গীত হয়ে এসেছে ফলে এর গ্রহণযোগ্যতার পরিধিও অধিক। বন্দিশের ভাষার চেয়েও এর অন্যান্য পরিবেশনাই মুখ্য তাই রাগ বন্দিশ বাংলায় না হিন্দীতে সেদিকে শ্রোতাকূলের ভ্রূক্ষেপ কম। যেহেতু উত্তর ভারতের ভৌগলিক পরিধি বিশাল এবং বাংলাদেশের অধিকাংশ শিল্পীই ভারত থেকে শিক্ষাপ্রাপ্ত সুতরাং নতুন করে বাংলা বন্দিশে পরিবেশনা—কিছুটা সমস্যা অনুভূত হয় বৈকি।

পরিশেষে একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, এর প্রতিকার স্বরূপ একটি ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে বিশেষ পদক্ষেপ নেওয়া যেতে পারে। যেমন—বাংলাদেশের সকল সঙ্গীত শিক্ষা প্রতিষ্ঠানে রাগ সঙ্গীত কোর্সে বাংলা বাণীর ব্যবহার সম্পর্কে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ করা। তবে যেহেতু রাগ সঙ্গীত শুধুই বাংলার নয় সর্বভারতীয় সে ক্ষেত্রে ঐতিহ্যের ধারক-বাহক স্থান ভেদে হিন্দী বিখ্যাত বন্দিশগুলোও চর্চায় রাখা আবশ্যক যা শ্রোতাকূলের আত্মতৃপ্তি ঘটাতে সাহায্য করবে। কারণ একজন বাঙালী শিল্পী যদি দিল্লীতে রাগ পরিবেশন করতে যায় তবে বাণী হিন্দী হওয়াই বাঞ্ছনীয়।

সর্বোপরি একটি বিষয়ে আমরা সকলেই একমত হতে পারি যে বাংলা আমাদের মাতৃভাষা। ১৯৫২ সালের বাংলা ভাষা আন্দোলনের জয়ধ্বনি, ১৯৭১ মুক্তি যুদ্ধে স্বাধীনতার প্রতিধ্বনি, বাংলাভাষাকে দিয়েছে একটি চিরস্থায়ী উচ্চাসন, সেই আসনকে আরো দৃঢ় করে তুলবে যদি রাগসঙ্গীতে বাংলাভাষার ব্যবহার প্রতিষ্ঠিত হয়।

তথ্য নির্দেশ

১। সুকুমার রায়, *ভারতীয় সঙ্গীত ইতিহাস ও পদ্ধতি* প্রকাশক: ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, ১৫৭-বি, বিপিণ বিহারী গাঙ্গুলী স্ট্রীট, কলিকাতা-১২। প্রথম প্রকাশ সেপ্টেম্বর ১৯৭৫, দ্বিতীয় মুদ্রণ ১৯৮৮। পৃ.১৮৬

২। করুণাময় গোস্বামী, *বাংলা গানের কথা,* পৃ.৪০–৪১, শিশুসাহিত্য বিতান, চট্টগ্রাম (টাপুর টুপুর গ্রন্থমালা)।

৩। প্রাগুক্ত, পৃ.৪৪
৪। রবীন্দ্রনাথ ঠাকুর, *গীতবিতান*, অবসর প্রকাশনী সংস্থান, ঢাকা, পৃ.৩২১।
৫। প্রাগুক্ত, পৃ.১৩০।
৬। প্রাগুক্ত, পৃ.৫৮১।
৭। *নজরুল-সংগীত সংগ্রহ* সম্পাদনা: রশিদুন্ নবী, নজরুল ইন্সটিটিউট, ধানমণ্ডি, ঢাকা। পৃ.২৬৭।
৮। প্রাগুক্ত, পৃ.৩৮৩।
৯। আজাদ রহমানের *বাংলা খেয়াল প্রথম খণ্ড*, বাংলা একাডেমী, ১৯৯৯, পৃ.৬২।
১০। ওস্তাদ মুনসী রইসউদ্দীন *ছোটদের সা রে গা মা* সার্গাম পাবলিকেশন্স, ১৫/১৩ তাজমহল রোড, ঢাকা। পুনঃ সংস্করণ ২০০৩, পৃ.১২৫।
১১। *সুরবাগী, বাংলা খেয়াল প্রথম খণ্ড*, সম্পাদনা: সৈয়দ শামসুর হুদা, ১৯৭৪, প্রকাশক: জাহাঙ্গীর হোসেন, ঢাকা, পৃ.৩০।

সহযোগী অধ্যাপিকা ও অধ্যক্ষা, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
Email: leena631@hotmail.com

চিকিৎসায় নজরুল সংগীত প্রয়োগ: একটি সম্ভাবনাময় দিক

মেহফুজ আল ফাহাদ

আধুনিক বিশ্বে সংগীত শুধু বিনোদনে মাধ্যম নয় বরং চিকিৎসার অনুষঙ্গ। চিকিৎসা বিজ্ঞান সংগীতের শক্তি অনুভব করে চিকিৎসা কার্যে তার প্রয়োগ করছে যাকে আমরা বলি Music Therapy বা সংগীতের দ্বারা চিকিৎসা। এই চিকিৎসায় আমাদের আবেগ অনুভূতি, হাসি, কান্না, রাগ, ক্রোধ, হতাশা, আশা নিয়ন্ত্রণ করছে সংগীত। বিশ্বজুড়ে এখন সংগীত সহায় হয়েছে বহু অন্ধ ও মুক মানুষের। সংগীত সেতুবন্ধ রচনা করছে এক হতে বহুর মাঝে, মৌনতা হতে মুখরতার মাঝে, দেখা অদেখার মাঝে, আলো হতে অন্ধকারের মাঝে। এই প্রবন্ধে সংগীত চিকিৎসার পরিচয় প্রদানের পাশাপাশি বাংলাদেশে সংগীত চিকিৎসার সফলতার সম্ভাবনার কথা বলা হয়েছে। বঙ্গ সংস্কৃতির গৌরবময় উল্লেখযোগ্য সম্পদ কাজী নজরুল ইসলাম রচিত সংগীতের মাধ্যমে চিকিৎসার উপযোগিতা *প্রমাণের প্রস্তাবনা উল্লেখিত হয়েছে। নজরুল সংগীত অমৃত রূপ সুধায় সিক্ত এক অপূর্ব সৃষ্টি। গানের অগ্রগতিতে কথার গায়ে গায়ে জড়ানো সুর তার রূপ খুলে রামধনুর মত মনের আকাশকে বহু বিচিত্র বর্ণে বিকশিত করে। 'সুরে ও বাণীর মালা দিয়ে' নজরুল বাঙালির মানসকে গভীরভাবে স্পর্শ করেছেন। তাই যদি নজরুল সংগীতের সুর ও বাণী মিলেমিশে একক স্বত্বায় দাঁড়িয়ে মানবিক অসুস্থতার আবহে সংগীতের স্পর্শ দিয়ে স্বস্তি আনে তাতেই এই প্রবন্ধ রচনার সার্থকতা।*

Music Therapy কি ?

Music Therapy অর্থ এমন চিকিৎসা পদ্ধতি যেখানে সংগীত অনুঘটক হিসেবে কাজ করে। সংগীত চিকিৎসা বিজ্ঞানের পাশাপাশি শিল্পের নতুনধারা হতে পারে কিনা এই নিয়ে শিল্প ও বিজ্ঞান উভয় ক্ষেত্রেই চলছে বিশদ গবেষণা, আলোচনা এবং বিতর্ক। সেই আলোচনাতে সংগীতের উৎপত্তি ইতিহাস নিচ্ছে গুরুত্বপূর্ণ ভূমিকা।

সংগীতের উৎপত্তি মানব সভ্যতার শুরুর দিকে। সূক্ষ্মভাবে বলতে গেলে আদিম মানব সমাজে সংগীতের উৎপত্তি। কিন্তু সংগীত আদিম সমাজে শিল্প বা চেতনালব্ধ মাধ্যম হিসেবে নয় বরং এর উৎপত্তি ঘটেছিল Medium of communication বা যোগাযোগের ধারণা থেকে। আদিম মানুষ প্রথমে ধ্বনিকে ব্যবহার করতে শিখল একতাবদ্ধ হতে, এরপর সেই সংকেতকে তারা ব্যবহার করল শিকার অন্বেষণ আর পারস্পরিক যোগাযোগের মাধ্যম হিসেবে, এরপর সেই ধ্বনির বিকাশ এবং বিস্তার যখন তাদের আবেগ আর অনুভূতিকে প্রকাশ করতে শুরু করল তা হয়ে উঠল সংগীত। অন্যদিকে প্রাচীন সমাজ ব্যবস্থায় সুস্থতার প্রয়োজনে, জ্ঞানের বিকাশ এবং বিজ্ঞান মনস্কতার মিথস্ক্রিয়ায় উৎপত্তি চিকিৎসা বিজ্ঞানের। শিল্প আর বিজ্ঞানের সম্পূর্ণ আলাদা দুটি মাধ্যম মানবসেবায় একীভূত হল আধুনিক যুগে, উত্তর আধুনিক যুগে এসে এর বিকাশ ঘটলো। শিল্প আর বিজ্ঞান এই দুইয়ের সম্মিলিত ধারাই হল সংগীতের মাধ্যমে চিকিৎসা বা Music Therapy। শব্দটি দুইটি ভিন্ন মাধ্যমের সংমিশ্রণ। *Encyclopedia of Britannica* অনুসারে Music Therapy একসাথে শিল্প ও বিজ্ঞানকে একত্রিত করে। সংগীত ও চিকিৎসা, এর সংমিশ্রণ এই Music Therapy। এই চিকিৎসা শুধুমাত্র দৈহিক আরোগ্য লাভের জন্যই ব্যবহৃত হয় না একই সাথে মানসিক উন্নয়ন, সামাজিক দক্ষতা বৃদ্ধি এবং বিভিন্ন মনোদৈহিক সমস্যার সমাধানে ভূমিকা রাখতে সক্ষম। আমাদের দেশীয় প্রেক্ষাপটে এটি সাম্প্রতিকতম হলেও এর ইতিহাস যথেষ্ট প্রাচীন। ইতিহাস পর্যালোচনা থেকে আমরা দেখি খ্রিষ্টপূর্ব সময়কাল থেকে সংগীতের মাধ্যমে চিকিৎসার উপকারিতা এবং উপযোগিতার কথা মানুষ ভেবেছে যার উল্লেখ পাওয়া যায় পৃথিবীর প্রাচীন নানা শাস্ত্রে। আয়ুর্বেদশাস্ত্রে এই চিকিৎসার কথা প্রথম এসেছে। গ্রীক চিকিৎসাবিদ হিপোক্রিটাস তাঁর *Hippocratic Corpus* গ্রন্থে একাধিকবার সংগীতের নিরাময় গুণের কথা উল্লেখ করেছেন।[১] দশম শতাব্দীতে চিকিৎসা শাস্ত্রে সংগীতের প্রভাব নিয়ে আলোচনার সূত্রপাত করেন প্রখ্যাত মুসলিম চিন্তাবিদ আল ফারাবি তাঁর *কিতাব আল শিফা* গ্রন্থে।[২] তবে এ কথা সত্য প্রাচীন কালে বিভিন্ন পুস্তকে এর উল্লেখ থাকলেও এর প্রায়োগিক উদাহরণ দেখানো সম্ভব হয় নি। মানব সভ্যতার ইতিহাস পর্যালোচনা করলে দেখতে পাই সৃষ্টির শুরু থেকেই মানুষ কিন্তু তার প্রায়োগিক জ্ঞানকে বেশী গুরুত্ব দিয়েছে কেননা তাত্ত্বিক জ্ঞান মুষ্টিমেয় মানুষের জ্ঞান আচরণের একটা পন্থা ছিল মাত্র। তাই দশম শতকে সংগীতের মাধ্যমে চিকিৎসা তাত্ত্বিকভাবে আলোর মুখ দেখলেও বিষয়টি দ্রুত অন্যান্য প্রায়োগিক জ্ঞানের কাছে চাপা পড়ে যায়। ইউরোপে মিউজিক থেরাপি নিয়ে *Medicinia Musica* নামে প্রথম একটি বই লেখেন রবার্ট ব্রাউন, ১৭২৯ সালে। আধুনিক চিকিৎসায় সংগীতের ব্যবহার শুরু হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ট্রমা আক্রান্ত রোগীদের চিকিৎসার মাধ্যমে। ১৯৪৪ সালে সর্বপ্রথম মিশিগান ইউনিভার্সিটি সংগীতের মাধ্যমে চিকিৎসাকে বিশ্ববিদ্যালয় পাঠ্যক্রমে বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করে স্নাতোকোত্তর ডিগ্রী প্রদান করে। বর্তমানে ইউরোপ এবং আমেরিকার বেশ কয়েকটি দেশে চিকিৎসাবিজ্ঞানের উপশাখা হিসেবে আর্ট এবং মিউজিক থেরাপিতে স্নাতকোত্তর পর্যায়ে ডিগ্রি দেওয়া হচ্ছে।

১৯৪৪ সালে Music Therapy আনুষ্ঠানিক যাত্রা শুরু করলেও বাংলাদেশে এই পদ্ধতির প্রয়োগ এখনো দেখানো সম্ভব হয়নি। তাত্ত্বিক এবং প্রায়োগিক কোনভাবেই নয়। কিন্তু আধুনিক চিকিৎসাবিজ্ঞানে সংগীতের উপযোগীতা প্রমাণকারী এই পদ্ধতি বাংলাদেশের চিকিৎসা ক্ষেত্রে অগ্রগতির পথে বড় পদক্ষেপ ফেলবে বলে আশা করা যায়। সংগীতের মাধ্যমে চিকিৎসার ধারণাটি যেহেতু আমাদের দেশে সুপরিচিত নয়, তাই আলোচনার সর্বাগ্রে জানা প্রয়োজন এই চিকিৎসার মূল ধারণাটি কেমন। ১৯৯৪ সালে কানাডার ভ্যানকিউভারে সংগীতের মাধ্যমে চিকিৎসার উপরে আয়োজিত বার্ষিক সম্মেলনে Music Therapy-র একটি সর্বজন গ্রহণযোগ্য সংজ্ঞা গৃহীত হয়। সেখানে বলা হয়—

Music therapy is the skillful use of music and musical elements by an accredited therapist to

promote, maintain and restore mental, physical, emotional and spiritual health. Music has non-verbal, creative, structural and emotional qualities. These are used in the therapeutic relationship to facilitate contact, interaction, self-awareness, learning, self-expression, communication and personal development.[৩]

উপরোক্ত সম্মেলনে এই চিকিৎসার কার্যপরিধি এবং সংজ্ঞা সম্পর্কে বিস্তর আলোচনা হয়। সেই আলোচনা পরবর্তীতে প্রতিফলিত হয় প্রখ্যাত চিকিৎসাবিদ ওলিভার হ্যাকসের *Musicophillia* গ্রন্থে। সেখানে তিনি Music Therapy কে শিল্প ও বিজ্ঞানের সংমিশ্রণ বলে উল্লেখ করে আলোচনা করেন।

'Music therapy is an allied health profession and one of the expressive therapies, consisting of an interpersonal process in which a trained music therapist uses music and all of its facets—physical, emotional, mental, social, aesthetic and spiritual—to help clients to improve or maintain their health. Music therapists primarily help clients improve their health across various domains (e.g., cognitive functioning, motor skills, emotional and effective development, behavior and social skills and quality of life) by using music experiences (e.g., free improvisation, singing, songwriting, listening to and discussing music, moving to music) to achieve treatment goals and objectives. It is considered both an art and a science.'[৪]

সংগীত মানুষের হৃৎস্পন্দন, রক্তচাপ, শ্বাসপ্রশ্বাসের গতি, মাংসপেশির স্থিতিস্থাপকতা, হরমোন নিঃসরণ, ইমিউনিটি বা রোগপ্রতিরোধ ক্ষমতার ওপর প্রভাব বিস্তার করে। গবেষণায় প্রমাণিত মানব শরীর ও মনের মোট ৭৮টি সমস্যা প্রতিকারে সক্ষম Music Therapy। ২০০৮ সালে জার্মানিতে ধানের বৃদ্ধি সংক্রান্ত একটি পরীক্ষায় সফল হয়েছে এই চিকিৎসা। তাই জোর দিয়ে এই কথা এখন বলা যায় Music Therapy মানব কল্যাণে সম্ভাবনার অনেক অজানা দিগন্ত খুলে দিচ্ছে। ইউরোপ এবং আমেরিকা মহাদেশে বর্তমানে এই চিকিৎসাকে Alternative Medicine হিসেবে ব্যবহার করা হচ্ছে। *British Music Therapy Association* এবং *American Music Therapy Association* সংস্থা দুইটি সংগীতের মাধ্যমে চিকিৎসার প্রচার, প্রসার এবং প্রয়োগে এর উপযোগিতা ও সম্ভাবনা যাচাইয়ের মাধ্যমে তাত্ত্বিক ও প্রায়োগিক উভয় ক্ষেত্রেই সফল গবেষণা পরিচালনা করছে। একটি সমীক্ষায় দেখা গেছে ইউরোপে ২৬% হাসপাতালে প্রচলিত চিকিৎসার পাশাপাশি Music Therapy দেয়ার ব্যবস্থা আছে।[৫] কাজেই দেখা যাচ্ছে উন্নত চিকিৎসা ব্যবস্থার একটি অংশ হিসেবে ইউরোপ ও আমেরিকায় এই চিকিৎসা ব্যবস্থা নিজস্ব স্থান দখল করছে।

ইতিহাস অনুসারে সিরায়ায় আলেপ্পো শহরে ১৪ শতকে নির্মিত একটি মানসিক হাসপাতাল ছিল যেখানে সংগীতের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা ছিল। ২০০৭ সালে লন্ডনের টেম্পল বিশ্ববিদ্যালয় একটি গবেষণায় প্রমাণ করে এশিয়ার মধ্যপ্রাচ্যে ৫০০–৭০০ শতাব্দীতে পশুর চামড়া নির্মিত ঢাক-ঢোল এবং কিছু তারযন্ত্রের মাধ্যমে চিকিৎসার সময় সংগীতকে আশ্রয় করা হত। ভারত ও আফ্রিকার কিছু আদিবাসী গোষ্ঠীর জীবনাচরণেও একই প্রভাব পাওয়া যায়। বর্তমানে দক্ষিণ আমেরিকা ও উত্তর আমেরিকার বিভিন্ন আদিবাসী গোষ্ঠীর দেহ ও মনের উপর সংগীতের প্রভাব নিয়ে গবেষণা চালাচ্ছেন বিশেষজ্ঞরা। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থা একাডেমিক হতে প্রকাশিত মিউজিক থেরাপি জার্নালের ২০১৬ প্রকাশনায় গবেষক এল. হুইলার এবং মার্ফি'র গবেষণার প্রাপ্ত ফলাফলে দেখা গেছে গর্ভের শিশু সংগীতে সাড়া প্রদান করে, শিশু জন্মের ২ সপ্তাহ থেকে শুরু করে ৪ বছর পর্যন্ত ভারতীয় ও পাশ্চাত্য শাস্ত্রীয় সংগীত শোনানো হলে স্বাভাবিক প্রক্রিয়ায় বেড়ে উঠা শিশুর থেকে ওই শিশুর মস্তিষ্কের প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি বেশী হয়। এই ফলাফলটি তাঁরা ২০১৬ সালে বার্সেলোনা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত *Music Therapy Research* গ্রন্থের ৭৪৮ নং পৃষ্ঠায় নথিভুক্ত করেন। গবেষণায় প্রাপ্ত এই ধরনের ফলাফল বিশ্ব জুড়ে Music Therapy-র সাফল্যক্রমকে আরও দীর্ঘায়িত করেছে।

বাংলাদেশে এর চর্চা

গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে বাংলাদেশে সংগীতের মাধ্যমে চিকিৎসার ভবিষ্যৎ সাফল্যমন্ডিত বলে আশা করা যায়। আমরা জানি আমাদের লোক সাহিত্য আর সংগীত কতখানি বৈশিষ্ট্য মন্ডিত আর প্রাচুর্যে পরিপূর্ণ। যখন আলোচনায় আসে বাংলা গানে ভারতীয় বা হিন্দুস্থানি রাগের আশ্রয় আর প্রভাবের কথা তখন সবচেয়ে বৃহৎ ও সমৃদ্ধতম ভান্ডার কাজী নজরুল ইসলামের গান বা নজরুল সংগীত। নজরুল সংগীত বঙ্গীয় সংস্কৃতির এক উল্লেখযোগ্য গৌরবময় সম্পদ।

বাংলাগানের ধারাটি বাণী প্রধান, এ ধারায় বাণীকে ছাপিয়ে সুর প্রধান হতে পারেনা। কিন্তু রাগসঙ্গীতের মূল ধারায় বাণী গৌণ সুর প্রধান। কাজী নজরুল ইসলাম এই দুইয়ের অপূর্ব মেলবন্ধন ঘটালেন বাংলাগানে, যাত্রা শুরু করলো বাংলাগানের নবতম ধারা। যার সুর রাগাশ্রয়ী কিন্তু কথা চিরায়ত বাংলাগানের ধারার মত রোম্যান্টিক, উপমা আর চিত্রকল্পময়।

ভারতীয় গবেষক ডঃ অনিল পাতিল সংগীত চিকিৎসার উপর কাজ করছেন ৯০ দশকের এর গোড়া থেকে। মুম্বাইয়ে ২০০৯ সালে পরিচালিত একটি গবেষণায় বিভিন্ন রোগ বা স্নায়বিক দৌর্বল্যের উপর ভারতীয় রাগ সংগীতের প্রভাব দেখিয়েছেন। উপমহাদেশে তিনি সর্বপ্রথম বিষয়টিকে পুঁথিগত তত্ত্বকথায় আটকে রাখলেন না, একজন চিকিৎসাবিদ হওয়ায় তিনি রোগীদের উপর এই রাগগুলোর প্রভাব সরাসরি পর্যবেক্ষণ করলেন এবং ফলাফলকে নথিবদ্ধ করলেন। তাঁর প্রণীত তালিকা নীচে উল্লেখিত হল—

Disease	Raga helps with
Heart disease	Raga Chandrakanush; Raga Malkaush
Digestive Problems	Raga Bhairavi; Raga Vrindabani Sarang
Depression	Raga Shankara; Raga Todi; Raga Paraj
Cognitive Disorder, Migraine	Raga Jaunpuri; Raga Sohini
Stress management, pain reduction	Raga Desh; Raga Jayjayanti; Raga Shyam Kalyan

অর্থাৎ এই শারীরিক ও মানসিক সমস্যাগুলোর উপর তিনি উপরোক্ত রাগগুলোর ইতিবাচক প্রভাব পেয়েছেন। যার অর্থ দাঁড়ায় উল্লেখিত রাগগুলো মানব দেহ ও মনের উপর প্রভাব বিস্তারে সক্ষম। ডাঃ পাতিল তাঁর পর্যবেক্ষণে উল্লেখ করেছেন Stress management এর ক্ষেত্রে

অধিকাংশ সময় ক্ষ প ন র্স ণ ধ প ধ ম গ র গ র ন্ স, ণ ধ প ম প ন র্স এই স্বরসঙ্গতি অত্যন্ত প্রভাব বিস্তারিত করে। Heart disease এর ক্ষেত্রে মালকৌশ এর র্স ণ দ ণ র্স র্জ্ঞ র্স ণ দ ণ দ ম এই চলন সঙ্গতি ইতিবাচক প্রভাব প্রকাশ করে।

ডাঃ পাতিলের এই তালিকাটি বাংলাদেশের প্রেক্ষাপটে নজরুল সঙ্গীতের মাধ্যমে সংগীত চিকিৎসার কথা ভাবতে উৎসাহিত করে। কেননা নজরুলের রাগাশ্রয়ী গানগুলিতে এই রাগগুলোর শুদ্ধ রূপ পাওয়া সম্ভব আবার একই সাথে বাণীর দ্যোতনা মানবমনের গভীরে চিত্রকল্প ফুটিয়ে তুলতে সক্ষম। উল্লেখিত রাগগুলো মানব শরীর ও মনের উপর প্রভাব বিস্তার করে। ডাঃ পাতিল তাঁর গবেষণায় শুধু সুরের প্রভাবের কথা উল্লেখ করেছেন কিন্তু Therapeutic Theatre বলে শব্দ, বাণী বা সংগীতের ভাষায় গীতিকবিতা বা লিরিক ও মানব মনে প্রভাব বিস্তার করে।[৭] কাজেই নজরুলের সুর ও বাণীর ছোঁয়ায় বাংলাদেশে সংগীত চিকিৎসার সম্ভাবনা নতুন দিগন্ত উন্মোচন করতে পারে।

ডঃ পাতিলের তালিকায় উল্লেখিত রাগে নিবদ্ধ উদাহরণস্বরূপ কয়েকটি নজরুল সংগীত উল্লেখ করা হল।

রোগের তালিকা	প্রভাব বিস্তারি রাগ	নজরুল সংগীত
Heart disease	রাগ মালকৌশ; রাগ চন্দ্রকৌশ; রাগ শংকরাভরণ	শোন লো বাঁশিতে ডাকে আমার শ্যাম (মালকৌশ); বন পথে কে যায় (চন্দ্রকৌশ); নাচে নটরাজ মহাকাল (শংকরাভরণ)
Digestive problem	রাগ ভৈরবী; রাগ বৃন্দাবনি সারং	তিমির বিদারি অলখ বিহারি (ভৈরবী); একই এ মধু শ্যাম বিরহে (বৃন্দাবনি সারং)
Depression	রাগ শংকরা; রাগ টোড়ি; রাগ পরজ	মধুর নূপুর রুমুঝুমু বাজে (শংকরা); মোর না মিটিতে আশা ভাঙ্গিল খেলা (টোড়ি); এল বনান্তে পাগল বসন্ত (পরজ)
Cognitive disorder	রাগ জৌনপুরি	বৃথা তুই কাহার পরে করিস অভিমান (জৌনপুরি)
Stress management	রাগ দেশ; রাগ শ্যাম কল্যাণ; রাগ জয়জয়ন্তি	কেন করুণ সুরে হৃদয় পুরে (দেশ); রসঘন শ্যাম কল্যাণ সুন্দর (শ্যাম কল্যাণ); মেঘে মেঘে অন্ধ অসীম আকাশ (জয়জয়ন্তী)

এই তালিকা একটি প্রস্তাবিত খসড়া তালিকামাত্র। উল্লেখিত রাগে কাজী নজরুল ইসলামের আরো বহু গান আছে। সংগীতের মাধ্যমে চিকিৎসার প্রায়োগিক বাস্তবায়নের ক্ষেত্রে আরো বড় পরিসরে এই তালিকার বাস্তবায়ন করা যেতে পারে।

বাংলাদেশে বিশ্ববিদ্যালয় ভিত্তিক সংগীত শিক্ষায় নজরুল সংগীত বর্তমানে প্রাতিষ্ঠানিক শিক্ষার রূপ লাভ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগ সহ অন্যান্য পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে যেখানে নজরুল সংগীত আর সাহিত্যের প্রাতিষ্ঠানিক শিক্ষা পদ্ধতি প্রচলিত সে সকল ক্ষেত্রে উপরিউক্ত প্রস্তাবনাটি আরো বিশাল পরিসরে সকলকে গবেষণা ক্ষেত্রে উৎসাহিত করবে। আসলে আমরা এখন এমন সময়ে বাস করছি, যখন জ্ঞানের নানা ক্ষেত্র পরস্পরের দেয়াল ভেঙে একে অন্যের সঙ্গে মিশে নতুন সত্ত্বায় এককভাবে নিজেদের সম্ভাবনাকে বাড়িয়ে তুলছে। যদি রক্ত, অ্যান্টিসেপটিক, স্যালাইন টিউব, অসুস্থতার অসহায় ও ভীতিকর আবহে কোমল সুরের প্রবেশাধিকার সুস্থতার বার্তা আনে তাতেই *Music Therapy*-র সাফল্য।

তথ্যসূত্র

১। Music as medicine: The History of Music Therapy Since Antiquity, p.08, Perigrine horden, Ashgate publications, 2000।

২। *চিকিৎসায় সংগীত ও চিত্রকলাঃ* শাহাদুজ্জামান, দৈনিক প্রথম আলো, ১২ মার্চ ২০১০।

৩। Source: Canadian Association for Music Therapy/Association de Musicotherapie du Canada Annual General Meeting, Vancouver, British Columbia, May 6, 1994।

৪। Musicophilia: Tales of Music and Brain. Oliver sacks. Good Reads, New York, 2007, p.7।

৫। Music as medicine: The History of Music Therapy Since Antiquity, p.52–53, Perigrine horden, Ashgate publications, 2000।

৬। নজরুল ইন্সটিটিউট হতে প্রকাশিত *সংগীতের বিচিত্র ধারা* গ্রন্থের ১৩নং পৃষ্ঠায় আবদুল আজিজ আল আমান রচিত *নজরুল সংগীত পটভূমি ও পরিচয়* প্রবন্ধ দ্রষ্টব্য।

৭। https://en.wikipedia.org/wiki/Drama_therapy দ্রষ্টব্য।

সহায়ক গ্রন্থপঞ্জী

১। Music as medicine: *The History of Music Therapy Since Antiquity*, Perigrine horden, Ashgate publications, 2000.

২। *Musicophilia: Tales of Music and Brain.* Oliver sacks. Good Reads, New York, 2007.

৩। *Music Therapy in the treatment of adults with mental disorders*, R.F. Onkefer, Good reads, New York, 2005.

৪। *Music Therapy research* (3rd edition), Barbara L. Wheeler and Kathleen M. Murphy, Baarcelona publishers, 2014.

৫। *নজরুল গীতি প্রসঙ্গঃ*, ড. করুণাময় গোস্বামী, বাংলা একাডেমী ঢাকা, জানুয়ারী ১৯৭৮।

৬। *নজরুল সংগীতে রাগের ব্যবহার*, ডঃ লীনা তাপসী খান, নজরুল ইন্সটিটিউট, ফেব্রুয়ারি ২০১১।

৭। *নজরুল সংগীতের বিচিত্র ধারা*, মোবারক হোসেন খান সম্পাদিত, নজরুল ইন্সটিটিউট, অক্টোবর ২০০৫।

৮। *নজরুল কাব্য ও সংগীত*, মোহাম্মদ মাহফুজুল্লাহ, ধ্রুপদ সাহিত্যাঙ্গন, ২০১২।

৯। *নজরুল সঙ্গীত নির্দেশিকা*, ব্রহ্মমোহন ঠাকুর, নজরুল ইন্সটিটিউট, ২৫ মে ২০০৯।

১০। *নজরুল সঙ্গীত সংগ্রহ*, রশিদুন নবী সম্পাদিত, নজরুল ইন্সটিটিউট, ২০১২ সংস্করণ।

খন্ডকালীন শিক্ষক, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
Email: mehfujdu@gmail.com

বাংলা গানের ধারা

আরাধনা রায়

ভাষাবদ্ধ সুর হলো গান। বাংলা ভাষায় রচিত গানকেই আমরা বাংলা গান বলি। বাংলার প্রকৃতির মতো বাংলা গানেও গানেও আছে বহু বৈচিত্র্য। কিন্তু বাংলা গানে বহু বিচিত্র সুর ও রীতির সমাবেশ থাকা সত্ত্বেও তাকে বাংলা গান বলে চিনে নিতে ভুল হয় না। কারণ সুর ও রীতির যত বৈচিত্র্যই বাংলা গানে এসে ভীড় করুক না কেন, বাংলা গান কখনও ভারতীয় এবং বাংলার উচ্চাঙ্গ সংগীতের মূল ভিত্তিভূমি থেকে সরে যায়নি। বর্তমান প্রবন্ধে বাংলা গানের বিভিন্ন ধারা নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হলো।

চর্যাপদ গান

বাংলার আদি গান বলতে যদিও সহজিয়া বৌদ্ধদের চর্যাপদ গান বা চর্যাগীতিকেই ধরে নেওয়া হয়, তবুও এ কথা স্বীকার করতেই হবে যে, এই গানই বাংলা গানের প্রাথমিক রূপ নয়। এর আগেও বাংলায় গান ছিল কিন্তু তার ক্রিয়াত্মক রূপ সম্পর্কে সঠিক কিছু জানা যায় না। কারণ, 'চর্যাপদ' গান প্রাচীন বিপ্রকীর্ণ শ্রেণীর প্রবন্ধের অন্তর্গত। এই শ্রেণীর প্রবন্ধ খ্রিষ্টপূর্ব কালেও ভারতের বিভিন্ন অঞ্চলে নাগরিক গানরূপে আঞ্চলিক ভাষা-রাগ-তালকে অবলম্বন করে বিকশিত হয়েছিল। তাই অভিজাত প্রবন্ধরূপ চর্যাপদ কখনোই গৌড়রাজ্যের সাংগীতিক বিকাশের প্রাথমিক স্তর হতে পারে না। ত্রয়োদশ শতকের প্রথমার্ধের সংগীতশাস্ত্রী শার্ঙ্গদেব থেকে শুরু করে ষোড়শ শতকের কর্ণাটক সংগীতজ্ঞানী বেঙ্কটমখী পর্যন্ত অনেক সংগীতশাস্ত্রী চর্যা প্রবন্ধ গীতির বিবরণ দিয়েছেন। এই গান ছিল মহাযানী বৌদ্ধদের এক ধরনের আঞ্চলিক রাগাশ্রিত ধর্মীয়-সংগীত। এই পদগান ছিল এই অঞ্চলের একটি আগন্তুক সংগীতরীতি। সান্ধ্যভাষা বা আলো আঁধারি ভাষার গানের মাধ্যমেই বৌদ্ধ সিদ্ধাচার্যরা বৌদ্ধধর্মের সাধনপদ্ধতি সম্পর্কে, ধর্ম সম্পর্কে শিষ্যদের শিক্ষা দিতেন। কিন্তু এতে শুধু নীরস তত্ত্বকথা যে ছিল তা নয়, আবার প্রতিটি চর্যাপদের শীর্ষদেশে দেশী রাগরাগিণীর নাম পাওয়া যায়।

গীতগোবিন্দ ও শ্রীকৃষ্ণকীর্তন

'গীতগোবিন্দ' গ্রন্থটির রচয়িতা কবি জয়দেব (খ্রি: ১২শ শতাব্দী)। এটি কৃষ্ণের লীলা-বিষয়ক গ্রন্থ। গ্রন্থটি সুললিত সংস্কৃত ভাষায় পদ্যাকারে রচিত। জয়দেব লক্ষণ সেনের সভাকবি ছিলেন। জয়দেব খ্রি: ১২শ শতাব্দীর মানুষ ছিলেন, সুতরাং সে-সময়কার অভিজাত শাস্ত্রীয় গীত "প্রবন্ধ"-এর অন্তর্গত ছিল। প্রবন্ধের সঙ্গে বর্তমান ক্ল্যাসিকাল গানের তফাৎ হচ্ছে এই যে, প্রত্যেক প্রবন্ধের রাগ, তাল, ভাষা, কাব্যছন্দ, বিষয়বস্তু, তুক বা ধাতু এবং গাইবার নিয়ম ছিল পূর্বনির্দিষ্ট। প্রখ্যাত সংগীতশাস্ত্রী শ্রী রাজ্যেশ্বর মিত্র জয়দেবের গানগুলিকে 'সালগ সূড়' শ্রেণীর প্রবন্ধ বলে ধারণা করেছেন।[১]

বড়ু চন্ডীদাস রচিত 'শ্রীকৃষ্ণকীর্তন' হচ্ছে পালাকারে রচিত প্রথম বাংলা গীতিনাট্য। এর রচনাকাল সম্বন্ধে পণ্ডিতদের মধ্যে মতভেদ থাকলেও আধুনিক গবেষকদের মধ্যে কেউ কেউ বলেছেন এটি খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রথমার্ধে রচিত হয়েছিল।

ঐ গীতিনাট্যের গানগুলি সবই সংকীর্ণ শ্রেণীর প্রবন্ধ ছিল। গানগুলির শীর্ষদেশে প্রবন্ধ-নাম, রাগ-নাম ও তাল-নাম উল্লিখিত হয়েছে। বঙ্গদেশে প্রবন্ধের যুগ পঞ্চদশ শতকের শেষ অবধি প্রচলিত ছিল। এরপর ষোড়শ শতক থেকে সংকীর্ণ শ্রেণীর প্রবন্ধকে আশ্রয় করেই বিকশিত হয়েছিল বাংলার কীর্তন গান। সংগীতবিজ্ঞানের এই 'প্রকীর্ণ' বা 'বিপ্রকীর্ণ' শ্রেণীর প্রবন্ধকে ক্ল্যাসিকো-ফোক্ (Classico-folk) বলা হয়ে থাকে। 'চর্যাগান' এবং 'শ্রীকৃষ্ণকীর্তন' এই শ্রেণীরই গান ছিল বলে মনে করার সঙ্গত কারণ আছে। কিন্তু জয়দেবের 'গীতগোবিন্দম্' তুলনামূলকভাবে অনেক বেশী শাস্ত্র ঘেঁষা গান ছিল।

কীর্তন

'কীর্তন' শব্দের আভিধানিক অর্থ গুণ-কথন বা যশঃ খ্যাপন। ইষ্টদেব বা মহাজনের যশ, গুণ বা কীর্তিগাথাই কীর্তন গান। সাধারণভাবে 'কীর্তন' গান বলতে আমরা শ্রীকৃষ্ণের লীলাপ্রকাশক গানকেই বুঝে থাকি। 'কীর্তন'-এর বর্ণনা দিতে গিয়ে 'সংকীর্তনে'-র কথাও বলতে হয়। 'সংকীর্তন' বলতে আমরা 'সমবেত গুণগাথা সংগীত'কে বুঝি। বাংলাতেই কীর্তন গানের প্রচলন বেশী থাকার জন্য অনেকে কীর্তনকে বাঙালীর নিজস্ব গান বলে থাকেন। সুর ও ভাবের সুষমায় ভরা, কথার উপর কথার জাল বুনে ও সর্বোপরি মনের আবেগ বা আকুতিকে মান্যতা দিয়ে এই সংগীত সৃষ্টি করা হয়। রাগের উপর ভিত্তি করে সৃষ্টি করা হলেও এই সংগীতে তা গৌণভাবে প্রকাশিত হয় এবং মনের ভক্তি বা ভালবাসাকেই প্রাধান্য দেওয়া হয়। কীর্তন কিন্তু শ্রীচৈতন্যের সৃষ্টি নয়, তিনি কীর্তনের এক বিশেষ ধারার প্রবর্তক ও প্রচারক। লীলা কীর্তনের এক নতুন ধারা যেখানে 'গৌরচন্দ্রিকা' অর্থাৎ গৌরাঙ্গ-বন্দনা সহ মথুরা-বৃন্দাবন প্রচলিত শাস্ত্রীয় রাগ-তাল ও সংক্ষিপ্ত আলাপ সহ প্রাচীন 'বিষ্ণুপদ' গানের ব্যবহার দেখা যায় তা ঠাকুর নরোত্তম দত্ত কর্তৃক প্রবর্তিত হয়েছিল। ধ্রুপদ বা খেয়াল গানের ঘরানার মত কীর্তনেও চার-পাঁচটি ঘরানার নাম পাওয়া যায়। সেগুলি হলো: গরাণহাটী ঘরানা, মনোহরশাহী ঘরানা, রেনেটী ঘরানা, মান্দারণী ঘরানা এবং 'ঝাড়খন্ডী' ঘরানা। এইগুলির আবার বিভিন্ন বৈশিষ্ট্য দেখা যায়। তবে বলা যায় যে, বাংলা গানের ক্রমবির্তনে কীর্তন গানের এক বিশিষ্ট ভূমিকা ছিল।

মধ্যযুগের বাংলা গান

মধ্যযুগে বঙ্গদেশে একরকম চাপান-উতোরমূলক গান গ্রামাঞ্চলে এবং পরে শহরাঞ্চলে প্রচলিত ছিল, তাকে 'কবিগান' বলা হয়। এই গানের উৎস

সম্বন্ধে বিভিন্ন মত আছে। ডঃ হরেকৃষ্ণ মুখোপাধ্যায়ের মতে, এই গান পশ্চিমবঙ্গের বা রাঢ় বঙ্গের 'ঝুমুর' গান থেকে উৎপত্তি লাভ করেছে, আবার অনেকে নদীয়া বা শান্তিপুরের 'খেউড়' গানের বিবর্তিত রূপ বলে মনে করেন। কবিগানের লড়াইয়ে দুটি দল থাকতো যেখানে একদল গানের মাধ্যমে 'চাপান' বা প্রশ্ন রাখতো, অপর দল একইভাবে গান গেয়ে তার 'উতোর' বা উত্তর দিতো। এই গানে একদিকে যেমন দেবদেবীর লীলা বর্ণিত হয় অত্যন্ত ভক্তিরসের সাহায্যে, তেমনি একই দিকে মানবীয় স্থূলরুচির যথেষ্ট প্রভাব দেখা যায় যা বহু ক্ষেত্রে অশ্লীলতারও পরিচয় দেয়। কবিগানের প্রতিযোগিতায় চারটি স্তর বা পর্যায় থাকতো, গুরুদেবের গীত, সখী সংবাদ, বিরহ ও ভাঙড়। বিখ্যাত কয়েকজন কবিয়ালের নামোল্লেখ করা যেতে পারে। তারা হলেন, রামজী দাস, ভবানী বণিক, রাসু, রাম বসু, ভোলা ময়রা, এ্যান্টনি কবিয়াল প্রমুখ।

বাংলার নিজস্ব ক্ল্যাসিকাল গান বলতে 'আখড়াই' গানকে বোঝায়। 'আখড়া' শব্দটির অর্থ অনুশীলন কেন্দ্র, সংগ্রামস্থল, আড্ডা প্রভৃতি। হিন্দীতে শব্দটিকে 'অখাড়া', 'অখাউড়া' ইত্যাদিরূপে পাওয়া যায়। শব্দটির সংস্কৃতরূপ 'অক্ষবাট'। মোটকথা সংগীতের ক্ষেত্রে, 'আখড়াই গান'—এর অর্থ অনুশীলন সাপেক্ষ মজলিশী গান। আবুল ফজ্‌ল্‌ রচিত 'আইন-ই-আকবরী' গ্রন্থের সংগীত অধ্যায়ে 'অখারা' গান সম্বন্ধে জানতে পারা যায়। আবুল-ফজ্‌ল্‌ 'আইন-ই-আকবরী' রচনা করেছিলেন ১৬শ শতকে অর্থাৎ ধারণা করা যায় যে, 'অখারা' গান এই সময়ের আগে থেকে প্রচলিত ছিল। আবুল-ফজলের গ্রন্থ থেকে জানা যায় দক্ষিণ ভারতের একটি নৃত্য পদ্ধতি ছিল 'অখারা' যা উচ্চ অভিজাত বর্ণের মধ্যে চর্চা করা হতো এবং এতে গানও থাকতো। কিন্তু ১৮শ–১৯শ শতকে বাংলায় যে 'আখড়াই গান' সম্বন্ধে জানা যায় তা কেবলমাত্র গানই ছিল, এতে নৃত্য কোন ভাবেই ছিল না। এক্ষেত্রে রামনিধি গুপ্ত বা নিধুবাবুর অবদান বিশেষভাবে উল্লেখ করা যায়।

এর পরবর্তীকালে অর্থাৎ ১৮৩২ খৃষ্টাব্দে বাগবাজার মোহনচাঁদ বসু সর্বপ্রথম আখড়াই গানকে ভেঙে 'হাফ-আখড়াই গান' সৃষ্টি করেন। মোহনচাঁদ বসুর সংগীত গুরু ছিলেন রামনিধি গুপ্ত। তিনি কবিগান, টপ্পা, পাঁচালী, আখড়াই গানে অত্যন্ত পারদর্শী ছিলেন। হাফ-আখড়াই গানে রাগ-রাগিণী ছিল। তবে জনপ্রিয়তার কথা ভেবে তিনি এই গানকে অপেক্ষাকৃত সরল ও সাধারণের কাছে সহজবোধ্য করে তুলেছিলেন। তবে মোহনচাঁদের পরে হাফ-আখড়াই গান খুব একটা বেশীদিন স্থায়ী হয়নি।

সপ্তদশ–অষ্টাদশ শতাব্দীতে বাংলা গানের জগতে যাত্রাগানের জয়যাত্রা শুরু হয়। যদিও বাংলায় যাত্রার প্রচলন বলতে গেলে ষোড়শ শতাব্দীর পর থেকেই। 'যাত্রা' শব্দের মূল অর্থ হলো দেবদেবীর পূজায় এবং রাজকীয় সমারোহে শোভাযাত্রা ও সেই উপলক্ষে নাট্য-গীত। ষোড়শ শতাব্দীর শেষে বা সপ্তদশ শতাব্দীর প্রথম দিকে কয়েকটি যাত্রার দল (যারা নিজে নিজে মুখে মুখে গান রচনা করতো) মিথিলা ও বাংলাদেশ থেকে নেপালে চলে যায়। ভারতচন্দ্রের 'চন্ডী' নাটকে অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি একটি সংস্কৃত শ্লোকপূর্ণ প্রাচীন যাত্রা-পালার সন্ধান পাওয়া যায়। আধুনিককালে যে সব যাত্রা পালার কথা জানা যায় তাদের মধ্যে শ্রীকৃষ্ণ-যাত্রাটি সবচেয়ে প্রাচীন। নীলকণ্ঠ মুখোপাধ্যায়, গোবিন্দ অধিকারী প্রমুখ যাত্রাবিদগণ যাত্রাগানে বিশেষ খ্যাতিলাভ করেন। তাঁরা যাত্রায় যে ধরণের গীতরীতি ব্যবহার করেছেন, তাকে 'কীর্তন' বলা না গেলেও, 'কীর্তন'-ভাঙা গান বলা যায়। এসময় নাগরিক পাঁচালী গানও বিশেষ প্রচার লাভ করে। দাশরথি রায় নব্য-পাঁচালী গানের রচয়িতা হিসেবে বিশেষ খ্যাতিলাভ করেন। গ্রাম্য পাঁচালী গানকে 'আবৃত্তি' বলা হলেও এতে একটা বিশেষ সুর পাওয়া যায়, অর্থাৎ 'মার্গ' না হয়ে কোন কোন দেশী সুর সেখানে সঞ্চরণশীল। কিন্তু নগর কোলকাতায় এসে পাঁচালী, কবিগান প্রভৃতি গ্রাম্য গীতিগুলি নাগরিক গীতে প্রচলিত রাগ-রাগিণীর প্রত্যক্ষ ও পরোক্ষ সুরকে আশ্রয় করে।

সমসাময়িককালে 'মঙ্গল' আখ্যায়িকা গানে সাধারণ সংগীতরসিকদের প্রবেশাধিকার ছিল। ভারতচন্দ্রের পূর্বেকার মঙ্গলগানের তারাই ছিল প্রধান ভোক্তা। গীতের গায়নরীতি এতই সরল ও পাঠোপম ছিল যে, ভারতচন্দ্রের পূর্বে মুকুন্দরামের কয়েকটি রচনার কথা বাদ দিলে, সব মঙ্গল গানেরই নির্দিষ্ট একটি সাংগীতিক রীতি ছিল বলে মনে হয় না।[২] ভারতচন্দ্র রায় যখন দরবারী সংগীতকে তাঁর রচনায় উচ্চবর্গের শ্রোতাদের কাছে আদরণীয় করে তুললেন, তখন সাধারণের প্রবেশাধিকার এতে বন্ধ হলো। এর সাথেই মঙ্গলগানের যুগও শেষ হল।

বাংলায় এই সময়েই 'শাক্ত' গানে, বিশেষতঃ রামপ্রসাদ সেনের রচনায় এক নতুন যুগের সূচনা ঘটলো। সেই যুগের মূল কথাটি হলো মানবিক আবেদন, যেখানে দেবতাকে পরম আত্মীয় করে তোলা হয়েছে। কবি রামপ্রসাদ সেনের গুণমুগ্ধ ছিলেন নদীয়ার রাজা কৃষ্ণচন্দ্র যিনি কবিকে 'কবিকঙ্কন' উপাধিতে ভূষিত করেছিলেন। রামপ্রসাদ সেনের গানগুলি 'রামপ্রসাদী' গান নামেই পরিচিত। তিনি তাঁর গানগুলিতে দেবী কালীকে কন্যারূপে বর্ণনা করেছেন। তাঁর গানগুলির ভাষা ও অর্থ সাধারণের কাছে অত্যন্ত গ্রহণযোগ্য হয়েছিল, কারণ, তিনি অত্যন্ত সরল ভাষায় এগুলি রচনা করেছেন। তাঁর গানের সুরে প্রয়োগ নৈপুন্যে রাগরাগিণীর আভাস থাকলেও ব্যাপক লৌকিক আবেদন সৃষ্টি করেছে এবং গানগুলিতে কীর্তনাঙ্গ সুর নতুনভাবে ধরা পড়েছে। শ্যামাসংগীতের সঙ্গে রামপ্রসাদের আগমনী ও বিজয়ার গান বাংলা গানের এক বিশিষ্ট সম্পদ।[৩]

আধুনিক যুগের বাংলা গান

অষ্টাদশ শতকের প্রান্তে এসেই বাংলা গানের স্রোতধারায় দুটি স্পষ্ট বিভাজন দেখা গেল। একটি স্রোতধারার কেন্দ্রে রইল গ্রাম এবং অপরটির কেন্দ্রে এসে দাঁড়াল ইংরেজ বণিকদের তৈরী ব্যবসায়িক শহর, কলকাতা। বাংলার নাগরিক কাব্যসংগীতের প্রথম উল্লেখযোগ্য রচয়িতা নিধুবাবু। বাংলা গানের ইতিহাসে নিধুবাবুর বিশেষ স্থানটি হচ্ছে, তিনি পৌরাণিক নায়ক-নায়িকাদের বর্ণনা ছেড়ে এক নতুন মানব-মানবী কেন্দ্রিক বাংলা কাব্য সংগীতের যুগ রচনা করেন। কথা ও সুরকে সমান সমান মর্যাদা দেবার জন্য নিধুবাবু শোরি মিঞার টপ্পারীতির সূক্ষ্ম ও দ্রুত গতির তান কর্তবের পরিবর্তে, বাংলা কীর্তনে ব্যবহার্য মোটা দানার তানের প্রচলন করেন। টপ্পা-রচয়িতা হিসাবে নিধুবাবুর পরই শ্রীধর কথক এবং কালী মির্জা বিশেষ খ্যাতি লাভ করেন।

উনবিংশ শতাব্দীতে বাংলাগানের ক্ষেত্রে রামমোহন রায়ের অনুগামীদের সৃষ্ট 'ব্রহ্মসংগীত'-এর অবদান বিশেষ লক্ষণীয়। রাজা রামমোহন রায় যখন ব্রাহ্মসমাজ গঠন করেন এবং তাঁর ধর্মমত সমর্থিত ব্রহ্মের স্তবগান বা প্রার্থনা গীত হিসাবে ব্রহ্ম-সংগীতের প্রচলন করেন, তখন তিনি বিশুদ্ধ হিন্দুস্থানী রাগ-সংগীতের ভিত্তিতেই ব্রহ্মসংগীত রচনার স্বীকৃতি দিয়েছিলেন।

এই সময় বাংলাদেশে 'টপ্‌-খেয়াল' নামে এক প্রকার বাংলাগান প্রচলিত ছিল যা টপ্পা ও খেয়াল রীতির সংমিশ্রণে সৃষ্ট।[৪] টপ্‌ খেয়াল একান্তভাবে বাংলার নিজস্ব গায়নরীতি। এর প্রায় সমকালে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের অনুগামীগণ এই গানে বিষ্ণু চক্রবর্তীর মাধ্যমে ধ্রুপদের ধারা যুক্ত করেন ও সেই ধারাই প্রাধান্য পায়। এর মূলধারায়

অর্থাৎ জোড়াসাঁকো ঠাকুরবাড়িকেন্দ্রিক আদি ব্রহ্মসমাজে ধ্রুপদভিত্তিক ব্রহ্মসংগীতের ধারা অব্যাহত থাকে। পরে অবশ্য রাধিকা প্রসাদ গোস্বামী প্রভৃতি গুণীজনদের সহায়তায় খ্যাল ও টপ্পাআঙ্গিকে ব্রহ্মসংগীত রচিত হয়।

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে যখন জাতীয়তাবোধ জাগরণে বাংলায় দেশাত্মবোধক গানের বিকাশ হয়, তখনও সাংগীতিক পটভূমি একই রকম ছিল। তাই ঈশ্বর গুপ্তের ভাবশিষ্যের মধ্যে যাঁরা টপ্পার অনুরাগী ছিলেন, তাঁরা টপ্পাঙ্গে দেশাত্মবোধক গান রচনা করতে শুরু করেন। আবার ধ্রুপদী বিষ্ণু চক্রবর্তী এগিয়ে আসেন ঠাকুরবাড়ির সদস্যদের রচিত দেশাত্মবোধক গানের সুর দিতে।[৫] এই সময়ই ঘটনাচক্রে নবাব ওয়াজিদ আলি শাহ্ কোলকাতার মেটিয়াবুরুজে এসে বসবাস শুরু করেন এবং লখনউ-এর বিখ্যাত সংগীত দরবার কোলকাতায় স্থানান্তরিত হয়। সংগীত-কেন্দ্ররূপে দিল্লী ও লখনউ বাদশাহদের দরবারে সংগীতচর্চা ম্রিয়মান হয়ে পড়লে কোলকাতাই হিন্দুস্থানী সংগীত, নৃত্য চর্চার মুখ্য কেন্দ্ররূপে আত্মপ্রকাশ করে।[৬]

'দেশী' রাগের এবং সুরের সঙ্গে পাশ্চাত্যের নানাবিধ সুরের ও ছন্দের মিশ্রণে বাংলাগানে একটি ঐতিহ্যসম্পন্ন ধারা সৃষ্টি হয়। রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল, অতুলপ্রসাদ, কাজী নজরুল প্রমুখরা সকলেই বাংলা গানে বৈচিত্র্য সৃষ্টির তাগিদে বিদেশী সংগীতের সুর ও ছন্দ এনেছেন। কিন্তু আধুনিক বাংলাগানের উৎসমুখ খুলে দিলেন কবিগুরু রবীন্দ্রনাথ। বাংলার পল্লীসংগীত, বিশেষতঃ বাউল, কীর্তন সুরের সঙ্গে তিনি স্বদেশী রাগ-সুর ও বিদেশী সুর যুক্ত করলেন। বাংলাগানের জগতে সৃষ্টি হলো এক বিশেষ গীতরীতি।

বিংশ শতকের প্রথম থেকে বাংলা গানের ক্ষেত্রে নব যুগের সূচনা হয়। বাংলা গানে দ্বিজেন্দ্রলাল প্রথম পাশ্চাত্য সংগীতরীতি আংশিক যুক্ত করলেন, রজনীকান্ত কীর্তন, টপ্পার সুর নিয়ে তার সঙ্গে রাগ মিশ্রণ করে শান্ত রসাশ্রিত ভক্তিমূলক সংগীত রচনা করলেন। অতুলপ্রসাদ সেনও তাঁর রচিত বাংলা গানে ঠুমরী ও বাংলা কীর্তন গানের চলন অনুসরণ করেন। কিংবদন্তী কাজী নজরুল ইসলাম তাঁর গানে যেমন বিভিন্ন রাগ-রাগিণী প্রত্যক্ষ ও মিশ্রভাবে প্রয়োগ করেন, ঠিক তেমনই বাংলা ভাষায় 'গজল্' গান সৃষ্টি করেন। এক্ষেত্রে তিনি আরবী পারসীয় সংগীতের সুরকে বাংলা গানে প্রয়োগ করেছিলেন। আবার নাট্যকার গিরীশচন্দ্র ঘোষ তাঁর নাটকের প্রয়োজনে উচ্চাঙ্গ রীতির অনুসরণে বহু গান রচনা করেছিলেন।

এঁনাদের পর বাংলা গানে বহু সংগীত গুণীর আবির্ভাব ঘটেছিল যাঁদের গান আজও আমাদের কাছে চিরস্মরণীয় ও সমান আকর্ষণীয় হয়ে আছে। এঁনাদের মধ্যে কয়েকজন হলেন হিমাংশু দত্ত, পঙ্কজ কুমার মল্লিক, রাইচাঁদ বড়াল, অনুপম ঘটক, অনিল বাগচী, হেমন্ত মুখোপাধ্যায়, সলিল চৌধুরী, নচিকেতা ঘোষ, সুধীন দাশগুপ্ত, সতীনাথ মুখোপাধ্যায়, মানবেন্দ্র মুখোপাধ্যায়, অভিজিৎ বন্দ্যোপাধ্যায়, অনল চট্টোপাধ্যায়, জটিলেশ্বর মুখোপাধ্যায় প্রমুখ এবং আরো আধুনিককালে কবির সুমন, নচিকেতা চক্রবর্তী, অঞ্জন দত্ত প্রমুখ সংগীত গুণী।

তথ্যসূত্র

১। শ্রী রাজ্যেশ্বর মিত্র, *বাংলার সংগীত*, পৃ.২৩।
২। ড. বিমল রায়, *বাংলার রাগ ও তাল*, পৃ.১৮২।
৩। ড. অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত*, ৩য়, পৃ.৩৭।
৪। ড. প্রদীপ কুমার ঘোষ, *বাংলা গানের ক্রমবিবর্তন*।
৫। দিলীপ কুমার বন্দ্যোপাধ্যায়, *বাঙালীর রাগসঙ্গীতচর্চা*।
৬। তদেব ভূমিকা।

গ্রন্থপঞ্জী

১। শ্রীরাজ্যেশ্বর মিত্র, *বাংলার সংগীত (প্রাচীন ও মধ্যযুগ)*, সম্পাঃ ডঃ প্রদীপ কুমার ঘোষ, কলকাতা, বাংলা সংগীত মেলা কমিটি, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ২০০৬।
২। দিলীপকুমার মুখোপাধ্যায়, *বাঙ্গালীর রাগসংগীত চর্চা*, কলিকাতা, ফার্মা কে. এল. এম. প্রাইভেট লিমিটেড, ১৯৭৬।
৩। ড. বিমল রায়, *সংগীতি শব্দকোষ (২য় ভাগ)*, সম্পাঃ ড. প্রদীপ কমুর ঘোষ, কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি, ২০০২।
৪। ড. প্রদীপকুমার ঘোষ, *সংগীতশাস্ত্র সমীক্ষা (২য়)*, কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি, ২০০৫।
৫। ড. অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, *বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (৪র্থ)*, কলিকাতা, মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড, ১৯৭৩।

গবেষিকা, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, কণ্ঠ সংগীত বিভাগ; গবেষণা তত্ত্বাবধায়িকা: ড. নূপুর গাঙ্গুলী, সহকারী অধ্যাপিকা, কণ্ঠ সংগীত বিভাগ, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়।
Email: rc68370@gmail.com

যদুভট্ট ও ত্রিপুরা

গার্গী বক্সি

ভারতবর্ষের সংগীতের ইতিহাসে তথা সমগ্র বাঙালী সংগীতপ্রেমীর কাছে 'যদুনাথ ভট্টাচার্য' বা যদুভট্ট পরম শ্রদ্ধার আসনে বিরাজমান। সাংগীতিক ঐতিহ্যে ত্রিপুরা যথার্থ অর্থেই বিত্তশালী। যদুভট্ট ও ত্রিপুরার সংযোগ-সংগীতের ইতিহাসে এক গৌরবময় অধ্যায়। যদুভট্টর ভবঘুরে স্বল্পজীবনের অনেক কথাই আজও অজানা। রবীন্দ্রনাথের যৎকিঞ্চিৎ মন্তব্য তাঁর প্রতিভা মূল্যায়নে বিশেষ ভূমিকা পালন করে। রাজা বীরচন্দ্র মানিক্যর আতিথেয়তা ও কলানুরাগী মনোভাব 'যদুভট্ট ও ত্রিপুরার' মধ্যে এক গৌরবময় সাংস্কৃতিক মহাপর্বের সৃষ্টি করেছিল।

ত্রিপুরার সাংগীতিক ঐতিহ্য

ত্রিপুরার সংগীতচর্চার ইতিহাস প্রকৃত অর্থেই ব্যাপক। রাজা ত্রিপুরের সময় থেকে ত্রিপুরায় সংগীত ও নৃত্যের চর্চা ছিল। *ত্রিপুরা বুরুঞ্জী* নামক অহমীয়া ভাষায় লিখিত গ্রন্থে ত্রিপুরা রাজ্যের সংগীতচর্চার উল্লেখ আছে। ত্রিপুরার সংগীতচর্চার ধারাকে চারটি ভাগে ভাগ করা যায়।

১. উপজাতীয় লোকসংগীত (কক্‌বরক্‌ ভাষায় লিখিত সংগীত)
২. গ্রামীণ সংগীতধারা (বাংলা ভাষায় লিখিত সংগীত)
৩. শাস্ত্রীয় সংগীত
৪. নগরকেন্দ্রিক মিশ্র সংগীত বা আধুনিক সংগীত।

মহারাজ ধনমাণিক্য তাঁর সময়ে ত্রিহুত বা মিথিলা থেকে ত্রিপুরায় সংগীতজ্ঞ আনয়ন করেন এবং ত্রিপুরায় ব্রজবুলি ভাষায় সংগীত রচনা শুরু হয়। শুধু সংগীত নয় নৃত্যের চর্চাও ছিল। রাজমালায় উল্লেখ আছে রাজা দেবমাণিক্যের সময় থেকে ত্রিপুরায় নৃত্যের চর্চা আরম্ভ হয়। প্রসঙ্গত বলা দরকার নৃত্যের সঙ্গে বাদ্যযন্ত্রের একটা নিবিড় সম্পর্ক আছে। *রাজমালা* গ্রন্থে ত্রিপুরায় প্রচলিত অনেক বাদ্যযন্ত্রের নাম জানা যায়।

পঞ্চদশ শতাব্দী থেকে ত্রিপুরা রাজ্যে 'বাংলা' রাজভাষার মর্যাদা লাভ করেছে। একটি অবাঙালী দেশীয় রাজ্য যেখানকার অধিবাসীরা 'কক্‌বরক্‌' ভাষায় কথা বলতে অভ্যস্থ সেখানে বাংলাভাষার রাজমর্যাদা প্রাপ্তি সত্যই বিস্মিত করে। এই ক্ষুদ্র পার্বত্য জাতির বাংলা সংস্কৃতিতে যে অপরিসীম দান আছে যা আজও বাঙালীকে ঋণী করে রেখেছে।

ত্রিপুরার সাংগীতিক ঐতিহ্য নিয়ে কোন আলোচনা করতে গেলে খুব স্বাভাবিক ভাবেই ত্রিপুরা রাজপরিবারের প্রসঙ্গ চলে আসে। ত্রিপুরা রাজদরবারের পৃষ্ঠপোষকতা সংগীত, নৃত্য ও বাদ্যের অনুশীলনকে এক বিশেষ মর্যাদা জ্ঞাপন করেছিল। নৃত্য-গীত-বাদ্য এই তিন সম্মিলিত ঐকতান এক সুরমন্ডল সৃষ্টি করেছিল। আধুনিক ত্রিপুরার জনক মহারাজ বীরচন্দ্রমানিক্য শিক্ষা, সংস্কৃতি, শাসন ব্যবস্থার আমূল সংস্কারের মাধ্যমে এক নবদিগন্তের সূচনা করেছিলেন। তাঁর সময়ে ত্রিপুরা রাজসভা ছিল মণিমানিক্য খচিত। কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর (দেববর্মা) তাঁর তাঁর *দেশীয় রাজ্য* গ্রন্থে বলেছেন—

> "স্বর্গীয় মহারাজ বীরচন্দ্র ছিলেন বাংলার বিক্রমাদিত্য। তিনি একাধারে বৈষ্ণব কাব্য-রসিক, কবি এবং সঙ্গীত ও ললিতকলাবিদ ছিলেন। এ হেন রসিক চূড়ামণি, সাহিত্যের পাকা জহুরী মহারাজ বীরচন্দ্রের দরবার—বহুগুণী ব্যক্তির সমাবেশে ভরপুর ছিল; সুবিখ্যাত তানসেন বংশজাত বীণ-কার কাশেমালী খাঁর রবার বীণাঝঙ্কারে ধ্বনিত, কবি মদনমিত্রের কবিতা ধারায় প্লাবিত, যদুভট্টের কণ্ঠনিঃসৃত অপূর্ব্ব সঙ্গীত, পঞ্চানন মিত্রের পাখোয়াজ সহযোগে মুখরিত ছিল। সর্ব্বোপরি বৈষ্ণব-সাহিত্য-রসিক রাধারমণ ঘোষের বৈষ্ণব পদাবলীর সুললিত আলোচনায় মণিকাঞ্চন যোগ সঙ্ঘটন করিয়াছিল। বীরচন্দ্রের দরবারে তদানীন্তন ভারতের দৃষ্টান্তস্থল ছিল।"[১]

উপরিউক্ত উদ্ধৃতি থেকেই বীরচন্দ্র ও তাঁর রাজদরবারের নিপুণ চিত্র অনুমান করা যায়। বীরচন্দ্রকে রাজ্যেশ্বর মিত্র বলেছেন,

> "বাংলার শেষ যথার্থ বৈষ্ণব পদকর্তা ছিলেন বোধহয় ত্রিপুরার মহারাজ বীরচন্দ্র মাণিক্য। . . . তাঁর রচনার ভাষাকে সাধারণভাবে ব্রজবুলি বলা হয়; কিন্তু আসলে তিনি ছিলেন মৈথিলী বৈষ্ণব সাহিত্য দ্বারা প্রভাবিত।"[২]

ফলত বীরচন্দ্র লিখিত গানগুলি এবং গীতিকাব্য সাহিত্য ও সংগীত রসিকজনের কাছে ছিল অত্যন্ত আদরণীয়। তিনি শাস্ত্রীয় সংগীত ও মনোহরসাহী কীর্তন আয়ত্ত করেছিলেন। উদাহরণস্বরূপ:

> কীর্তন মনোহরসাহী—জয়জয়ন্তী, ঝাঁপ তাল
> জয় জগত বন্দিনী, হরিহৃদয় রঙ্গিনী,
> ব্রজরমণী মুকুটমণি রাধিকে—শ্রীরাধিকে।
> ঘন জঘন মোহিনী, গজহু বরগামিনী,
> চরণরুচি তরুণ অরুণাধিকে—শ্রীরাধিকে।
> . . . জয় কৃষ্ণভামিনী, জয় কৃষ্ণসোহিনী,
> রটহুঁ বীরচন্দ্র নিতি আননে—শ্রীরাধিকে।[৩]

বীরচন্দ্রের পুত্র কন্যারাও সংগীতানুরাগী ছিলেন। তাঁর কন্যা রাজকুমারী অনঙ্গমোহিনীদেবী সুন্দর কবিতা রচনা করতেন। তাঁর রচিত কাব্যগ্রন্থ *শোক-গাথা*, *কণিকা*, *প্রীতি* রবীন্দ্রনাথের উচ্চ প্রশংসা লাভ করেছিল। বীরচন্দ্রর পুত্র মহারাজকুমার মহেন্দ্রচন্দ্র নিপুন চিত্রশিল্পী ও মার্গসংগীতে বিশেষ পারদর্শী ছিলেন। এছাড়া বীরচন্দ্রের পরবর্তী মহারাজ রাধাকিশোর মাণিক্য খুবই সংগীতানুরাগী ছিলেন। তিনিও সংগীত রচনা করতেন। উদাহরণ স্বরূপ:

কীর্তন-শোভা
নীল নবাম্বুজ জিনি কালিয়া বরণখানি,
ইন্দ্রধনু জিনি শিরে চূড়া,
রাধা নামে লেখা তায় বামে হেলে মৃদুবায়
দুসূতি মুকুতা দাসে বেড়া।. . .

মহারাজ বীরবিক্রম কিশোর তিনি সংগীতজ্ঞ ও সংগীত রচয়িতা ছিলেন। এছাড়াও অনিলকৃষ্ণ দেববর্মা, রাধাকিশোর তনয় রাজকুমার নরেন্দ্রকিশোর দেববর্মা প্রভৃতি রাজপরিবারের অনেকেই ত্রিপুরার সংগীত ঐতিহ্যের প্রতি যথার্থ সম্মান প্রদর্শন করেছেন।

সুর ও সংগীতের দেশ ত্রিপুরা ভারতবর্ষ ছাড়াও বিশ্বসংগীতের দরবারে ছড়িয়ে দিয়েছে তার ঐশী সম্পদ। যাঁদের অনলস প্রচেষ্টা ত্রিপুরাকে সংগীতের পীঠস্থানে পরিণত করেছে তাঁরা হলেন, আলাউদ্দিন খাঁ, কুমার শচীন দেববর্মণ, আলী আকবর খাঁ, আফতাবুদ্দিন খাঁ, বিপিনচন্দ্র দাস, দ্বিজদাস রায়, শ্যামাচরণ দত্ত ও মায়াদেবী, জয়নাল ফকির, হরিহর রায়, আয়েতালী খাঁ, আলী আহম্মদ খাঁ, শান্তিদেব ঘোষ, ওস্তাদ বাহাদুর খাঁ, অনিল ভট্টাচার্য, অমর পাল, গোরাচাঁদ ঘোষাল, শৈলদেবী, শৈলেন ঘোষ, সুরবন্ধু মজুমদার, প্রবীর মজুমদার প্রমুখ। এছাড়া ত্রিপুরায় বেশকিছু কুশলী গীতিকার খ্যাতি অর্জন করেছিলেন। যেমন, কালীকচ্ছের রামদুলাল মুন্সী, শ্যামগ্রামের ভুবন রায়, বাউল গীতিকার মনমোহন রায়, অজয় ভট্টাচার্য, সুবোধ পুরকায়স্থ, শচীন দেব জায়া মীরা দেববর্মণ প্রমুখ।

সংগীত-নৃত্য-বাদ্য ছাড়াও 'নাট্যচর্চা' ত্রিপুরার বিশেষ উল্লেখযোগ্য অবদান। মহারাজ রাধাকিশোর মাণিক্যর সময়ে 'উজ্জয়ন্ত নাট্যসমাজ' প্রবর্তিত হয়। এখানে প্রথম যে নাটকটি অভিনীত হয় তা মহেন্দ্র দেববর্মণ লিখিত *পতিব্রতা*। এই উজ্জয়ন্ত নাট্যসমাজই পরবর্তীকালে রবীন্দ্রনাথের রাজা ও রাণী এবং বিসর্জ্জন নাটক মঞ্চস্থ করে। এছাড়া রাজ-অন্তঃপুরে বীরেন্দ্রকিশোরের প্রত্যক্ষ নেতৃত্ব এবং মহিষী মহারাণী প্রভাবতী দেবীর উৎসাহে মঞ্চস্থ হয়েছিল ঠাকুরবাড়ীর অন্যতমা কৃতি সন্তান স্বর্ণকুমারী দেবী রচিত *বসন্ত-উৎসব*।

ত্রিপুরায় যদুভট্টর অবস্থান

বঙ্গভাষা ও শিক্ষা সংস্কৃতির পরম অনুরাগী ও পৃষ্ঠপোষক মহারাজ বীরচন্দ্র মাণিক্যের রাজদরবারের উজ্জ্বল জ্যোতিষ্ক ছিলেন তদানীন্তন ভারতবিখ্যাত ধ্রুপদীয়া যদুনাথ ভট্টাচার্য বা যদুভট্ট। যদুভট্ট যখন কলকাতায় আসেন তখন কলকাতায় ধ্রুপদচর্চায় দুইটি অভিজাত পরিবার প্রধান ভূমিকা পালন করছিল। ১) পাথুরিয়াঘাটা ঠাকুর পরিবার ২) জোড়াসাঁকো ঠাকুর পরিবার। জোড়াসাঁকোতে সংগীতানুরাগী দেবেন্দ্রনাথ বহিরাগত গুণী শিল্পীদের সাদর আমন্ত্রণ জানাতেন এবং ঠাকুরবাড়ীতে সংগীতনুষ্ঠানের আয়োজন করতেন। এই অনুষ্ঠানগুলিতে বিষ্ণুপুর ঘরাণার শিল্পীদের সংখ্যা বেশী ছিল। ব্রাহ্মধর্মের ধারক ও বাহক দেবেন্দ্রনাথ ব্রহ্ম উপাসনার প্রধান উপাচার সংগীতের উন্নতিসাধনে ব্রাহ্মসমাজে গুণীশিল্পীদের আমন্ত্রণ জানাতেন। এছাড়াও মহর্ষি পুত্রকন্যাদের সংগীতশিক্ষা দেওয়ার জন্য গুণীজনদের ঠাকুরবাড়ীতে ঐকান্তিক আগ্রহ ও আন্তরিক আপ্যায়নে নিমন্ত্রণ জানাতেন, ক্রমশ ঠাকুরবাড়ী বাংলাদেশ তথা ভারতবর্ষের অন্যতম সংগীতচর্চার পীঠস্থান হিসাবে স্বীকৃতি লাভ করে। এই সূত্রেই ঠাকুরবাড়ীতে 'যদুভট্ট' সংগীত শিক্ষক এবং ব্রাহ্মসমাজে সংগীত শিক্ষক হিসাবে মাসিক সম্মান দক্ষিণার বিনিময়ে দেবেন্দ্রনাথের আমন্ত্রণ গ্রহণ করেন। রবিজীবনীকার প্রশান্তকুমার পাল এর তথ্যানুযায়ী ঠাকুরবাড়ীর 'ক্যাশবহি'র হিসাবানুযায়ী মাত্র দু-মাস যদুভট্ট অবস্থান করেন। কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর তাঁর প্রবন্ধ *ত্রিপুরা দরবারে রবীন্দ্রনাথ*-এ উল্লেখ করেছেন যে, তিনি তাঁর পিতার মুখে শুনেছিলেন বীরচন্দ্রের পিতা মহারাজ কৃষ্ণকিশোর মাণিক্য কোন গুরুতর রাজনৈতিক ক্ষেত্রের নেতা। তাঁর সহায়তায় মহারাজ কৃষ্ণকিশোর সে যাত্রায় সফল হন। সেই সময় থেকেই ত্রিপুরা রাজ পরিবারের সাথে জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের বন্ধুত্ব শুরু হয়। ঠাকুরবাড়ীর সূত্রে ত্রিপুরাতে যদুভট্টর আগমন ঘটেছিল এই তথ্য খুব অস্বাভাবিক নয়।

আবার অনেক গ্রন্থে লিখিত আছে যদুভট্ট রাজা দিগম্বর মিত্রর পরিচয়পত্র নিয়ে বীরচন্দ্রের দরবারে দেখা করেন। কর্ণেল মহিম ঠাকুরের লেখনি অনুযায়ী,

> "বিষ্ণুপর নিবাসী প্রসিদ্ধ স্বাভাবিক গায়ক যদুভট্ট (যিনি কলকাতায় বড় বড় লোকের দরবারেও গতিবিধি করতেন) আসিয়া উপস্থিত হইলেন—কাশ্মীর মহারাজ হইতে তানরাজ উপাধি প্রাপ্ত হইয়া। তিনি নিজ মুখে বলিয়াছিলেন তদানীন্তন কাশ্মীরের মহারাজ হইতে তিনি জানিতে পারিয়াছেন একজন বাঙ্গালী রাজা সঙ্গীতশাস্ত্রে বড় গুণী আছেন। আপনি তাঁহাকে আপনার স্বরচিত সঙ্গীত শুনাইয়াছেন কি ? তিনি তখন লজ্জিত হইয়া কলিকাতানিবাসী প্রসিদ্ধ রাজা দিগম্বর মিত্রের নিকট উপস্থিত হইলেন, তাঁহারই পরিচয়পত্র হাতে লইয়া ভট্ট মহাশয় ত্রিপুরায় আসিয়া উপস্থিত হইলেন। এবার বিধাতা ত্রিপুরা-দরবারে মণি-কাঞ্চন যোগ করিয়া দিলেন।"[৪]

যদুভট্ট যে শুধুমাত্র অসাধারণ গায়ক ছিলেন তা নয়, তিনি অত্যন্ত শ্রুতিধর ছিলেন। তীক্ষ্ণ মেধা ও শ্রুতিধর হওয়ার কারণে তিনি একবার যা শুনতেন তা সঙ্গে সঙ্গেই আয়ত্ব করে নিতেন। তানসেন বংশের 'সাদিক আলী' (১৮৭০ খৃষ্টাব্দে মৃত্যু হয়) ছিলেন কাশিম আলীর শিক্ষাগুরু। আলাউদ্দিন খাঁর পিতা যদু খাঁ বেশ কিছুদিন কাশিম আলীর নিকট সেতার শিক্ষা করেন। কাশিম আলী সুরবীন, বীণ, সুরশৃঙ্গার দক্ষতার সঙ্গে বাজাতে পারতেন। কিন্তু তিনি তাঁর প্রতিভা সবার সামনে প্রকাশ করতেন না। নিজে সুদক্ষ যন্ত্রশিল্পী ছিলেন কিন্তু কণ্ঠশিল্পীদের তিনি একটি নীচু নজরে দেখতেন। ফলে যদুভট্ট ও কাশীম আলীর সম্পর্ক একটু অম্লমধুর ছিল। মাঝে মাঝেই তীব্র মতভেদ হত। জনশ্রুতি আছে কাশিম আলী মধ্যরাত্রে জানলা দরজা বন্ধ করে নিজ কক্ষে সংগীত সাধনা করতেন। কিন্তু যদুভট্ট লুকিয়ে সেই রেওয়াজ শুনতেন এবং নিজে আয়ত্ব করে মহারাজকে শোনাতেন। এই খবর কাশিম আলীর নিকট খুব দ্রুত পৌঁছয় এবং তিনি খুবই অসন্তোষ প্রকাশ করেন এবং রাজসভা ত্যাগ করেন। ভাওয়াল রাজ তাঁকে সম্মানের সাথে আমন্ত্রণ জানান এবং শেষজীবন তিনি ভাওয়াল রাজ্যেই অতিবাহিত করেন।

রবীন্দ্রনাথ ও দিলীপকুমার রায়ের 'আলাপ-আলোচনায়' ২৯শে মার্চ ১৯২৫ সালে রবীন্দ্রনাথের সাথে হিন্দুস্থানী সংগীত নিয়ে নানাবিধ আলোচনার সময় রবীন্দ্রনাথ যদুভট্ট সম্পর্কে স্মৃতিচারণ করতে গিয়ে প্রকাশ করেছিলেন যে,

> "কিন্তু আমার স্মৃতিতে এখনো সে সংগীতের রেশ লুপ্ত হয়নি। যদুভট্টের জীবনের একটি ঘটনাবলী শোন, ত্রিপুরার বীরচন্দ্র মাণিক্য তাঁর গানের বড়ো অনুরাগী ছিলেন। একবার তাঁর সভায় অভ্যাগত একজন হিন্দুস্থানী ওস্তাদ নটনারায়ণ রাগে একটি ছোট গান গেয়ে যদুভট্টর কাছে তারই সুরে একটি নটনারায়ণ গানের প্রত্যাশা করেন।"

যদুভট্টর সে রাগটি জানা ছিল না, কিন্তু তিনি পরদিনেই নটনারায়ণ শোনাবেন বলে প্রতিশ্রুত হলেন। ওস্তাদজী গাইলেন। যদুভট্টর কান এমনই তৈরী ছিল যে তিনি সেই দিনই রাতে বাড়ি গিয়ে চৌতালে নটনারায়ণ রাগে একটি গান বাঁধলেন এবং পরদিন সভায় এসে সকলকে শুনিয়ে মুগ্ধ করে দিয়েছিলেন। তাঁর রচিত সেই সুরে জ্যোতিদাদা একটি বাংলাগান রচনা করেছিলেন।[৫]

উপরিউক্ত স্মৃতিচারণা যদুভট্টর প্রতিভা ও ত্রিপুরা রাজদরবারের উচ্চমানের চিত্ররূপ প্রকাশ করে। প্রসঙ্গত বলা দরকার বর্তমানে যে কয়টি জ্যোতিরিন্দ্রনাথের রচিত গান পাওয়া যায় তাঁর মধ্যে একটি গান 'নট-নারায়ণী' রাগে ও কাওয়ালী তালে রচিত। ব্রহ্মসংগীত স্বরলিপির (কাঙালী সেন কৃত) পঞ্চম খন্ড গানটি সংকলিত আছে। গানটি হল—

।। ভব-ভয় হর প্রভু তুমি ।।

সংগীতমনস্ক বীরচন্দ্রের মননশীল হৃদয়, ব্যক্তিগত ব্যবহার এবং আতিথেয়তা, পলায়ন মনোবৃত্তির যদুভট্টকে ছয় বৎসরকাল ত্রিপুরা রাজদরবারে অবস্থান করতে বাধ্য করে। বীরচন্দ্র প্রকৃত অর্থেই গুণী ব্যক্তির সমাদর করতে জানতেন। ফরাসী শিল্পী অ্যাপোলেনিয়াস, ভারতবিখ্যাত নৃত্যশিল্পী, কুলন্দর বক্স, সুরশৃঙ্গার ও এস্রাজবাদক হায়দর খাঁ, সেতার ও সুরবীন বাদক ওস্তাদ নিসার হুসেন, বারাণসীর বিখ্যাত গায়িকা চাঁদা বাঈজী, এঁরা প্রত্যেকেই ত্রিপুরা রাজদরবারে সম্মানীয় পদ অলংকৃত করেছেন।

যদুভট্ট ও বীরচন্দ্রমাণিক্য

ত্রিপুরা পরিদর্শনকালে যদুভট্টর কোন স্মৃতি ত্রিপুরায় পরিলক্ষিত হয় না। যদুভট্ট বেঁচে আছেন ত্রিপুরাবাসীর মননে। প্রমাণ স্বরূপ তথ্য খুবই অপ্রতুল। নানা ঘরের ওস্তাদরা এসেছেন, বাজিয়েছেন সাধারণ মানুষের মনে সহজ সাবলীল সুরে ছন্দে প্রবেশ করেছে। কিন্তু প্রথাগত চর্চা ও গবেষণা সর্বোপরি রক্ষনাবেক্ষণে কোন মনোনিবেশ করেনি ত্রিপুরাবাসী। রাজ্যেশ্বর মিত্র তাঁর শৈশবের স্মৃতিচারণ করতে গিয়ে মন্তব্য করেছেন—

> "আমাদের ছেলেবেলায় বীরচন্দ্রমাণিক্য সম্বন্ধে নানা কাহিনী প্রচলিত ছিল। তাঁর দু-একটি গানও কিছু কিছু প্রচলিত ছিল। তার মধ্যে বিখ্যাত ছিল—'মন্দ মন্দ বহত পবন। বিরহিনীজন হৃদয় দহন'—এই গানটি। আর একটা গান আমরা শিখেছিলাম 'ব্রজের পথে কি বা রাঙ্গাধূলি।' গানটি মহারাজ বীরচন্দ্রের সভাসদ মদনমোহন মিত্র নামক এক ব্যক্তির রচনা। এটি সেই সময়কার গান যখন বীরচন্দ্রের সভায় যদুভট্ট, কাশেম আলী প্রভৃতি গুণীরা বিরাজ করছেন। খুব সম্ভবত এই গানের সুর স্বয়ং যদুভট্টের দেওয়া। আশ্চর্যের বিষয় যদুভট্টের কোন গান আমরা আগরতলায় কারুর মুখে শুনিনি।"[৫]

উপরিউক্ত উদ্ধৃতি নিয়েও অবশ্য বিভ্রান্তি রয়েছে। বীরচন্দ্রের মৃত্যুর পর *প্রদীপ* নামক প্রসিদ্ধ সাহিত্যপত্রে শ্রী নিবাস বন্দ্যোপাধ্যায় বীরচন্দ্রের রাজত্বকাল নিয়ে তথ্যনির্ভর একটি আলোচনা করেছিলেন। সেখানে বীরচন্দ্র রচিত দুটি শাস্ত্রীয়সংগীত ও কীর্তনের উল্লেখ করেন। সেখানে 'আজু মন্দ মন্দ বহত পবন, বিরহীনীজন হৃদয়-দাহন' গানটির উল্লেখ করেছেন। কিন্তু 'মাথুর' ছায়াছবিতে 'যদুভট্ট' রচিত বলে প্রয়োগ করা হয়েছে। সুতরাং দেখা যাচ্ছে সঠিক রক্ষনাবেক্ষণের অভাবে অনেক গান লুপ্ত হয়েছে এবং যেগুলি আছে তার তথ্য অনেকক্ষেত্রেই সঠিক নয়। বিভ্রান্তমূলক তথ্য হলেও সংগীত সংস্কৃতিতে এই কলাকারগণের অবদান অবিস্মরণীয়।

বীরচন্দ্র বৈষ্ণব সাহিত্যে পারদর্শী ছিলেন। ফলত তাঁর রচিত সংগীতে রাধাকৃষ্ণের প্রেম ছিল মূল বিষয়। যদুভট্ট বৈষ্ণব মনোভাবাপন্ন ছিলেন কিনা তা না জানা গেলেও তাঁর জন্মস্থান, বিষ্ণুপুরের রাজা ও রাজ্যঅধিবাসীগণ বিষ্ণুর উপাসক ছিলেন। ফলত মাতৃভূমির প্রভাবে যদুভট্টর গানে বৈষ্ণব উপাসনার প্রভাব অস্বাভাবিক নয়। নিম্নে বীরচন্দ্র রচিত একটি গান উল্লেখিত হল—

হোরী—কাব্যগ্রন্থ—হোরী—বসন্তবাহার

(১৮৭৯ আনুমানিক সময়কাল)

আজু মন্দ মন্দ বহত পবন,
বিরহিনীজন হৃদয় দাহন,
পিয়কি কারণ ঝুরতে নয়ন,
মাহেরী ফাগুন আয়েরী।
ফুঁটা রহি ফুল মালতী,
সেন্ধি গোলাপ উজার সেউতি
ঔর বকুল চম্পক যুঁথি,
আলয়াগণ গুঞ্জরে।
মত্ত ময়ূর নাচত সঘন,
হেরত বরজ যুবতীগণ,
কোয়েলা কোয়েলি মধুকরগণ,
দাস বীরচন্দ্র গায়েরী।

ভানুসিংহরপদাবলী—রবীন্দ্রনাথ ঠাকুর

(১৮৮৪ সালে রচিত)

গহন কুসুম কুঞ্জমাঝে মৃদুল মধুর বংশিবাজে,
বিসরি ত্রাস লোকলাজ সজনী আও আও লো।
. . . . . .
মন্দ মন্দ ভৃঙ্গ গুঞ্জে অযুত কুসুম কুঞ্জে কুঞ্জে
ফুটল সজনী পুঞ্জে পুঞ্জে বকুল যুথি জাতি রে
দেখ, লো সখি শ্যামরায় নয়নে প্রেম উথল যায়
মধুর বদন অমৃতসদন চন্দ্রমায় নিন্দিছে।
আও আও সজনীবৃন্দ হেরব সখী শ্রীগোবিন্দ
শ্যামকো পদারবিন্দ ভানুসিংহ বন্দিছে॥

যদুভট্ট—বাহার রাগ তেওড়া তাল

আজু বহত সুগন্ধ পবন সুমন্দ মধুর বসন্তমেঁ
হর মকুর পর যুথ মধুপ মদহর নিরত কর রব কুঞ্জমেঁ।
. . . . . .
কহি কোয়েলিয়া কুহু করবি আমুবাকে ভার রঙ্গমে।
কহি বেলি চামেলি গুলাব গেঁদা চম্পারঙ্গ বিরঙ্গমেঁ।
শুনি শ্রবন রব রঙ্গনাথ কহত বচাবে নাথ কুসঙ্গমেঁ,
এহি রঙ্গ চঙ্গ অনঙ্গ মদসোঁ উতারী রাখ সুসঙ্গমে॥

তিনটি গানেরই মূল বিষয় বসন্তের অনুষঙ্গে প্রেমসংগীত। রাধাকৃষ্ণের প্রেম বৈষ্ণব সাহিত্যের মূল বিষয়। শব্দচয়ন, বিষয়বস্তু এবং বাংলাভাষা ও পদাবলী অর্থাৎ মৈথিলী ভাষার মিশ্রণ এগুলি এই তিন সংগীত মহারথীর মধ্যে নিবিড় মানসিক আদানপ্রদানের বার্তা বহন করে।

যদুভট্ট বীরচন্দ্রের প্রতি যে কী গভীর শ্রদ্ধা ছিল তার উজ্জ্বলতম নিদর্শন

হল যদুভট্ট লিখিত গান।[৭] বীরচন্দ্র 'যদুভট্ট'কে তানরাজ উপাধিতে ভূষিত করেছিলেন। বীরচন্দ্র মাণিক্যর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে একখানি স্মরণীয় সংগীত হলো—

রাগ—তিলককামোদ—তাল-চৌতাল

তড়পত চিত মন তুম বিন হো রাজাধিরাজ
বীরচন্দ্র মাণিক্য ত্রিপুরেশ্বর খরি পল ছিন।

ইতনি অরজমোরি শুন লিজে কৃপা করো
দুখ অপার মাঁস ভয়ো হু মগন।

কহত সকত বখান জো বীত ন লাগ তু অদরশবিন
দিল বিচ অব সোঁচেত বিছুট জাত প্রাণ।

নিদিয়া ন আরে নৈন গই চৈন নিশদিন
তু অ পাশ মৈ আজ 'তানরাজ' বন॥

স্বামী প্রজ্ঞানানন্দ কৃত বঙ্গানুবাদ

হে রাজাধিরাজ, বীরচন্দ্র মাণিক্য ত্রিপুরেশ্বর
তোমার অদর্শনে প্রতি পলে আমার মন চঞ্চল হয়ে রয়েছে।

আমার এই মিনতি, তুমি কৃপা করে শোন,
আমি যে অপার দুঃখে অহরহ ডুবে আছি

তোমার দর্শন না পেয়ে, আমার মনে যে কী যাতনা
নিয়ত হচ্ছে, তা বোঝান যায়না; যেন প্রাণ বিয়োগ
হবার উপক্রম হচ্ছে।

চোখে আমার ঘুম নেই নিশিদিন জলে ভরে আছে।
আমি আজ তোমার কাছে 'তানরাজ' হয়ে আছি।

গানটির মাধ্যমে দুই সংগীত মনস্ক ব্যক্তিত্বের আত্মিক সম্পর্ক, প্রকাশ পেয়েছে। এই দুই ব্যক্তির অন্তরঙ্গ সম্পর্ক, কিন্তু সুমহান ঐতিহ্যের কোন প্রমাণ আমাদের কাছে নেই। এই বক্তব্যের স্বপক্ষে একটি বিষয় এক্ষেত্রে উল্লেখ করা প্রয়োজন। বীরচন্দ্রের বহুমুখী প্রতিভার একটি অন্যতম দিক হল 'ফটোগ্রাফি' শিল্পের প্রতি শ্রদ্ধা। ভারতবর্ষের ফটোগ্রাফি শিল্পের প্রারম্ভে অন্যতম পথিকৃত হলেন বীরচন্দ্র ও তাঁর পুত্র সমরেন্দ্র চন্দ্র। ফটোগ্রাফিতে বীরচন্দ্রের অসামান্য দক্ষতার কথা সেযুগে ফরাসী পত্রিকা ও আমেরিকান ফটোগ্রাফার পত্রিকায় শ্রদ্ধার সঙ্গে প্রকাশিত হয়েছিল। সেই সময়ে ভারতের ফটোগ্রাফির জন্য প্রয়োজনীয় কাগজপত্র, রাসায়নিক সামগ্রী যোগড় করাই ছিল অত্যন্ত কঠিন। কিন্তু সেই প্রতিকূলতাকে জয় করেছিলেন পিতা ও পুত্র। কিন্তু ভাবতে অবাক লাগে যদুভট্টর কোন ছবি আমরা পাই না। যদিও একটি ছবি যদুভট্টর পাওয়া গেছে যার আদলে বিষ্ণুপুরে 'যদুভট্ট মঞ্চ'র সামনে একটি মূর্তি স্থাপন করা হয়েছে কিন্তু সেই ছবিটির প্রমাণ স্বরূপ তথ্য নিয়ে নানা মতভেদ আছে। অনেকের মতে ত্রিপুরা রাজবাড়িতেই ওই ছবিটি পাওয়া যায় আবার অনেকের মতে ছবিটি অবনীন্দ্রনাথ-এর আঁকা।

১৮৮৯ সাল এবং *আর. এন. টেগোর* নামে একটি পকেট-বুক অবলম্বনে ত্রিপুরার কৃতি সন্তান শান্তিদেব ঘোষ একটি প্রবন্ধ লেখেন, *রবীন্দ্রজীবনে গীতরচনার একটি অজ্ঞাত যুগ*। রচনাটি *রবীন্দ্র সংগীত বিচিত্রা* নামক শান্তিদেব ঘোষ লিখিত গ্রন্থে সংকলিত আছে। এই পকেট-বুকটিতে যদুভট্টের কয়েকটি গান আছে। দুটি গান আছে মহারাজ বীরচন্দ্রের উদ্দেশ্যে যদুভট্ট লিখিত। গান দুটি রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় প্রণীত *সঙ্গীত মঞ্জরী* গ্রন্থে স্থান পেয়েছে। পকেট বুকের গান ও সঙ্গীত মঞ্জরীর গান দুটির মধ্যে ভাষার দু-একটি অমিল আছে।

১) রবীন্দ্রনাথের পকেট-বুকের গান (১৩০০)

শম্ভুশিব মহেশ আদি ত্রিলোচন
ভব-ভয়-হর ভবেশ দীননাথ
জটাজুট পিনাক ভস্ম রুন্ডমালা
গরল গলে ধর হর উড় বাঘাম্বর।
নাচত চন্দ্রভাল বোম্বোঝ ঘন ঘন বজ
অতি অপূর্ব হর গুণ গাওয়া ত্রিপুরেশ
বীরচন্দ্র নরপতি প্রকাশ কর নাথ।
সু অধর ধরে সুমধুর তান সচি সুন্দর।

সঙ্গীত মঞ্জরী—রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়

(পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমি সংস্করণ নভেম্বর ২০০৯)
ছায়ানট—ধমার (মধ্যগতি) পৃ. ২৮৫

শম্ভুহর মহেশ আদি ত্রিলোচন ভব-ভয়-হর ভবেশ
দীননাথ দানব-দলন দীনেশ্বর।
জটাজুট পিনাকী ভস্ম রুন্ডমালা গরলগরে
ধর হর ওঢ় বাঘাম্বর
নাচত চন্দ্র ভাল বম্ বম্ বাজে ঘন ঘন
অতি অপূর্ব্ব হরিগুণ গাবত ত্রিপুরেশ্বর।
বীরচন্দ্র নরপতি প্রকাশ করনসো
অধর ধর সুমধুর তান সাঁচ সুন্দর॥

—রঙ্গনাথ

২) রবীন্দ্রনাথের খাতা (১৩০৩)

শম্ভু হরপদ যুগ ধ্যানী বখনী নাথরঙ্গ
তোর কিরতন্ দিনায়ানা, গাওত জনসমাজ
জয় ত্রিপুরানাথ দয়াল বীরচন্দ্র
গুণীজন প্রতিপালক দাতা।

সঙ্গীত—মঞ্জরীর গান

তিলক-কামোদ-সুরকাজা মধ্যগতি (পৃ: ২৯৬)

শম্ভু হর পদ যুগ ধ্যানি বখানি
নাথরঙ্গ তোরি কী রতন দিন রৈন
গাবত জনসমাজ।
জয়তি ত্রিপুরনাথ দয়াল বীরচন্দ্র
গুণিগণ প্রতিপালক তো সমান দাতা
কহি নহি হো রাজ।
বিষম সমর বিজয়ী ভুপাল ঔব তোরে
কলযুগ কিচন সম তু অধিরাজ।
অগণিত যশ কীরত বিদ্যা নিধান
জগজন রট বাণী তানরাজ গুণ
শ্রবণ শুন হো রাজ॥

—তানরাজ

উপরিউক্ত দুটি গানের আদলে কবি দুটি গান রচনা করেন।

১. শম্ভু হর মহেশ—ভক্তহৃদি বিকাশ (ছায়ানট-সুরফাঁক)
২. শম্ভু হর পদযুগ—শান্তি কর বরিষণ (তিলককামোদ-সুরফাঁক)

তানরাজ 'ভণিতায়' সঙ্গীত মঞ্জরীতে যদুভট্টর চারটি গান পাওয়া যায়।

১. তড়পত চিত মন ২. শম্ভু হর পদ যুগ
৩. বসন্ত আগত ভয়ো ৪. মনমথ তন দহে।

গঙ্গানারায়ণ চট্টোপাধ্যায়ের শিষ্য-পরম্পরায় তাঁর শিষ্য হরপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের শিষ্য কৃষ্ণধন ভট্টাচার্য (১৮৮৩–১৯৪৫ খ্রিঃ)। এঁর চার পুত্র এবং এক কন্যা ইতু বন্দ্যোপাধ্যায়। ইতু বন্দ্যোপাধ্যায় বড়ভ্রাতা উদয়ভূষণ ভট্টাচার্যর নিকট ধ্রুপদ শিক্ষা করেন। ইনি পরবর্তীকালে *যদুভট্ট ও তাঁর গান* নামক একটি গ্রন্থ রচনা করেন। নিম্নে যদুভট্টর গানের তালিকা বর্ণিত হল।

১. আজু শম্ভু হর নাচত ডমরু করে —খাম্বাজ-সুরফাক্তা
২. আজু বহত সুগন্ধ পবন সুমন্দ মধুর বসন্তমেঁ —বহার-তেওড়া
৩. ঐসী বরখা ঋতুমেঁ কৈসে একেলী —কাফী-ঝাঁপতাল
৪. কাহে ব্রজ ছোড় চলি আয়ে —দেশ-ধমার
৫. কৌনরূপ বনে হো রাজাধিরাজ —তিলককামোদ-ঝাঁপতাল
৬. গণপতি গিরিজা-সুত —তিলককামোদ-তেওড়া
৭. জয় প্রবল বেগবতি —বৃন্দাবনী সারং-তেওড়া
৮. জয়তি জয় দূর্গে —লচ্ছাশাখ-ঝাঁপতাল
৯. তড়পত চিত মন —তিলককামোদ-চৌতাল
১০. নাদ পরমবিদ্যা —ভৈরবী-সুরফাক্তা
১১. ফুলি বন মন —বাহার-চৌতাল
১২. বসন্ত আগত ভয়ো —বসন্ত সুরফাক্তা
১৩. মনমথ তন দহে —বহার-চৌতাল
১৪. শম্ভু হর পদযুগ —তিলককামোদ-সুরফাক্তা
১৫. শম্ভু হর মহেশ —ছায়ানট-সুরফাক্তা
১৬. শশধর তিলক-ভাল —ভৈরব-ঝাঁপতাল
১৭. আজু পনিঘট —খাম্বাজ-ঝাঁপতাল
১৮. কাঁধা গোরস লে —আড়ানা-রূপক
১৯. চলত মন পবন —বহার-ঝাঁপতাল
২০. রুম ঝুম বরসে —কাফী-সুরফাক্তা
২১. শোহামানি আই ঘটা —নটমল্লার-চৌতাল
২২. তকত হুঁ তেহারি —ভূপালী-চৌতাল
২৩. বিপদ ভয় বারণ যে করে —ছায়ানট-ঝাঁপতাল
২৪. দেখিয়ে হৃদয় মন্দিরে —দেশ-সুরফাক্তা

ভারতবর্ষের উত্তর পূর্ব প্রান্তের এই অরণ্য দুহিতা শিল্পের সৃজনশীলতার ক্ষেত্রে যে ঐতিহ্য বহন করে চলেছে তা আজও বাংলা তথা ভারতবর্ষের শিল্পানুরাগী মানুষকে বিস্মিত করে। শুধু সংগীত নয় ত্রিপুরার হাতীর দাঁতের সূক্ষ্ম কারুসম্ভার, তাঁতশিল্পের কথা আবুল ফজলের আইন-ই-আকবরীতে বর্ণিত আছে। বিভিন্ন দেশে বিভিন্ন রাজারা তাদের রাজ্যের শিল্প ও সংস্কৃতিকে পৃষ্ঠপোষকতা করে থাকেন কিন্তু বীরচন্দ্র মাণিক্যর মত শিল্পসাধনায় নিজ জীবন উৎসর্গ করার উদাহরণ সত্যই বিরল। যদুভট্টর মত ভবঘুরে চঞ্চল মতি ও অত্যন্ত প্রতিভাবান সংগীত সাধককে বীরচন্দ্র যথাযোগ্য সম্মান ও আন্তরিক অনুপম মমত্ববোধে বেঁধে ফেলেছিলেন এও এক বিরল দৃষ্টান্ত।

তথ্যসূত্র

১। কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর (দেববর্মা), *দেশীয় রাজ্য*, পৃ.৭৪, ২য় সংস্করণ ১৯৯৫ জুলাই।
২। রাজ্যেশ্বর মিত্র, *প্রবন্ধ-বৈষ্ণব পদকর্তা বীরচন্দ্র ও ঝুলন-মঙ্গল গীতানুষ্ঠান*, পৃ.২৭, রমাপ্রসাদ দত্ত গবেষণাগার।
৩। দ্বিজেন্দ্র চন্দ্র দত্ত, *প্রবন্ধ—সুরের সুরধুনীস্নাতা শতাব্দীর ত্রিপুরা*, পৃ.৬৭, রমাপ্রসাদ দত্ত গবেষণাগার।
৪। কর্ণেল মহিমচন্দ্র ঠাকুর (দেববর্মা), *দেশীয় রাজ্য*, পৃ.৬৮, ২য় সংস্করণ, ১৯৯৬ জুলাই।
৫। রবীন্দ্রনাথ ঠাকুর, *সংগীতচিন্তা*, পৃ.৮৭, সংস্করণ ২৫ বৈশাখ ১৩৯২।
৬। রাজ্যেশ্বর মিত্র—*প্রবন্ধ: সঙ্গীতকুশল আগরতলা*, পৃ.২৮, রবিপত্রিকা ১৩৫৮ বাংলা আশ্বিন।
৭। শাশ্বত ত্রিপুরা, *আমাদের ত্রিপুরা (সংস্কৃতিপত্র)* ১ম বর্ষ: ১ম সংখ্যা: বৈশাখ ১৩৭৭ বাং।

সহায়ক গ্রন্থপঞ্জী

১। রবীন্দ্রনাথ ঠাকুর, *সংগীতচিন্তা*, বিশ্বভারতী, বৈশাখ ১৩৭৩।
২। রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, *সঙ্গীত মঞ্জরী*, পশ্চিমবঙ্গ রাজ্য সংগীত আকাদেমী, নভেম্বর ২০০৯।
৩। শান্তিদেব ঘোষ, *রবীন্দ্রসঙ্গীত বিচিত্রা*, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, জুলাই ১৯৭২।
৪। ইতু বন্দ্যোপাধ্যায়, *যদুভট্ট ও তাঁর গান*, গ্রন্থকার, শ্রাবণ ১৩৯৭।
৫। কর্ণেল মহিম ঠাকুর (দেববর্মা), *দেশীয় রাজ্য*, ত্রিপুরা রাজ্য উপজাতীয় সংস্কৃতি গবেষণাকেন্দ্র ও সংগ্রহশালা ত্রিপুরা রাজ্য উপজাতীয় সংস্কৃতি গবেষণাকেন্দ্র ও সংগ্রহশালা ত্রিপুরা সরকার, জুলাই ১৯৯৬।
৬। লোচন শর্মা, সম্পাদনা ও ভাষান্তর রাজ্যেশ্বর মিত্র, *রাগতরঙ্গিনী*, নবপত্র, বৈশাখ ১৩৯১।
৭। কৈলাসচন্দ্র সিংহ, *রাজমালা বা ত্রিপুরার ইতিহাস*, অক্ষর পাবলিকেশনস্, ১ম সংস্করণ আশ্বিন ১৩০৩।
৮। রমাপ্রসাদ দত্ত, *ত্রিপুরার হোলি রাজ অন্তঃপুর থেকে রাজপথে* পৌণমী প্রকাশন, ২০০১।
৯। গোবিন্দনারায়ণ চট্টোপাধ্যায়, গঙ্গোপাধ্যায় হিমাংশুনাথ (সম্পাদনা), *রবীন্দ্রনাথ ও ত্রিপুরা*, ত্রিপুরা আঞ্চলিক শতবার্ষিকী সমিতি, আশ্বিন ১৩৫৮।
১০। অনিলধন ভট্টাচার্য (সম্পাদনা), *শাশ্বত ত্রিপুরা*, ত্রিপুরা দর্পন, ২০০১।

সহায়ক পত্রিকা

১। রাজ্যেশ্বর মিত্র—সঙ্গীতকুশল আগরতলা (প্রবন্ধ)।
২। রবি পত্রিকা, নব পর্যায় ১ম বর্ষ, প্রথম সংখ্যা, আশ্বিন ১৩৬৮ বাং, আগরতলা ত্রিপুরা।
৩। রাজ্যেশ্বর মিত্র—বৈষ্ণব পদকর্তা বীরচন্দ্র ও ঝুলনমঙ্গল গীতানুষ্ঠান (প্রবন্ধ)।
৪। রমাপ্রসাদ দত্ত, সেদিনের আগরতলা হারিয়ে গেছে ? (প্রবন্ধ), সময়, তৃতীয় বর্ষ, ষষ্ঠ সংখ্যা, ডিসেম্বর ১৯৮৬।
৫। নির্ঝরিণী দেবরায়, ত্রিপুরায় সাংগীতিক ঐতিহ্য (প্রবন্ধ), তীর্থযুগ, ১ম বর্ষ, ১ম সংখ্যা, পৌষ ১৯৮২।
৬। দ্বিজেন্দ্র চন্দ্র দত্ত, মহারাজ বীরচন্দ্র ও 'ভগ্ন হৃদয়ে'র রবীন্দ্রনাথ (প্রবন্ধ), শারদীয় রবি, ১৩৭০।
৭। দ্বিজেন্দ্র চন্দ্র দত্ত, সুরের সুরধুনী ঋতা শতাব্দীর ত্রিপুরা (প্রবন্ধ), গোমতী, তিনদশকের নির্বাচিত প্রবন্ধ, ত্রিপুরা সরকার, ফাল্গুন-চৈত্র ১৪১৪।
৮। বিকচ চৌধুরী, ত্রিপুরার শিল্পভাবনা—সেযুগে (প্রবন্ধ), কৃষ্টি ও সংস্কৃতির আগরতলা, ২০০৮।
৯। কার্তিক লাহিড়ী, রবীন্দ্রনাথের পকেট বুকে যদুভট্টের দুটি গান ও তৎপ্রাসঙ্গিক (প্রবন্ধ), ত্রিপুরা প্রসঙ্গ, জনসংযোগ ও পর্যটন অধিকার, ত্রিপুরা সরকার, মে ১৯৭৪
১০। রমাপ্রসাদ দত্ত, বৃহত্তর ত্রিপুরায় সঙ্গীতচর্চা ও সাধনা (প্রবন্ধ), রবি শারদীয় সংখ্যা, আগরতলা, ১৯৭৫।

গার্গী বক্সি, একজন গবেষিকা, রবীন্দ্রসংগীত বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, তত্ত্বাবধায়ক ড: তপশ্রী দাস।
Email: gaargidasbakshi@gmail.com

ধ্রুপদের উৎপত্তি ও ক্রমবিকাশ

লতা প্রসাদ

প্রাচীন ভারতবর্ষে নাগরিক (অভিজাত) গীতরীতিগুলির মধ্যে প্রবন্ধ গান ছিল মুখ্য। প্রবন্ধের অপর নাম পদগান। পদগান একক হতে পারে না—বহুপদের সম্মিলিতভাবে পদাবলী হতে পারে। বহুপদ বিশিষ্ট প্রবন্ধগুলি নাট্যাশ্রিত অর্থাৎ গীতিনাট্যের মত গাওয়া হয়। অপরপক্ষে, একপদী গানগুলি ভজনজাতীয় হয়ে থাকে, যেমন—চর্যাপদ, বিষ্ণুপদ ইত্যাদি। প্রবন্ধ বহুপ্রকার ছিল, যাদের মধ্যে ধ্রুপদ প্রবন্ধের রূপান্তর ঘটিয়ে ধর্মীয় ধ্রুপদ থেকে দরবারী রীতির 'ধ্রুবপদ' বা 'ধ্রুপদ'। প্রবন্ধাশ্রিত ধ্রুবপদ গান বিস্তারযোগ্য ছিল না, যার মধ্যে মানসিংহ তোমর প্রচারিত দরবারী ধ্রুবপদ মূলপদ ছাড়াও বিস্তার ক্রিয়া (বাঁট–বাঁটোয়ারা) আবশ্যিক ছিল। এই নিবন্ধে খুব সংক্ষেপে ধ্রুপদের উৎপত্তি ও বিকাশ সম্বন্ধে আলোচনা করা হয়েছে।

ধ্রুপদের উৎপত্তি

১৯৫৩ খ্রিষ্টাব্দে ভারতের সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ সংগীতশাস্ত্রী এবং সংগীত ব্যাখ্যাকার ড. বিমল রায় (১৩.০১.১৯১১–১১.০৪.১৯৯৭) ধ্রুপদ গানের জন্মসূত্র সম্পর্কিত গবেষণামূলক ধারাবাহিক নিবন্ধ দৈনিক ইংরেজি পত্রিকা *অমৃতবাজার*-এ প্রকাশ করেছিলেন। সর্বপ্রথম তিনিই প্রমাণ করেন, কিভাবে 'সালগ-সূড়' শ্রেণীর 'প্রবন্ধ' থেকে ধ্রুপদের উৎপত্তি ঘটেছিল।[১]

১২শ থেকে ১৪শ খ্রিষ্টীয় শতক পর্যন্ত প্রাচীন সালগ-সূড় প্রবন্ধ 'ধ্রুপদ-গান' নামেও প্রসিদ্ধ ছিল। কারণ, 'পদ-গান' হল একপ্রকার 'গীত-প্রবন্ধ' বা composition যা ছিল ঐ সময়ের আঞ্চলিক রাগ-তালে নিবদ্ধ সাংগীতিক রচনা।[২] সালগ-সূড় প্রবন্ধ সাতপ্রকার ছিল। যথা,—ধ্রুব, মঠ, প্রতি-মঠ, নিঃসারু, অড্ডতাল, রাস ও একতালী।[৩] 'ধ্রুব'-র নামানুসারে এই সাতপ্রকার সালগ-সূড় প্রবন্ধকে ধ্রুব পদগান এবং রচনাটিকে 'ধ্রুব পদ' বলা হতো। পদগুলির বৈশিষ্ট্য হল বিশেষ একটি পংক্তিতে 'ধ্রু' অক্ষরের উপস্থিতি। ধ্রুবপদ গানগুলি ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে প্রচলিত হলেও, এগুলি 'প্রবন্ধ' অর্থাৎ দেশী বা আঞ্চলিক গানের অন্তর্ভুক্ত হওয়ায়, অঞ্চল ভেদে ভাষা, ভঙ্গি, রাগ, তাল, ছন্দ প্রভৃতি প্রয়োগের পার্থক্য হতো।[৪] 'ব্রজভূমি'-র (গোয়ালিয়র থেকে মথুরা-বৃন্দাবন পর্যন্ত অঞ্চল) প্রচলিত ভাষাকে 'বৃজভাষা' বলা হয়। ফলে, ধ্রুব-পদ গানগুলি বৃজভাষায় রচিত হতো।

গোয়ালিয়র রাজ্যের অধিপতি মানসিংহ তোমর (১৪৮৫–১৫২৬ খ্রিঃ) ছিলেন উচ্চমানের সংগীতজ্ঞ। তাঁর সময়ে রাজ্যে বৃজভাষায় প্রচলিত গান প্রবন্ধ রচনার নিয়ম মেনে গাওয়া হতো না। বৃজভাষায় ধ্রুব-পদকে 'ধুরপদ' বা 'ধ্রুপদ' বলা হতো। তিনি তাঁর দরবারী সংগীতজ্ঞ এবং তৎকালীন উত্তর ভারতের শ্রেষ্ঠ 'ধ্রুব-পদ' গায়ক নায়ক বখ্সুর (যাঁকে ভুল করে 'বৈজু' বলা হয়ে থাকে) সহায়তায় নির্দিষ্ট নিয়ম দ্বারা দরবারী ধ্রুপদ-শৈলীর গান রচনার সিদ্ধান্ত নেন। যুদ্ধ-বিগ্রহে ব্যস্ত থাকা সত্ত্বেও তিনি ১৫০০ থেকে ১৫০৩ খ্রিষ্টাব্দের মধ্যে তাঁর রাজধানীতে একটি সর্বভারতীয় সংগীত সভার আয়োজন করেছিলেন। ভারতের সংগীত-নায়কগণ যেমন—নায়ক ভানু, নায়ক লোহং, নায়ক মাহ্মুদ, নায়ক বিজরণ, নায়ক পাণ্ডবী প্রমুখরা উপস্থিত ছিলেন।[৫] তৎকালীন সংগীত নায়কদের উপপত্তিক ও ক্রিয়াত্মক সংগীতের গুণগুলি মানসিংহ তোমর সংকলিত *মানকুতুহল* গ্রন্থের ফরাসী তর্জমা প্রাপ্ত ফকীরউল্লাহ রচিত *সংগীত দর্পণ* গ্রন্থে (১৬৬৬ খ্রিঃ) লেখনীবদ্ধ।[৬]

প্রাচীন ধ্রুপদের বৈশিষ্ট্য

স্পষ্ট না হলেও মানসিংহ তোমর রচিত *মান কুতুহল* গ্রন্থ থেকে 'ধ্রুপদ' সম্পর্কে কিছু আভাষ পাওয়া যায়—[৭]

১। গোয়ালিয়র বা ব্রজভূমির ভাষা 'বৃজভাষা' বা 'খোড়ী-বোলী'-তে ধ্রুপদ গাওয়া হবে। যদি সংস্কৃত ভাষায় ধ্রুপদ রচিত হয়, তবে তাকে 'মার্গ-গীত' বলা হবে।

২। ধ্রুপদের চারটি তুক্ থাকবে যথা—ধ্রুব অর্থাৎ স্থায়ী, অন্তরা, ভোগ বা সঞ্চারী এবং আভোগ। দুই তুকেরও ধ্রুপদ গাওয়া হত। যথা—তিউট এবং ফুলবন্ধ যা ছিল প্রকৃতির বর্ণনামূলক।[৮]

৩। ধ্রুপদের বিষয়বস্তু ছিল এইরূপ—রাজার প্রশংসা, প্রকৃতির বর্ণনা, নাদ-প্রশংসা, নায়ক-নায়িকার প্রশংসা, ঈশ্বরের গুণ-কীর্তন বর্ণনা করা।

৪। ধ্রুপদে ব্যবহৃত রাগ ও তাল—প্রচলিত সব রাগই ধ্রুপদে ব্যবহার্য। 'প্রসিদ্ধ একতালী' যা পরবর্তীকালে চৌতাল নামে পরিচিত। ঝম্প বা ঝাঁপতাল, সুরফাখ্ তাল, তেওড়া বা তীব্রা তাল, শিখর তাল প্রভৃতি তাল সমূহ ব্যবহৃত হয়। এছাড়াও অপ্রচলিত বেশ কিছু তালেও ধ্রুপদ গীতবদ্ধ।

৫। বিভিন্ন অঞ্চলভেদে ধ্রুপদের গাওয়ার ভঙ্গিও ভিন্ন, যা 'বান্' বা বানী নামে পরিচিত। তাই আঞ্চলিক ভেদে স্থানের নামানুসারে প্রধান চারটি বানী স্বীকৃত।[৯]

ধ্রুপদের বানী চতুষ্টয়

পূর্বোক্ত চারটি বাণী বা বান হল—গওহারী (গোয়ালিয়রী), ডাগরী বা ডাগর (দিল্লীর নিকটবর্তী 'দগড়' নামক স্থানের নামানুসারে), খাণ্ডারী (রাজস্থানের মালব রাজ্যের খণ্ডহার নামক স্থানের নামানুসারে)। পরবর্তীকালে চারটি বান বা বানীর মিশ্রিতভঙ্গি বা রূপ লক্ষ্য করা যায়, যাকে 'মিশ্র বান্' বা মিশ্রবানী বলে।

রাজা মানসিংহের সময় থেকে (১৪৮৬–১৫১৬ খ্রিঃ) গোয়ালিয়র পদ্ধতিতে গাইবার ঢঙ্ বা ভঙ্গি প্রাধান্য পেলো, ছন্দ হল গৌণ। তাঁর রাজসভায় পরিবেশিত গান মাগধী ইত্যাদি গীতির পরিবর্তে প্রাচীন শুদ্ধা, ভিন্না ইত্যাদি গান্ধর্বীয় গীতিগুলি প্রচলিত হতে থাকে। তারই ফলস্বরূপ গবারহার, খণ্ডার, ডগর, নৌহার এবং মিশ্র বান্—এই বানীগুলির পরিচয় পাই।

গান্ধর্ব সংগীতে প্রাচীন শাস্ত্রানুসারে দেখা যায় যে, ভাবের চেয়ে ছন্দের প্রাধান্য লক্ষণীয়। নাট্যশাস্ত্র রচনাকালে সুরের সাথে সাথে ভাব ও রস ক্রমাগত স্থান অধিকার করতে শুরু করে। 'দেশী' সংগীতে অনেক আগেই সুরের গুরুত্ব স্বীকৃতি পেয়েছিল। সালগ-সূড় প্রবন্ধ থেকে জাত ধ্রুপদ ছন্দ ও সুরের বৈচিত্র্যকে গ্রহণ করে। শুদ্ধা, ভিন্না, গৌড়ী, বেসরা, সাধারণী গীতি থেকে উৎপন্ন আঞ্চলিক ভঙ্গির মত পরবর্তীকালে আসে 'বান'—যা গোয়ালিয়র, খণ্ডার, ডগর, নওহার ও মিশ্র ভঙ্গি। গান্ধর্ব জাতি-গীতিগুলি সবই মাগধী, অর্ধমাগধী, সম্ভাবিতা, পৃথুলা প্রভৃতি থেকে ভাষা বিস্তার জন্মায়। ধ্রুপদের ক্ষেত্রে রাগালাপের পর পুরো গানটি গাওয়া হয় এবং তারপর রাগের স্বরূপের সঙ্গে সামঞ্জস্য রেখে সুরের সঙ্গে সামঞ্জস্য রেখে গমকের প্রয়োগ করা হয়। রাগের রূপ-পরিচয়, গতিবিধি ইত্যাদি সব মিলিয়ে প্রকাশ পায় ধ্রুপদের 'বান' বা 'বানী'। ধ্রুপদ গাওয়ার শেষান্তে এই বানী অনুসারে ছন্দের প্রয়োগ করা হয়। বানের উপর নির্ভর করে বাঁট-বাঁটোয়ারা-উপজ ইত্যাদি ছন্দাত্মক গীতি প্রয়োগ করা হয়। অবশ্যই সেগুলি সামঞ্জস্যপূর্ণ ভাবে করা হয়।

এরপর আসছি 'বান'-এর প্রকারভেদ আলোচনায়। প্রথম 'বান'-টি হল—'গওহরহার' বা গবারহার বান বা বানী। এটি গোয়ালিয়র অঞ্চলের বানী। এই অঞ্চলের গাইবার ঢঙ্ যাতে আঁস ও গীতের মীড়ের প্রাধান্য থাকে। এরপর খণ্ডার বান বা বানী—যা রাজস্থান অঞ্চল থেকে এসেছে এবং এতে গমক ও রেরকের (একপ্রকার অলংকার) প্রাধান্য থাকে। পাঞ্জাব অঞ্চলের গাইবার ঢং এবং যাতে ছুট, ঝটক্, পুকার ইত্যাদির প্রাধান্য যুক্ত বান বা বানী হল 'নওহার' বা নৌহার বান। ডগর বান বা বানী হল দিল্লীর নিকটবর্তী দ্বিগড় অঞ্চলের গাইবার ঢং বা স্টাইল যা সরল অলংকার যুক্ত।

পরবর্তীকালে ব্যবসায়ী গায়কদের কল্যাণে ধ্রুপদের এই বান্ বা বানী-বৈশিষ্ট্যগুলি মিলেমিশে এখন শুধু 'মিশ্র-বান' অর্থাৎ প্রাচীন দৃষ্টিতে 'সাধারণী গীতি' জীবিত রয়েছে।

উপসংহার

শাহজাহানের সময়কাল থেকে, যখন খয়াল বা খ্যাল সর্বপ্রথম দরবারী সংগীতের অর্ন্তভুক্ত হয়, তখন থেকেই একদিকে যেমন খয়াল গানের নানারূপ বিকশিত হতে শুরু করে তেমনি অপরপক্ষে ধ্রুপদের চর্চা ক্রমশ কমতে থাকে। ঔরংজেবের রাজত্বকালের শেষে মুঘল সাম্রাজ্য ক্রমশ ক্ষয়িষ্ণু হয়ে পড়ে, ফলে ধ্রুপদের মতন অভিজাত গীতপদ্ধতি চর্চা দিল্লীর দরবারে বিশেষ দেখা যেত না। ধ্রুপদ গায়করা ভারতবর্ষের বিভিন্ন প্রাদেশিক রাজ্যে জীবিকা অর্জনের জন্য দরবারী গায়করূপে নিযুক্ত হতে থাকেন। তার ফলে একদিকে যেমন ধ্রুপদের চর্চা কেন্দ্রীয় স্তর থেকে প্রাদেশিক স্তরে চর্চিত হতে থাকে এবং ফলস্বরূপ বহু আঞ্চলিক নাগরিক গানে ধ্রুপদের প্রভাব পড়তে শুরু করে। চারতুকের বাংলাগান তার ব্যতিক্রম নয়।

তথ্যসূত্র

১। ড. বিমল রায়, *ধ্রুপদ প্রসঙ্গে*, সম্পাদনা: ড. প্রদীপ কুমার ঘোষ (কলিকাতা, ইণ্ডিয়ান মিউজিকোলজিকাল সোসাইটি, ১৯৮৪), পৃ.২।
২। তদেব, পৃ.৩।
৩। তদেব, পৃ.৩।
৪। তদেব, পৃ.৪।
৫। দিলীপ কুমার মুখোপাধ্যায়, *দরবার নটী কলাবন্ত*, (কলিকাতা, এ. মুখার্জী এ্যাণ্ড কোং, ১৯৭৬), পৃ.৩৩।
৬। শ্রী রাজ্যেশ্বর মিত্র, *মুঘল ভারতের সংগীত চিন্তা*, (কলকাতা, লেখক সমবায় সমিতি, ১৯৬২), পৃ.৪১।
৭। তদেব, পৃ.৪১–৪৩।
৮। তদেব, পৃ.২৬।
৯। তদেব, পৃ.২৬।

গ্রন্থপঞ্জী

১। ড. বিমল রায়, *ধ্রুপদ প্রসঙ্গে*, সম্পাদনা: ড. প্রদীপ কুমার ঘোষ (কলিকাতা, ইণ্ডিয়ান মিউজিকোলজিকাল সোসাইটি, ১৯৮৪)।
১। তদেব।
২। তদেব।
৩। তদেব।
৪। তদেব।
৫। দিলীপ কুমার মুখোপাধ্যায়, *দরবার নটী কলাবন্ত*, (কলিকাতা, এ. মুখার্জী এ্যাণ্ড কোং, ১৯৭৬)।
৬। শ্রী রাজ্যেশ্বর মিত্র, *মুঘল ভারতের সংগীত চিন্তা*, (কলকাতা, লেখক সমবায় সমিতি, ১৯৬২)।
৭। তদেব।
৮। তদেব।
৯। তদেব।

গবেষিকা, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, কণ্ঠ সংগীত বিভাগ, গবেষণা নির্দেশিকা: ড. শুক্লা চ্যাটার্জী, প্রাক্তন সহযোগী অধ্যাপিকা, কণ্ঠ সংগীত বিভাগ, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়।
Email: lata.ahirvairo@gmail.com

শচীনকণ্ঠে লৌকিক ও শাস্ত্রীয় গায়নশৈলীর যুগ্মমিলন

সৌরভ রায়

প্রখ্যাত গায়ক ও সুরকার কুমার শচীনদেব বর্মণ শুধু বাংলার নয়, সমগ্র ভারতবর্ষের সঙ্গীত জগতের এক উজ্জ্বল নক্ষত্র। শাস্ত্রীয় সঙ্গীত ও লোক সঙ্গীত এই দুই বিষয়েই তিনি তাঁর কৃতিত্বের নিদর্শন রেখে গেছেন। তাঁর কণ্ঠে এই দুই শৈলীর সার্থক যুগ্ম মিলন সাধিত হয়েছে যা প্রকৃত অর্থেই তাঁর স্বকীয় শৈলীর পরিচয় বহন করে। সব সঙ্গীতশিল্পীরই কিছু ব্যাপ্তি আছে, আছে সীমাবদ্ধতাও। শচীনদেবের ক্ষেত্রেও তার ব্যাতিক্রম হয়নি। সব কিছুর নিরিখে বিচার করেই বলতে হয়, ভারতীয় সঙ্গীতে যে দৃষ্টান্ত তিনি রেখে গেছেন তা শুধু বিরল নয়, অনন্য।

শাস্ত্রীয় সঙ্গীত ও লোক সঙ্গীত এই দুই ধারাকে বর্তমান যুগে সঙ্গীতের পৃথক দুই ধারা বলেই আমরা চিহ্নিত করে থাকি। শাস্ত্রীয় সঙ্গীত হল পরিশীলিত সঙ্গীত, রাগ-রাগিনীর শুদ্ধতা ও স্বরপ্রয়োগের সূক্ষ্মতার নিরিখে তার ভালো মন্দ বিচার হয়। অপর পক্ষে লোকসঙ্গীত হল ভাবপ্রধান সঙ্গীত। গানের ব্যাকরণ অপেক্ষা তার ক্রন্দনপরতা ও ভাবপূর্ণ উচ্ছ্বাসই হল এই গানের মূল সম্পদ। এ কথা সত্য হলেও বর্তমান যুগের প্রেক্ষাপটে এই সঙ্গীতের ধারাকে বিচার করা যুক্তি যুক্ত নয়। প্রাচীন ভারতীয় সঙ্গীতের ইতিহাস পর্যালোচনা করলে আমরা দেখতে পাই লোকসঙ্গীতই হল ভারতবর্ষের প্রাচীনতম সঙ্গীত। শাস্ত্রীয় বা মার্গ সঙ্গীত বলতে আমরা যা বুঝি, তা লোকসঙ্গীত থেকেই উৎপন্ন হয়ে বহু বিবর্তনের মধ্য দিয়ে বর্তমানে স্বকীয় এক শৈলীতে রূপান্তরিত হয়েছে। অতএব, প্রবহমান কাল ধরে চলে আসা ভারতীয় সঙ্গীতের এই দুই ধারাকে পৃথক প্রেক্ষাপটে বিচার করা কার্যত অসম্ভব।

ত্রিপুরার রাজকুমার তথা প্রখ্যাত গায়ক ও সুরকার কুমার শচীনদেব বর্মণের কণ্ঠে এই দুই সঙ্গীত শৈলীর সার্থক যুগ্ম মিলন সাধিত হয়েছে। ভারতীয় সঙ্গীতে, বিশেষ করে বাংলা গানের জগতে এই দৃষ্টান্ত বিরল। শচীনদেবের কণ্ঠে শাস্ত্রীয় সঙ্গীতের মার্জিত ও পরিশীলিত রূপ ও লোকসঙ্গীতের আকুতি একই সাথে ধরা দেয় যা তাঁর স্বকীয় শৈলীর পরিচয় বহন করে। এই বিষয়ে আলোচনার সুবিধার্থে শচীনদেবের আত্মপরিচয় সংক্ষেপে আলোচনার প্রয়োজন।

সঙ্গীত শিক্ষার প্রথম সোপান

ত্রিপুরার রাজবংশের সন্তান হয়েও শচীনদেবের জন্ম রাজধানী আগরতলায় নয় কুমিল্লায়। তাঁর পিতা নবদ্বীপচন্দ্র রাজ সিংহাসন সংক্রান্ত বিবাদের জেরে আগরতলা থেকে নির্বাসিত হন ও কুমিল্লার চর্থা অঞ্চলে বসবাস করতে শুরু করেন। এখানেই ১৯০৬ সালের ১লা অক্টোবর শচীনদেবের জন্ম। পারিবারিক সূত্রেই সঙ্গীত সাধনায় তাঁর দীক্ষালাভ। জীবনের প্রথম পর্বে সঙ্গীত গুরু হিসাবে পান পিতা নবদ্বীপচন্দ্রকে। নবদ্বীপচন্দ্র ছিলেন সুকণ্ঠ ধ্রুপদ শিল্পী। সেতার বাদনেও তিনি ছিলেন সিদ্ধহস্ত। আত্মজীবনী 'সরগমের নিখাদ'-এ শচীনদেব লিখেছেন,

> "আমি আমার পিতৃদেবের ধাঁচে গড়া, তাঁর শিক্ষাই আমার মেরুদণ্ড। আমার কাছে বাবা ছিলেন সিদ্ধ মহাপুরুষ। তাঁর দীক্ষাতেই আমার এই সামান্য কলাবিদ্যার স্ফুরণ ঘটেছিল।"[১]

সুতরাং শাস্ত্রীয় সঙ্গীতের তালিম তিনি পারিবারিক সূত্রেই লাভ করেছিলেন। পরবর্তীকালে কলকাতায় বসবাস কালে অন্ধগায়ক কৃষ্ণচন্দ্র দে, ওস্তাদ বাদল খাঁ, ভীষ্মদেব চট্টোপাধ্যায়, শ্যামলাল ক্ষেত্রী, অমিয়নাথ সান্যাল প্রমুখ বিদগ্ধ সঙ্গীতগুণীদের সাহচর্য তাঁকে একজন সার্থক কণ্ঠশিল্পী রূপে গড়ে উঠতে সাহায্য করেছিল।

লোকসুরের দীক্ষা

শাস্ত্রীয় সঙ্গীতের পাশাপাশি তাঁর আরও এক সাধনার বিষয় ছিল লোকসঙ্গীত। পূর্ববঙ্গের জলহাওয়া ও লোক সাঙ্গীতিক পরিবেশের মধ্যেই তাঁর বড় হয়ে ওঠা। তাই এ সুরের আলাদা করে তাঁকে তালিম নিতে হয়নি। সহজিয়া মাটির সুর সহজাত ভাবেই তাঁর কণ্ঠে স্থান নিয়েছিল। কুমিল্লা ও তার পার্শ্ববর্তী অঞ্চল যথা, ব্রাহ্মণবাড়িয়া, তিতাস, পদ্মা, মেঘনা, মৈমনসিংহ, চট্টগ্রাম ইত্যাদি অঞ্চলে প্রচলিত লোকসুর তাঁকে গভীর ভাবে প্রভাবিত করেছিল। বাড়িতে শাস্ত্রীয় সঙ্গীতের পাশাপাশি ভৃত্য মাধবের কোল ঘেঁষে শোনা রামায়ণ, মহাভারতের সহজ সরল সুর, অথবা ভৃত্য আনোয়ারের মুখে শোনা দেহতত্ত্ব, ইশ্বরতত্ত্ব, রাধাকৃষ্ণের মিলন বিরহের বর্ণনা তাঁর শিশুমনকে আকৃষ্ট করত। আত্মজীবনীতে তিনি লিখছেন—

> "এরাই হল লোকসঙ্গীতে আমার প্রথম দুই গুরু—মাধব ও আনোয়ার। ওস্তাদী গানেতে গলা সাধতে হয় দস্তুরমত, তাতে সরগম, তাল, লয়, মীড় ও গমকের দরকার। কিন্তু আনোয়ারের গানে এসবের কোন বালাই ছিল না—সহজ সুরে মিষ্টি করে গেয়ে সে প্রাণ মাতিয়ে দিত। আমি মার্গসঙ্গীত যত পছন্দ করতাম, ঠিক ততখানি মাধব আনোয়ারের গানেও মুগ্ধ হতাম।"[২]

১৯২১ সালে ম্যাট্রিক পাশ করার পর কুমিল্লার ভিক্টোরিয়া কলেজে ভর্তি হন। শুরু হয় তার সঙ্গীতে মণিমুক্তো খোঁজার পালা। ফকির দরবেশের মাজার থেকে শুরু করে বাউলের আখড়া ইত্যাদি বহু জায়গায় ঘুরে সংগৃহীত বাউল, মুর্শিদ্যা, দরবেশী, দেহতত্ত্ব, মনস্তত্ত্ব, কীর্তন, আগমনী-বিজয়ার গান, মহরমের জারি, নীলপূজার গান, মনসার ভাসান, ঝুমুর, ভাটিয়ালী, মাঝিমাল্লার গান, কৃষ্ণলীলার বিচ্ছেদের গান, গৌর বিচ্ছেদের গান প্রভৃতি পরম আদরে নিজ কণ্ঠে তুলে নিয়েছিলেন। আত্মজীবনীতে তিনি লিখছেন—

> "পূর্ববঙ্গের এমন কোন গ্রাম নেই বা এমন কোন নদী নেই যেখানে আমি না ঘুরেছি। ছুটি ও পড়াশোনার ফাঁকে আমি

গান সংগ্রহ করতাম। আমার যা কিছু সংগ্রহ, যা কিছু পুঁজি সে সবই ঐ সময়কার সংগ্রহেরই সম্পদ।"[৩]

কণ্ঠে বাঁশির রেশ

কুমিল্লায় থাকাকালীন বাঁশিবাদক হিসাবেও তাঁর যথেষ্ট খ্যাতি ছিল। তবে এ বাঁশি আড়বাঁশি নয়, টিপরাই বাঁশি বা ত্রিপুরার বাঁশি। এখানে তাঁর বাঁশিবাদক পরিচয়টি গুরুত্বপূর্ণ কারণ টিপরাই বাঁশির সুরের সমতুল জোয়ারি শচীনদেবের কণ্ঠেও প্রতিধ্বনিত হতে শোনা যায়। এই বাঁশিতে সূক্ষ্ম সুর, ভাঙা স্বর, মুড়কি-খটকি চাল অনায়াসে ফুটে ওঠে যা শচীনদেবের গায়কিতেও আমরা পাই। বিশিষ্ট লেখক শ্রী খগেশ দেববর্মনের অভিমত—"টিপরাই বাঁশিই শচীনকর্তার কণ্ঠে জোয়ারির জন্ম দিয়েছে যা তানপুরার রেশের সমতুল।"[৪]

উদাহরণ স্বরূপ বলা যায়, 'তোমারি সাথে সুরে পরিচয়' গানটির কথা। গানটি দেশ রাগ অবলম্বনে হিন্দুস্থানী বন্দিশের আঙ্গিকে রচিত। মুড়কি-খটকি চাল অবলম্বনে গানটি শচীনদেব গেয়েছেন। কণ্ঠ প্রয়োগে টিপরাই বাঁশির জোয়ারির ভাবটি গানটিতে স্পষ্ট হয়ে ওঠে। প্রসঙ্গত উল্লেখ্য, কণ্ঠে বাঁশি সুলভ জোয়ারি থাকার কারণেই হয়তো তাঁর গানে বাঁশির কথা বার বার ঘুরে ফিরে এসেছে। যেমন, 'তুই কি শ্যামের বাঁশি রে', 'বাজে না বাঁশি গো', 'বন্ধু বাঁশি দাও মোর হাতে তে' ইত্যাদি গান। শুধু গানের ভাষাতেই নয়, গায়কীতেও বাঁশির ভাবটি স্পষ্ট।

কলকাতায় আগমন ও শাস্ত্রীয় সঙ্গীতের তালিম

১৯২৪ সালে এম.এ পড়তে এলেন কলকাতায়। ভর্তি হলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে। ১৯২৫ সালে কৃষ্ণচন্দ্র দে-র কাছে শাস্ত্রীয় সঙ্গীতের শিক্ষা শুরু করেন। তারপর একে একে সান্নিধ্যে আসেন ওস্তাদ বাদল খাঁ (কৃষ্ণচন্দ্র দে-র গুরু), ভীষ্মদেব চট্টোপাধ্যায়, শ্যামলাল ক্ষেত্রী, অমিয়নাথ সান্যাল প্রমুখ ব্যাক্তিদের। এঁদের সাহচর্য ও সম্যক তালিমে শাস্ত্রীয় সঙ্গীতে তিনি যথেষ্ট পারদর্শিতা অর্জন করেন।

কণ্ঠ বৈশিষ্ট্য

অবশ্য কৃষ্ণচন্দ্র দে-র মতো উদাত্ত কণ্ঠ তাঁর ছিল না। তাঁর ছিল মুড়কি-খটকি চাল সম্বলিত কিঞ্চিৎ আনুনাসিক কণ্ঠ। বিশিষ্ট প্রাবন্ধিক শ্রী কল্যানবন্ধু ভট্টাচার্য লিখছেন—

> "শচীন দেববর্মনের কণ্ঠ ছিল আশ্চর্যজনক সুরেলা যদিও তা কিঞ্চিৎ আনুনাসিক। স্বচ্ছন্দ বিহারের (glide) সহজাত ক্ষমতার অধিকারী শচীন দেববর্মণ সুরবিস্তার করে শ্রোতাকে এমন সুরের মর্মলোকে প্রবেশ করাতেন যা অভাবনীয়।"[৫]

এই প্রকার কণ্ঠস্বরে প্রধানত চটুল রাগ-রাগিণী গুলি বেশী খোলতাই হয়। পাহাড়ী, মান্ড, পিলু, ভৈরবী, কাফি, বাহার, রাগেশ্রী, ইত্যাদি রাগ এই কণ্ঠের পক্ষে ভীষণ ভাবে উপযুক্ত। প্রসঙ্গত উল্লেখ্য, তাঁর রাগপ্রধান গানগুলিতে রাগের গাম্ভীর্যপূর্ণ আলাপ ও বিস্তার অপেক্ষা চটুল স্বরক্ষেপণ ও লয়কারীর কাজই বেশী। সেরকম কিছু গান হল—'নতুন ফাগুনে যবে' (রাগেশ্রী), 'আলোছায়া দোলা' (বাহার), 'মম মন্দিরে এলে কে তুমি' (আড়ানা), 'ঊষার উদয়ক্ষণে' (জয়জয়ন্তী), 'যদি দখিনা পবন' (গান্ধার), ইত্যাদি।

অপরপক্ষে, গমক ও মীড় এর কাজ এইরূপ কণ্ঠে বিশেষ খেলে না। সেই কারণে শান্ত-গম্ভীর প্রকৃতির রাগ যেমন—টোড়ী, দরবারী কানাড়া, ললিত, ভৈঁরো, ইত্যাদি এই কণ্ঠে প্রায় অচল হওয়ায় তাঁর গাওয়া গানগুলিতে এই সব রাগের প্রয়োগ প্রায় হয়নি বললেই চলে এবং এখানেই তাঁর সীমাবদ্ধতা। অন্যদিকে, রাগ সঙ্গীতের যথাযথ তালিম থাকার কারণেই তাঁর গায়কীতে পরিশীলন ও পরিমিতি বোধ স্পষ্ট ধরা দেয় যার প্রভাব তাঁর গাওয়া লোকগান গুলিতেও উপস্থিত। শচীনদেবের লোকসঙ্গীত গুলিতে ভাব প্রকাশের আতিশয্য অনুপস্থিত। তাছাড়া সাধা গলায় গাওয়া গ্রাম্য লোকগীতির মেজাজ অন্যান্য সমসাময়িক শিল্পীদের থেকে ভিন্ন। সেই কারণেই তাঁর লোকগান গুলি মূলত 'ভদ্রাইত পল্লীগীতি'[৬] রূপেই স্বীকৃতি পেয়েছে। অবশ্য এর একটি অন্য কারণ ও বর্তমান। তাঁর অধিকাংশ গানের রচয়িতা মূলত বাংলার বিশিষ্ট কবি ও গীতিকারগণ (অজয় ভট্টাচার্য, হেমেন রায়, শৈলেন রায়, বিনয় মুখোপাধ্যায়, হিমাংশু দত্ত, কাজী নজরুল ইসলাম, গৌরিপ্রসন্ন মজুমদার, মোহিনী চৌধুরী প্রমুখ)। অধিকাংশ গানের সুরকার তিনি নিজেই, তবে কিছু গান এর সুর দিয়েছেন হিমাংশু দত্ত, কাজী নজরুল ইসলাম, মুকুন্দলাল দে প্রমুখ। সেই কারণেও তাঁর গানের ভাষা প্রচলিত লোকগানের অপেক্ষা অনেক বেশী মার্জিত ও গায়কীতে লোক সুরের wailing ভাবটি অক্ষুণ্ন রেখেও গানগুলি ভীষণ ভাবে পরিশীলিত। কল্যানবন্ধু ভট্টাচার্য লিখছেন—

> "লোকসঙ্গীতের নানা বৈচিত্র্য, স্বাভাবিক সংস্কার এবং সংঘাত অপেক্ষা কাব্যের পরিমিত বোধ ও সৌন্দর্য অন্বিষ্ট এই গানগুলি স্বাভাবিক ভাবেই সুসংস্কৃতির পোশাকে সুসজ্জিত।"[৭]

উদাহরণ স্বরূপ বলা যেতে পারে 'ওরে সুজন নাইয়া' গানটির কথা। মূল গানটি ভাটিয়ালীর সুরে রচিত। কিন্তু সুরের চলন অত্যন্ত মার্জিত। সুরবিস্তারের আতিশয্য কোথাও গানটির কাব্য সুষমাকে ছাপিয়ে যায়নি। এরকম আরও কিছু গানের উদাহরণ হল—'তুমি নি আমার বন্ধু রে,' 'নিশিথে যাইয়ো ফুল বনে,' 'বন্ধু বাঁশি দাও মোর হাতে তে,' 'কে যাস রে ভাটি গাঙ বাইয়া', ইত্যাদি।

বিশিষ্ট প্রাবন্ধিক শ্রী নারায়ণ চৌধুরী শচীনদেবের কণ্ঠ বৈশিষ্ট্য প্রসঙ্গে লিখছেন—

> "শচীনদেবের কণ্ঠে রাগসঙ্গীত ও লোকসঙ্গীতের সার্থক যুগ্ম মিলন সাধিত হয়েছিল। এইটেই হচ্ছে আদর্শ মিলন। ফলে তিনি যখন রাগ প্রধান গান গাইতেন সুরবিস্তারের কৃতিত্ব প্রদর্শন করা ছাড়াও কণ্ঠে ভাটিয়ালীর ঐতিহ্য থেকে পাওয়া সুরের সবটুকু মিষ্টত্ব ও মোহনিয়া ভাবটুকু ঢেলে দিতে পারতেন।"[৮]
>
> ". . . যখন ভাটিয়ালী দেহতত্ত্ব বর্গের গান গাইতেন, সাধা আর মাজা গলায় গাইতেন বলে তাঁর গানের আবেদন হতো একেবারে অন্যরকম—প্রচলিত ভাটিয়ালী-ভাইয়াইয়া-জারি-সারি গায়কদের পরি-বেশনা রীতি থেকে সম্পূর্ণ আলাদা।"[৯]

পরিশেষে বলতে হয় যে, কণ্ঠশিল্পী শচীনদেব বর্মণ তাঁর সমস্ত ব্যাপ্তি ও সীমাবদ্ধতার মধ্য দিয়েও এক স্বকীয় গায়নশৈলীর স্রষ্টা ও বাংলা তথা সমগ্র ভারতবর্ষের সঙ্গীত জগতে এক নতুন ধারার প্রবর্তক। একই কণ্ঠে শাস্ত্রীয় সঙ্গীত ও লোকসঙ্গীতের এই সার্থক যুগ্ম মিলন শুধু বিরল নয়, অনন্য দৃষ্টান্ত।

তথ্যসূত্র

১। খগেশ দেববর্মণ, *শচীন কর্তার গানের ভুবন*, প্রান্তিক, কলকাতা, ৯ মে ২০১১, তৃতীয় সংস্করণ, আশুতোষ লিথোগ্রাফিক কোম্পানি, পৃ.২২৪।

২। তদেব, পৃ.২২৬।
৩। তদেব, পৃ.২২৯।
৪। খগেশ দেববর্মণ, *শচীন কর্তার গানের ভুবন*, প্রান্তিক, কলকাতা, ৯ মে ২০১১, তৃতীয় সংস্করণ, আশুতোষ লিথোগ্রাফিক কোম্পানি, পৃ.৩৪।
৫। কল্যানবন্ধু ভট্টাচার্য, *শচীনকণ্ঠ, দেশ বিনোদন*, ১৩৮৫ বঙ্গাব্দ, পৃ.৯৫।
৬। তদেব, পৃ.৯৫।
৭। তদেব, পৃ.৯৫।
৮। নারায়ণ চৌধুরী, *ওস্তাদ আলাউদ্দীন খাঁ ও অন্যান্য*, বেণু প্রকাশনী, কলকাতা, ফেব্রুয়ারী ১৯৮২, প্রথম সংস্করণ, ষোড়শী প্রেস পৃ.৪৫।
৯। তদেব, পৃ.৪৫।

সঙ্গীত গবেষক, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়; গবেষণা নির্দেশক, মোহন সিং খাঙ্গুরা।
Email: sourav.santiniketan@gmail.com

অমূল্য সৃজনশীল শিল্পী—পরিতোষ সেন

প্রশান্ত দাঁ

আজীবন অবিচ্ছন্ন নিরলস চিত্র সাধনার মধ্যে দিয়ে পরিতোষ সেন চিত্রকলায় এক নতুন নন্দন চেতনা তৈরি করেছিলেন। তাঁর লেখা শিল্প প্রবন্ধ, গল্প, রম্যরচনা, স্মৃতিকথা বাংলা সাহিত্য ভাণ্ডারের সম্পদ বললে বোধ করি অত্যুক্তি করা হবে না। তাঁর লেখা পড়ে সত্যজিৎ রায় মুগ্ধ হয়ে বলেছেন, ছবি আঁকা ছেড়ে কেবল লিখলেও পরিতোষ সেন অমর হয়ে থাকবেন। সেই অমর শিল্পীকে নিয়ে লেখা বর্তমান প্রবন্ধ।

ভারতীয় চিত্রকলায় নতুন শিল্পচেতনার উন্মেষ ঘটিয়েছিলেন অবনীন্দ্রনাথ ঠাকুর । তাঁর অনুসৃত শিল্পশৈলী 'Neo-Indian Art' বা 'Neo Bengal School of Art' নামে সুখ্যাত। এই অনুপম শিল্পধারা তাঁর শিষ্য প্রশিষ্যদের মাধ্যমে এক সময়ে প্রায় সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছিল। কিন্তু বিংশ শতাব্দীর চল্লিশ দশকের গোড়ার দিকে কয়েকজন তরুণ রূপান্বেষী এই শিল্প চিন্তায় তাঁদের ছবির কোন পরিণতি দেখতে পেলেন না। কারণ দ্বিতীয় বিশ্বমহাযুদ্ধ, ১৯৪২ এর ভারত ছাড়ো আন্দোলন, ১৯৪৩ এর দুর্ভিক্ষ প্রভৃতি কারণে পুরনো মানবিক মূল্যবোধগুলো তাসের ঘরের মত ভেঙ্গে পড়েছিল। অন্যদিকে ইউরোপের নতুন শিল্প আন্দোলনগুলো এঁদের শিল্পবোধকে নবীন নন্দন ভাবনায় উজ্জীবিত করেছিল। এঁরা হলেন প্রদোষ দাশগুপ্ত, নীরদ মজুমদার, গোপাল ঘোষ, রথীন মৈত্র, সুভো ঠাকুর, প্রাণকৃষ্ণ পাল, হেমন্ত মিশ্র, সুনীল মাধব সেন, গোবর্দ্ধন আশ প্রমুখ আরও কয়েকজন। এঁরাই একত্রিত হয়ে ১৯৪৩ সালে গঠন করেন 'ক্যালকাটা গ্রুপ'। ভারতীয় আধুনিক চিত্রকলার সমৃদ্ধি ও প্রসারণে এই গ্রুপের সভ্যদের অবদান অমূল্য। এই শিল্পগোষ্ঠীর প্রুতিষ্ঠাতা সদস্যদের অন্যতম উজ্জ্বল ব্যাক্তিত্ব হলেন শিল্পী পরিতোষ সেন।

পরিতোষ সেনের জন্ম অবিভক্ত বাংলাদেশের ঢাকা জিন্দাবাহার লেনে ১৯১৮ সালে। স্কুলে শিক্ষাকালীন সময় থেকেই তিনি ছবি আঁকার দিকে ঝোঁকেন। ছবি আঁকার হাত খুব ভাল ছিল। ছবি দেখে সবাই খুব তারিফ করতেন। ১৯৩৫ সালে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাশ করার পর আর্ট স্কুলে ভর্তি হওয়ার বাসনা জাগে। ঢাকাতে পরিতোষ সেনের বাড়ির কাছে একটি পত্র পত্রিকার স্টল ছিল। এই স্টল মারফৎ তাঁর হাতে আসে সেই সময়কার বিখ্যাত ম্যাগাজীন—*প্রবাসী, ভারতবর্ষ*এবং *মডার্ণ রিভিউ*। এই সব পত্রিকায় নামী শিল্পীদের আঁকা ছবি ছাপা হত। অবনীন্দ্রনাথ ঠাকুর, নন্দলাল বসু, ক্ষিতীন্দ্রনাথ মজুমদার, অসিত কুমার হালদার প্রমুখ আরও অনেকের। তার মধ্যে দেবীপ্রসাদ রায়চোধুরী অঙ্কিত চিত্র তাঁকে সবচেয়ে বেশি আকর্ষণ করত। তাই মনে মনে ঠিক করেছিলেন যদি কারোর কাছে শিখতে হয় তো শিখবেন দেবীপ্রসাদের কাছে। দেবীপ্রসাদ তখন মাদ্রাজ (বর্তমান চেন্নাই) গভর্নমেন্ট স্কুল অব আর্টস এ্যান্ড ক্রাফটসের অধ্যক্ষ। তাছাড়াও চিত্রকর এবং ভাস্কর হিসাবে খ্যাতিমান। ওই আর্ট স্কুলে ভর্তি হওয়ার ইচ্ছেপ্রকাশ করে চিঠি লিখলেন। উত্তরে দেবীপ্রসাদ জানালেন, আর্টস্কুলে ভর্তি হতে গেলে একটা মান থাকা দরকার। সেটা তিনি বুঝবেন কি করে ? তাই কয়েকটি ছবি পাঠাতে বললেন। পরিতোষ সেন ছবি পাঠালেন। ছবি দেখে খুশী হয়ে দেবীপ্রসাদ জানালেন তাঁকে ভর্তি করতে কোন অসুবিধে নেই। পরিতোষ সেন মাদ্রাজে গিয়ে আর্টস্কুলে ভর্তি হয়ে দেবীপ্রসাদের শিষ্যত্ব গ্রহণ করেন এবং জীবনের শেষ দিন পর্যন্ত এই শিক্ষাগুরুর প্রতি তাঁর শ্রদ্ধা অবিচল ছিল।

১৯৪০ সালে মাদ্রাজ গভর্নমেন্ট আর্ট স্কুলের শেষ পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়ে পরিতোষ সেন ইন্দোরে Dally College-এ শিল্পী অধ্যাপক হিসাবে কাজ করেছেন একটানা ন বছর। তারপর ইউরোপে পাড়ি দেন ১৯৪৯ সালের সেপ্টেম্বর মাসে। প্রায় পাঁচ বছর একটানা প্যারিসে থাকার সময়ে ব্রাসেলসে তাঁর একটি একক চিত্র প্রদর্শনী হয়। আর আলাপ হয় দুই মহান শিল্পী Constantin Brancusi ও Pablo Picasso-র সঙ্গে। পরবর্তীকালে তিনি ফের প্যারিসে যান ১৯৩৯–৬৯ ফরাসী সরকারের আমন্ত্রণে। এরপর ১৯৭০ সালে আমেরিকায় যান জন ডি রক্‌ফেলার গ্রান্ট নিয়ে। পুনরায় মার্কিন মুলুকে যাত্রা করেন ১৯৮১–৮২ সালে মেল্যান্ড ইনস্টিটিউট অফ আর্ট, বালটিমোর-এ ভিজিটিং প্রফেসর হয়ে। এ ছাড়াও স্বদেশ বিদেশের বহু জায়গায় তিনি পরিভ্রমণ করেছেন পর্যটক হিসাবে কিংবা কর্মসূত্রে। এই অভিজ্ঞতা তাঁর শিল্প ও সাহিত্য মননকে গভীরভাবে ঋদ্ধ করেছে। একজন আদর্শ ছাত্রদরদী শিক্ষক হিসাবেও পরিতোষ সেন সুপরিচিত। ডিজাইন ও লে-আউট এর শিক্ষক হিসাবে তিনি পঁচিশ বছর যুক্ত ছিলেন যাদবপুরের রিজিওনাল ইনস্টিটিউট অফ প্রিন্টিং টেকনোলজি তে। শিক্ষকতা থেকে অবসর গ্রহণ করে ১৯৭৯ এ।

শিল্প চর্চার প্রথমভাগে পরিতোষ সেন অবনীন্দ্রনাথ ঠাকুর প্রবর্তিত শিল্পীরীতিতে বিশেষভাবে আকৃষ্ট হয়ে সেইভাবে ছবি আঁকতে শুরু করেছিলেন water colour wash technique-এ। পাশাপাশি gouache-রঙ দিয়ে Indian miniature painting এর মত করেও চিত্র রচনা করতেন। তবে রবীন্দ্রনাথ ঠাকুর, নন্দলাল বসু, বিনোদ বিহারী মুখার্জী, রামকিঙ্কর বেইজ, যামিনী রায় প্রমুখের ছবির সঙ্গে সম্যক পরিচয় হবার পর চিত্র চিন্তার মোড় ঘুরতে থাকে। অন্যদিকে French Impressionists and Post-Impressionists art movements তাঁকে দারুণভাবে প্রেরণা যুগিয়েছিল। পাশ্চাত্যের শিল্পীদের মধ্যে Picasso, Matisse, Paul Klee, Mexican painter Rufino-র চিত্রকলা অনুধাবন করে অনুপ্রাণিত হয়েছিলেন। তবে অনুপ্রেরণার ক্ষেত্রে পরিতোষ সেনের শিল্পকলায় একটা বড় জায়গা জুড়ে আছে Pablo Picasso। এ সম্পর্কে একটা সাক্ষাৎকারে তিনি বলেছেন, "Picasso's ideas were very dear to my heart and I learnt many lessons from him"। Picasso-র সঙ্গে তাঁর সাক্ষাতের অভিজ্ঞতা নিয়ে তিনি কয়েকটি লেখাও লিখেছেন।

এক সময়ে পরিতোষ সেন এই Picasso ও Braque প্রবর্তিত cubist রীতির সঙ্গে বাংলার লোকায়ত শিল্পের সংযোগ ঘটিয়ে চমৎকার

একটা visual language তৈরি করেছিলেন। তরমুজ রসিক, শস্য হাতে নারী, এই পর্বের দুটি উল্লেখযোগ্য ছবি। ছবিতে গতিশীল রেখার অসম্ভব জোর। মোটা রেখা দিয়ে গড়ে উঠেছে মানুষ, জীবজন্তুর অবয়ব। রেখা অন্তর্বর্তী জমি ভরাট করা হয়েছে loud warm colour দিয়ে। কিন্তু বিংশ শতাব্দীর ষাট সত্তর দশকের চিত্রমালায় ক্রমশ রেখা অন্তর্হিত হয়ে ছবি বর্ণ প্রধান হয়ে উঠেছে। এক রঙের সঙ্গে অন্য রঙের মাখামাখিতে বিমূর্তপ্রায় চিত্রে লক্ষ করা যায় আলো ছায়ায় অতীন্দ্রিয় খেলা। এই সময়ের ছবিগুলোর মধ্যে *Image in red*, *Ascending man*, *Bade Ghulam Ali Khan* বিশেষ উল্লেখযোগ্য। এক সময়ে cubism এর জ্যামিতিকতার সঙ্গে কালীঘাট পটচিত্রের সংমিশ্রণ ঘটিয়ে কিছু ছবি এঁকেছিলেন। এই অধ্যায়ের ছবির 'মধ্যে হুকো হাতে বাবু' এখনও স্মৃতিতে সজীব হয়ে আছে। কিছু ভাস্কর্যও করেছেন। সবকিছুর মধ্যেই একটা answering quality আছে, যা দর্শকের চেতনায় অভিঘাত সৃষ্টি করে তাকে চিত্রচিন্তার গভীরে প্রবেশ করতে প্রবুদ্ধ করে। আসলে বৈশ্বিক চেতনা (global conciousness) এবং মূল দৃষ্টি (original vision) থাকার জন্যে পরিতোষ সেন এমন একটা sensible visual language তৈরি করতে সমর্থ হয়েছিলেন এবং বলাই বাহুল্য তাঁর এই অবদান সমকালীন ভারতীয় শিল্পকলার বিস্তার ও বিবর্তনের ক্ষেত্রে বিশেষ তাৎপর্যপূর্ণ।

পরিতোষ সেনের ছবির বিষয়বস্তুতে লক্ষ করা যায় সমাজমনস্কতার সঙ্গে ন্যায়কেন্দ্রিকতা। ঢাকা থেকে কলকাতায় আসার পর থেকেই এই শহরের সঙ্গে আজীবন ছিল তাঁর নাড়ীর যোগ। ১৯৪৩ এ মানুষের তৈরি কৃত্রিম দুর্ভিক্ষ থেকে এই শহরের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক উত্থান পতন এবং তার সঙ্গে মানুষের মূল্যবোধের ওলট পালটকে real idealist এর মতো নিরীক্ষণ করেছেন এবং তার অনেক কিছুই রঙে রেখায় পটে প্রতিফলিত হয়েছে প্রগাঢ় সংবেদনশীলতার সঙ্গে। মূলতঃ খেটে খাওয়া মানুষ, সাধারণ মধ্যবিত্ত সমাজ এবং কিছু পশুপক্ষী ছবির রূপকল্পনার বিষয়। অবয়বপ্রধান এই সব ছবিতে চোখে পড়ে অসংখ্য আত্মপ্রতিকৃতি। আত্মপ্রতিকৃতির কথা উঠলে স্বভাবতই অনেকের মনে পড়বে রেমব্রান্ট কিংবা ভানগখের কথা। আমাদের দেশের প্রয়াত শিল্পী এবং পরিতোষ সেনের 'ক্যালকাটা গ্রুপ' এর সহযোগী গোবর্দ্ধন আশও জীবনভর অসংখ্য আত্মপ্রতিকৃতি এঁকেছেন রঙে ও রেখাচিত্রে। কিন্তু পরিতোষ সেনের আত্মপ্রতিকৃতি স্বতন্ত্র চরিত্রের। এগুলোকে নিছক আত্মপ্রতিকৃতির আখ্যায় চিহ্নিত করলে ভুল হবে। কারণ তিনি উপস্থাপনার মধ্যে দিয়ে আপামর সাধারণ মানুষের আনন্দ বেদনাকেই প্রকাশ করতে চেয়েছেন। নিজেকে বিভিন্নভাবে, বিচিত্র ভঙ্গিতে, নানান অভিব্যক্তিতে আকীর্ণ করে দরদী তুলির টানে এঁকেছেন। কখনও তিনি গালে হাত দিয়ে বসে নিবিষ্ট মনে ভাবছেন, কখনও এক ঝাঁক কুকুরের তাড়া খেয়ে পার্কের ভেতর উলঙ্গ অবস্থায় দৌড়চ্ছেন, কিংবা পিকাসো বা ভানগখের প্রতিকৃতি আঁকছেন। এ প্রসঙ্গ লিখে শেষ করা যাবে না। তাই আপাতত থামছি। শুধু আত্মপ্রতিকৃতিমূলক ছবি নয়, তাঁর রচিত শিল্প সমগ্রের একটা বড় লক্ষণ হল serious human crisis কে একটা নান্দনিক (aesthetic) সুখকর বিদ্রুপ (satire) এবং কৌতুক রসবোধ (humour) এর মধ্যে দিয়ে সংবেদনশীল করে তোলা। আজীবন অবিচ্ছিন্ন নিরলস চিত্র সাধনার মধ্যে দিয়ে পরিতোষ সেন চিত্রকলায় যে এক নতুন নন্দন চেতনা তৈরি করেছিলেন আজ তা নতুন করে বলার অপেক্ষা রাখে না।

গুরু দেবীপ্রসাদের মত পরিতোষ সেনেরও তুলির সঙ্গে কলম ছিল সতত সঞ্চরণশীল। কলম ধরার সূচনাটা একটু বলা দরকার। একবার বাল্যস্মৃতি লেখার জন্যে একটি পত্রিকা থেকে অনুরোধ এসেছিল পরিতোষ সেনের কাছে। অনেক ভেবেচিন্তে নিজের শৈশবের কথা লিখলেন। লেখাটি পড়তে দিলেন কয়েকজন সুহৃদকে। রচনাটি তাঁদের ভাল লাগেনি জেনে পরিতোষ সেন ভেঙ্গে পড়েননি। ভাবতে লাগলেন কিভাবে উন্নতমানের লেখা সম্ভব হতে পারে। সুন্দর ছবি আঁকার অনেক কলাকৌশল রপ্ত করেছিলেন। সেই অভিজ্ঞতার ভিত্তিতিই একদিন মনে হল, অনুভুতিকে যদি রঙ তুলির সাহায্যে প্রকাশ করা যায় তো শব্দের দ্বারা কেন তা করা যাবে না। একটা গাছকে তো কত সহজে এঁকে ফেলা যায়। দেখা যাক না শব্দ সমাহারে তাকে প্রকাশ করা যায় কিনা। এই ভেবেই আবার নতুন করে নিজের বাল্যস্মৃতি লেখেন। সেই লেখা পড়ে পূর্ব সুহৃদরা সবাই মুগ্ধ। এরপর থেকে তাঁর কলম সচল ছিল জীবনের শেষদিন পর্যন্ত। ইংরেজী ও বাংলা ভাষায় শিল্প-প্রবন্ধ, গল্প, রম্যরচনা, স্মৃতিকথা প্রভৃতি লিখেছেন বিভিন্ন পত্র পত্রিকায়। শৈশব স্মৃতি নিয়ে লেখা *জিন্দাবাহার* গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয় এবং দারুণভাবে পাঠকদের কাছে সমাদৃত হয়। এরপর এক এক করে প্রকাশিত হয় *আমসুন্দরী ও অন্যান্য রচনা*, *আলেখ্য মঞ্জরী*, *আবুসিম্বাল পিকাসো এবং অন্যান্য তীর্থ*, *কিছু শিল্প কথা*। এই লেখাগুলোকে বাংলার সাহিত্য ভাণ্ডারে সম্পদ বললে বোধ করি অত্যুক্তি করা হবে না। লেখা পড়ে মুগ্ধ সত্যজিৎ রায় বলেছেন, ছবি আঁকা ছেড়ে কেবল লিখলেও পরিতোষ সেন অমর হয়ে থাকবেন। তাঁর অঙ্কিত বর্ণময় সজীব ছবি ছড়িয়ে আছে দেশ বিদেশের বিভিন্ন সংগ্রহশালায়।

ছবি আঁকা, লেখা ছাড়াও এক সময়ে পরিতোষ সেন রবীন্দ্রনাথ ঠাকুরের হস্তাক্ষর থেকে ছাপার অক্ষর ডিজাইন করা যায় কিনা তা নিয়ে গবেষণা করেছেন। এ বিষয়ে ফরাসী বৃত্তি পেয়ে প্যারিসের একটি টাইপ ফাউন্ড্রিতে বসে একজন খ্যাতনামা টাইফোগ্রাফার এবং ডিজাইনার-এর সঙ্গে হাতেনাতে কাজও করেছেন। কিন্তু দুঃখের বিষয় অনিবার্য কারণে এর অগ্রগতি ফলপ্রসূ হয়নি। শিল্পীদের অধিকার ও স্বাধীনতা রক্ষায় যখনই প্রয়োজন হয়েছে তখনই নির্ভীক পরিতোষ সেনকে দেখা গেছে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে। কেয়াতলায় দেবীপ্রসাদ রায়চোধুরীর অস্থায়ী ষ্টুডিওকে ললিতকলার পূর্বাঞ্চল কেন্দ্র-রূপে স্থাপনে পরিতোষ সেনের তাৎপর্যপূর্ণ ভূমিকার কথা শিল্পমহলে অজানা নয়।



শিল্প ঐতিহাসিক ও শিল্প সমালোচক।
মোবাইল: ৯০০৭৭০২৭৩৩

Profile of Editorial Board Members

Dr Nupur Ganguly A first class first and a gold medallist in B.A. and a first class in M.A. in music from Rabindra Bharati University, Kolkata, Dr Ganguly did her PhD in Musicology and is the Assistant Professor of the Vocal Music Department of her alma mater. An 'A' Grade Artiste of All India Radio, Kolkata, she is on the expert committee of Calcutta University, Burdwan University, Nazrul University and CBSE Board. Dr Ganguly's work on UGC Major Research Project tilted *Preservation, Documentation and Evaluation of the Less Known Songs of Kazi Nazrul Islam* has drawn high appreciation from the authorities of Nazrul Academy, Bangladesh. Her publications include, amongst others, *Some aspects of Indian Musicology.* Dr Ganguly is one of the Vice-presidents of the Indian National Forum of Art and Culture and is the Editor of Wisdom Speaks. *Email: nupurgaguly.music@gmail.com *Website: www.nupurg.com*

Prof. Dr Rajashree Shukla Recipient of the University Gold Medal, both at the Graduate and Post Graduate level, Dr. Shukla is the Professor and Head, Dept of Hindi, Calcutta University, and teaches Hindi literature along with Modern Poetry in Hindi at her alma mater. Author of a number of publications, Dr Shukla holds executive positions in Bhartiya Bhasha Parishad, Bangiya Hindi Parishad, Apni Bhasha and is also a member of the Calcutta University Syndicate, among others. She is a member of the Editorial Board of Wisdom Speaks and in charge of the Hindi Section of the journal. *Email: rajashree.cu@gmail.com*

Prof. Dr Amal Pal A poet and critic, Pal is the author of a number of books. His appreciated works include, amongst others, critical works on Tagore Literature and Bengali poetry. Pal is the Professor and Head of the Department of Bengali, Visva-Bharati University, Santiniketan. He is a member of the Editorial Board of Wisdom Speaks and in charge of the Bengali Section of the journal. *Email: amalpal60@gmail.com*

Prof. Dr Sruti Bandopadhay A PhD from Rabindra Bharati University and D.Litt from Sangit Bhavan, Visva Bharati, Dr Bandopadhay is a 'Top' Grade artist of Manipuri Dance in Doordarshan. The holders of Fulbright Fellowship (2007) and the Commonwealth Fellowship (2012), Dr Bandopadhay was Professor in Dance at the Department of Dance, Rabindra Bharati University and is at present engaged as a Professor in Manipuri Dance at Sangit Bhavan, Visva Bharati. She is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email: srutibandopadhay@gmail.com*

Prof. Dr Sabyasachi Sarkhel An M.A., and PhD. in Instrumental Music from Rabindra Bharati University, Dr Sarkhel is the Professor in Sitar, Dept. of Classical Music and a former Principal, Sangit Bhavana, Visva-Bharati University, Santiniketan. An 'A' grade Artiste of All India Radio and Doordarshan (T.V), Prof. Dr Sarkhel is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email: sabyasachi.sitar@gmail.com*

Dr Leena Taposi Khan alias Mohoshsina Akter Khanom A PhD from the University of Dhaka, Bangladesh, Leena Taposi Khan did her M.Phil from the same university; M. Music and B. Music in Classical from the Visva- Bharati University, Santiniketan, India. She is an Associate Professor/Chairperson of the Department of Music of the Dhaka University and has to her credit many academic publications. Connected with various professional bodies in her country, Leena Taposi Khan is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email: leena631@hotmail.com*

Dr Tapu Biswas An Assistant Professor, Department of English and Other Modern European Languages, Visva-Bharati University, Santiniketan, Biswas is the Jt. Secretary , Shakespeare Society of Eastern India and Secretary of the Tagore-Gandhi Institute for Cultural Studies and Service-Learning. Author of several books , Biswas is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email tapu_biswas@yahoo.com*

Suktisubhra Pradhan A former Associate Professor of the Government College of Art and Craft, Kolkata, Pradhan is an accomplished painter. Recipient of many awards, she is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email: suktisubhrapradhan@gmail.com*

Sutanu Chatterjee An M.F.A. from Kala Bhavana, Visva- Bharati, and recipient of many prestigious awards, Chatterjee is an Associate Professor and teaches in the Sculpture Department, Kala Bhavana, Visva-Bharati University, Santiniketan. Chatterjee is a member of the Editorial Board of Wisdom Speaks. *Email: sutanu.chatterjee6@gmail.com*



Shyamal Baran Roy A former senior journalist of the Press Trust of India (PTI), Roy was the former President of the Calcutta Press Club. He is the Vice-president (Administration) of the Indian National Forum of Art and Culture and the Convenor of the Editorial Board of Wisdom Speaks. *Email: shyamalbroy@gmail.com*

Profile of Peer Body Members

Prof. Dr. Subhankar Chakraborty An acclaimed educationist, Prof. Dr Chakraborty was the Principal of Asutosh College, Kolkata and the Vice-Chancellor of Rabindra Bharati University, Kolkata. During his long career as an educationist, he has authored many books and received many awards.

Prof. Dr Bashabi Fraser Dr. Bashabi Fraser is the Professor of English and Creative Writing, Director of Scottish Centre of Tagore Studies, School of Arts and Creative Industries at Edinburgh Napier University. She specializes in Postcolonial Literature and Theory, Tagore Studies, Personal Narratives and Creative Practice.

Prof. Dr Neil Fraser Former Senior Lecturer in Social Policy, Edinburgh University (1971–2009), Neil is now an Honorary Fellow, School of Social and Political Studies, University of Edinburgh, Scotland, UK. His research project includes,amongst others, 'Social Security through Guaranteed Employment' (on MGNREGA in India) Social Policy and Administration, Nov. 2015.

Prof. Dr Guy L. Beck A historian of religions and a musicologist associated with Tulane University, USA, Prof. Beck has been researching on Indian vocal music for many years. His work titled *Sonic Theology: Hinduism and Sacred Sound* is regarded as a unique contribution to sacred sound in Hindu religious thought and practice.

Dr Pradip Kumar Ghosh An emnient musicologist of Bengal, Dr. Ghosh is a Ph.D. and D.Litt. in music; and has to his credit a number of publications on music. As an expert, he is associated with Visva-Bharati, Rabindra Bharati University, Calcutta University and State Music Academy (West Bengal).

Prof. Dr Sitansu Ray Professor Emeritus of Rabindra Sangit of the Visva-Bharati University, Dr. Roy has lectured widely in India and abroad at the invitation of various educational bodies including UGC. His publications on Tagore adorn several journals, anthologies and yearbooks.



Dr Krishnabihari Mishra Renowned Hindi writer, thinker, philosopher and the Jyanpeeth award winner Dr. Mishra was awarded honorary D.Litt. from Makhanlal Chaturvedi National University of Journalism and Communication, U.P., for his contribution in Hindi literature. He has taken a lead role in various universities in educational matters.

Sanjib Chattopadhyay Eminent Bengali novelist and writer of short stories, Chattopadhyay has also written fiction for children. His most famous novella *Swetpatharer Tebil* (*The Ivory Table*) is an example of his characteristic style of story-telling which mixes tension, dilemma, curiosity, pity, humor, and satire.

Ajay Bhattacharya A celebrated scholar and a philosopher, Bhattacharya has written and edited a number of books on comparative religion, philosophy and mythology. He has a number of CDs containing recitations and hymns from scriptures like the *Veda*, *Tantra* and *Vedanta*.

Jagannath Basu Thespian and a former Director, Doordarshan Kendra, Kolkata, Basu is one of the pioneers in Bengal who took the initiative to bring talk theater to a live on-stage environment, devoid of any sets, props and make-up,directly communicating with the audience purely by modulations of voice.

Prasanta Daw An eminent art historian and art critic, Daw has authored several books on art. He was awarded the *Paschim Banga Bangla Academy Life-Time Achievement Award* for his contribution in the field of visual art.



Release of the Dictionary on November 28, 2015 at Calcutta

From L. to R. Hon'ble. Mr. Justice Joymalya Bagchi of Calcutta High Court; Hon'ble. Mr Justice Altamas Kabir, former Chief Justice of India; the author; and Hon'ble. Mrs. Justice Manjula Chellur, Chief Justice of Calcutta High Court.

Gan Choudhury's
Medico-Legal Dictionary and Jurisprudence

First Edition, January 2016

Tapash Gan Choudhury

V I E W S

"The pursuit of legal endeavours by all those involved relating to medicine and health care requires the study of a medical dictionary which not only defines a particular medical word in the science of medicine with accuracy but discusses various aspects emerging out of that word based on medical and, where found necessary, with legal analysis. *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence* serves this purpose exceedingly well. ... The dictionary will be of immense value to the consumers and distributors of medical and health care services, social security investigators, lawyers and judges dealing with medico-legal cases".

P.N.Bhagwati, Former Chief Justice of India

"Finally, a well-researched dictionary with medico-legal analysis of various words used in the science of medicine, amongst others, has has ben presented by Tapash Gan Choudhury. The genius and usefulness of *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence* is that issues involving the use of many medical terms have been analysed with sound and balanced judgment".

Altamas Kabir, Former Chief Justice of India

"This book of utility and quality is an excellent contribution not in one field but in three. It has an integrated approach of three related subjects of Law, Medicine and Jurisprudence. This dictionary is quite expansive besides being comprehensive, defining words/terms in as many words as required, not less not more, touching various aspects including their import and impact in terms of law. Wherever necessary, they are supported by judicial pronouncements as to how they are read, understood and interpreted".

Shivaraj V. Patil,Former Judge, Supreme Court of India

Medical jurisprudence is getting importance now-a-days with the terms like DNA, brain mapping and lie detection etc coming into picture in many cases. There is need for more awareness on medical jurisprudence with many cases of medico-legal nature coming before the courts. The book *Gan Choudhury's Medico-Legal Dictionary and Jurisprudence*, a rare publication, would throw light on many grey areas helping the practitioners in legal and medical profession. The dictionary would come to immense help in the administration of justice.

Manjula Chellur, Chief Justice, Calcutta High Court

inkdia Books

BE - 277, Salt Lake City, Kolkata - 700 064
(M) - 9830503409
E - inkdiabooks@gmail.com

INDIAN NATIONAL FORUM OF ART AND CULTURE

Administrative Ofiice:
P. 867, BLOCK 'A' , LAKE TOWN , KOLKATA 700 089
***E-mail** : infac05@gmail.com ***Web**: www.infac.co.in
Tel. No. (033) 2534 4200
Mobile - 9830266029

Printed and published by Shyamal Baran Roy on behalf of Indian National Forum of Art and Culture (owner) and printed at Photo Process, 13-M/1B, Ariff Road, P.S. Ultadanga, Kolkata 700067 and published at P 222, Block 'A', Lake Town, P.O. and P.S. Lake Town, Kolkata 700089.
Editor: Dr. Nupur Ganguly